Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'ডি'
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ১০

বর্ষ ৩৮ সংখ্যা ৩৭ কলকাতা শুক্রবার, ১৩ এপ্রিল ২০১৮/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ২৯ চৈত্র ১৪২৪ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

## রাজ্যে ৫৭৭৮ গ্রামীণ ডাক সেবক

পশ্চিমবঙ্গ জুড়ে ৫,৭৭৮ জন গ্রামীণ ডাক সেবক নিয়োগ করবে ভারতীয় ডাক বিভাগ। পুরুষ-মহিলা উভয়ই আবেদন করতে পারেন। নিয়োগ হবে ওয়েস্ট বেঙ্গল পোস্টাল সার্কেলের বিভিন্ন ডিভিশনে— ব্রাঞ্চ পোস্ট মাস্টার, মেল ডেলিভারার, মেলম্যান, প্যাকার এবং স্ট্যাম্প ভেন্ডর পদে। দেশের প্রত্যন্ত অঞ্চলগুলিতেও ডাক পরিষেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে দেশজুড়ে গ্রামীণ ডাক সেবক নিয়োগের এই সিদ্ধান্ত নিয়েছে ভারতীয় ডাক বিভাগ। উল্লেখ্য, পুরনো বিজ্ঞপ্তি নম্বর RECTT/R-100/ONLINE/GDS/VOL-III অনুসারে ৪,৯৮২টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া বাতিল করা হয়েছে এবং নতুন বিজ্ঞপ্তিতে আরও ৭৯৬টি শূন্যপদ অন্তর্ভুক্ত করা হয়েছে। পুরনো বিজ্ঞপ্তি অনুসারে যাঁরা আবেদন করেছিলেন তাঁদেরও পুনরায় আবেদন করতে হবে। তবে আবার নতুন করে রেজিস্ট্রেশন করার প্রয়োজন নেই। আগের রেজিস্ট্রেশন নম্বরের ভিত্তিতেই অনলাইন আবেদন করা যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর Rectt/R-100/Online/GDS/VOL-VI.

**মোট শূন্যপদ:** ৫,৭৭৮টি (সাধারণ ২,৭৬০, তফসিলি জাতি ১,১৮৪, তফসিলি উপজাতি ২৮৬, ও বি সি ১,৩২৮, শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ৮৬, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী ৮৩, দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী ৫১)।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ। প্রার্থীর কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকতে হবে এবং কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ৬০ দিনের কম্পিউটার প্রশিক্ষণের সার্টিফিকেট থাকতে হবে। তবে কম্পিউটার সার্টিফিকেট না থাকলেও আবেদন করা যাবে। নিয়োগের সময় এই সার্টিফিকেট জমা দিতে হবে।

**বয়স:** ৫-৪-২০১৮ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ বছরের ছাড় পাবেন।

গ্রামীণ ডাক সেবক (ব্রাঞ্চ পোস্ট মাস্টার) পদে নির্বাচিত প্রার্থী যদি সংশ্লিষ্ট অঞ্চলের বাসিন্দা না হয়ে থাকেন, তাহলে, কাজে যোগদানের আগে তাঁকে সংশ্লিষ্ট শাখা ডাকঘর-সংলগ্ন গ্রামে বসবাসের ব্যবস্থা করতে হবে। এই মর্মে প্রার্থীকে আবেদনের সময়ই একটি ঘোষণাপত্র জমা দিতে হবে। ব্রাঞ্চ পোস্ট মাস্টার ছাড়া বাকি

*এরপর চোদ্দোর পাতায়*

## রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর

সাব-ইনস্পেক্টর এবং মহিলা সাব-ইনস্পেক্টর পদে ১,৫২৭ জনকে নেবে পশ্চিমবঙ্গ পুলিশ। নিয়োগ করা হবে আন-আর্মড ও আর্মড ব্রাঞ্চে। মহিলারা কেবল আন-আর্মড ব্রাঞ্চের জন্য আবেদন করতে পারবেন। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড। ২ বছরের প্রবেশন। উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'র ৩০ মার্চ সংখ্যায় 'পশ্চিমবঙ্গ পুলিশে ৬১০০ কনস্টেবল ও সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে আগ্রহী প্রার্থীদের অবগতির জন্য এই নিয়োগের খবর আগাম জানানো হয়েছিল। ইতিমধ্যে সাব-ইনস্পেক্টরের শূন্যপদের সংখ্যা ৮০০ থেকে বেড়ে হয়েছে ১,৫২৭টি।

**শূন্যপদের বিন্যাস:** আন-আর্মড ব্রাঞ্চ: মোট ১,১৯৪টি। পুরুষ: ১০৪৪টি (সাধারণ ৫৭৪, তফসিলি জাতি ২২৬, তফসিলি উপজাতি ৬০, ও বি সি-এ ১১০, ও বি সি-বি ৭৪), মহিলা: ১৫০টি (সাধারণ ৮৩, তফসিলি জাতি ৩৩, তফসিলি উপজাতি ৯, ও বি সি-এ

*এরপর চোদ্দোর পাতায়*

## ১,৬৫০ মাধ্যমিক পাশ তরুণ-তরুণীকে
### নিখরচায় সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের প্রশিক্ষণ

১,৬৫০ জন তরুণ-তরুণীকে নিখরচায় সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ-সংক্রান্ত প্রশিক্ষণ দেবে রাজ্যের কৃষিজ বিপণন ডিরেক্টরেট। রাজ্যের ২২টি কেন্দ্রে তিনটি পর্বে এই প্রশিক্ষণ দেওয়া হবে। প্রতি পর্বে আসনসংখ্যা ৫৫০টি। প্রশিক্ষণের মেয়াদ আড়াই মাস। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড দেওয়া হবে। সফল প্রশিক্ষণ শেষে প্রার্থীদের সার্টিফিকেট প্রদান করা হবে। প্রথম দফার প্রশিক্ষণের আবেদনপত্র গ্রহণ শুরু হয়েছে।

**স্টাইপেন্ড পাওয়া যাবে**

প্রথম দফার প্রশিক্ষণ দেওয়া হবে ২৩ এপ্রিল থেকে ৬ জুলাই পর্যন্ত। প্রথম দফার প্রশিক্ষণের ক্ষেত্রে শুধু মহিলারা আবেদন করবেন। দ্বিতীয় দফার প্রশিক্ষণ দেওয়া হবে ২৩ জুলাই থেকে ৫ অক্টোবর পর্যন্ত। এই দফায় প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন মহিলা ও পুরুষ উভয়েই। তৃতীয় দফার প্রশিক্ষণ দেওয়া হবে ২৯ অক্টোবর থেকে ১১ জানুয়ারি পর্যন্ত। এই দফার

*এরপর নয়ের পাতায়*

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীদের ভবিষ্যৎ গড়ার পাতা

TIEM®
100% JOB GUARANTEE
Else Money Back Disclaimer*
Govt. Reg. : S/2L/No. 33016

কোর্স করলেই চাকরী

বর্তমান পরিস্থিতে উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার শেষ ঠিকানা Hotel & Hospitality Management, সাধারণ থেকে মধ্যবিত্ত সবার নজরে আজ Hotel & Hospitality Management, কারন এখানে কোর্স করতে করতে চাকরীর সুযোগ ছাড়াও থাকছে নুন্যতম কোর্স ফি। একটি ছেলে বা মেয়ে যখন নিজেকে সমাজে প্রতিষ্ঠিত করে তখন তার বয়স হয় ২৬-৩০ বছর। কিন্তু Hotel বা Hospitality Management কোর্স করে একটা ছেলে বা মেয়ে ২০ বছর বয়সের মধ্যেই নিজেকে সমাজে প্রতিষ্ঠিত করতে পারে।

Hotel & Hospitality Management

অনান্য College থাকতে কেন TIEM-এ ভর্ত্তি হবেন ?

- ভর্তির সময় Job bond Letter.
- Bank Loan-এর ব্যবস্থা ও চাকুরী পাওয়ার পর পরিশোধ করার সুবিধা।
- Instalment এ Course Fees দেওয়ার সুবিধা।
- নূন্যতম Course Fees এবং অফুরন্ত সুযোগ।
- Fully AC Campus.
- wi-fi connectivity.
- Free Separate Hostel facilities for Girls & Boys.
- Regular Industry visit.
- Concession for SC/ST/OBC/Girls
- Books & Uniform Free



14.04.2018 থেকে 24.04.2018 তারিখের মধ্যে ভর্তি হলে Scholarship-এর সুব্যবস্থা

Tamluk Campus :
Hospital More, Tamluk,
Purba Medinipur
9134049034/9002469602

Kolkata Campus :
6, Seal's Garden Lane
Kolkata - 700 002
9134050664/7548027134

Visit : www.tiem.co.in

রবীন্দ্র পাঠ ভবন™
AN ISO 9001:2015 CERTIFIED ORGANISATION
NATIONAL SKILL DEVELOPMENT CORPORATION
NSDC, NCVT , BSS (Govt. Of India)
WEST BENGAL STATE COUNCIL OF TECHNICAL EDUCATION

Admission Going On

Retail Operations, Beauty Therapy & Hair Styling, Tailor (Basic Sewing Operator), Junior Land Surveyor, Plumbing, Works Supervisor, Accounting, Spoken English & Communication Skill, DTP and Print Publishing Assistant, Architecture & Civil 2D, Drafting with AUTOCAD, Bedside Assistant Basic of Anatomy & Physiology, Nursing Aides, Operation Theatre (OT) Technician. 100 % Placement
Cont.: 9874089945 / 8335066915

নার্সিং ট্রেনিং
ANM - NURSING ( 2 YEARS)
মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক পাশ মেয়েরা নার্সিং কোর্সে ভর্তি হয়ে নিজেদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। 100 % Placement
KALYANI, B/12 SAPTAPORNI CENTRAL PARK. (M) 8335066916



বিউটিশিয়ান ট্রেনিং
কোর্স ফি সাধ্যের মধ্যে এবং সহজ কিস্তিতে নেওয়া হয়,
100% Placement এর সুবিধাযুক্ত (M) 8335066916

মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং
এন্ড চাইল্ড রিসার্চ ইনস্টিটিউট (Govt. Of India)
Perfect Teacher এর জন্য এই ট্রেনিং
✓ Minimum Qualification - H.S
→ 9830084759



HEAD OFFICE: BELGHARIA, 2ND RAIL GATE, 033-2541-2244 / 8335066915
E-mail rabindra_path_bhaban@yahoo.co.in web: rabindrapathbhaban.info

## ইসরোয় ১৭১
### জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার

জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট এবং স্টেনোগ্রাফার পদে ১৭১ জনকে নিয়োগ করবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রীয় সরকারের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে ইসরোর বিভিন্ন ইউনিট এবং মহাকাশ দপ্তরে। প্রার্থী বাছাই করবে ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট বোর্ড। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ISRO HQ: ICRB: 02: 2018.

**শূন্যপদের বিবরণ:** পোস্ট নম্বর ১: জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট: ইসরোর ইউনিট অনুসারে শূন্যপদ: আমেদাবাদ: ১৯টি (সাধারণ ১২,

*এরপর চোদ্দোর পাতায়*

## ন্যাশনাল সিডস কর্পোরেশনে ১৬৯

১৬৯ জন ম্যানেজমেন্ট ট্রেনি, সিনিয়র ট্রেনি ও ট্রেনি নেবে ন্যাশনাল সিডস কর্পোরেশন। নিয়োগ করা হবে প্রোডাকশন, মার্কেটিং, হিউম্যান রিসোর্স-সহ বিভিন্ন শাখায়। প্রথমে এক বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ:** ম্যানেজমেন্ট ট্রেনি: প্রোডাকশন: শূন্যপদ: ২৭টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারের বি এসসি, সঙ্গে এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। অথবা

*এরপর পনেরোর পাতায়*

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কর্মক্ষেত্র
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৩৭ □ ১৩ এপ্রিল ২০১৮

ই-মেল ঠিকানা
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

**এয়ারপোর্টে বিভিন্ন পদে চাকরি**
কলকাতা, দিল্লি ও গোয়া, বেঙ্গালুরু মুম্বই এয়ারপোর্টে এয়ারহোস্টেস গ্রাউন্ড স্টাফ (CSA, PSA, Tag Boy, Loader), ও Driver টিকেটিং ইত্যাদি পদে Zet Airlink ২০১০ সাল থেকে চাকরি দিয়ে আসছে। ওইসব পদে চাকরি করতে ইচ্ছুক প্রার্থীরা ভারতের ১ নং প্লেসমেন্ট অ্যাসিস্ট, আই. এস. ও. (৯০০১ঃ ২০১৫) সার্টিফায়েড ইনস্টিটিউটে সরাসরি ইন্টারভিউয়ের জন্য আসুন। ক্লাস এইট পাশ/মাধ্যমিক পাশ/ H. S. পাশ/ গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা যোগ্য। বয়সসীমা ১৮-৩২। শুরুতে ১৫ দিনের ট্রেনিং। সরাসরি ইন্টারভিউ হবে ১৩ এপ্রিল থেকে ২০ এপ্রিল পর্যন্ত। আসন সংখ্যা: ২০টি। যোগাযোগ: Zetairlink, Chinar Park, New Town, Pinnacle Tower (5th Floor), Besides Spencers Mall, Kolkata-700 136. Mob: 89610-99980 (HR, Annu). (033) 4602-0377. Website: www.zetairlink.com (বিঃ দ্রঃ- বিস্তারিত তথ্য জানতে চোখ রাখুন CTVN চ্যানেলে প্রতি বৃহস্পতিবার রাত ৮.৩০ - ৯.০০টা লাইভ শো) ও R Plus News চ্যানেলে প্রতি শনিবার বিকেল ৫.৩০-৬টা লাইভ Programme.

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক থেকে স্নাতক। বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। বেতন: ১২,৭০০ থেকে ১৯,৩০০ টাকা + EPF, ESIC, Medical. প্রয়োজনে অনভিজ্ঞদের কাজ শিখিয়ে স্পট জয়েনিংয়ের ব্যবস্থা। IPC, Kol-91, কলকাতা: 98742-35889, হাওড়া: 86979-48348, দুর্গাপুর: 97351-46325, বর্ধমান: 84361-40813, বীরভূম: 74777-93464, মুর্শিদাবাদ: 74777-93465.

□

**সুবর্ণ সুযোগ সকলের জন্য**
www.gcajob.co.in যোগ্যতা: ৪র্থ-বি. এ। প্রতিটি জেলায় ATM/ শপিং মল/ Tower/ নার্সিং হোম/ BANK ও MNC-তে বিনা ডোনেশনে অফিসে বসে স্থায়ী কাজ। বয়স: ১৮-৪৮। বেতন: 11,200/- – 28,700/-, ESI+PF. গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১৪ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।
□□□
২৭ এপ্রিল কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২১ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94.

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

□

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা**
**বেতন: 10,600/- –28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি**
**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই**
হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 নৈহাটি ও কল্যাণী: 74497-02185 দমদম ও ডানলপ: 97484-94791 বনগাঁ ও বারাসাত: 84208-88113 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654, গড়িয়া ও সোনারপুর: 86976-16060 বজবজ ও ঢাকুরিয়া: 86976-16100 Need Counseling, ডানলপ-108.

□

**এয়ারপোর্ট ও মেট্রো**
গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

**স্থায়ী চাকরি**
জেলায় জেলায় ATM গার্ড টাওয়ার Co, নার্সিং হোম প্রাইভেট Co হোটেল শোরুমে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. RGS, 11C, R M Lane, Kol-09. 84364-85750.

□

**আর্জেন্ট ভ্যাকান্সি**
সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সম্পূর্ণ বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম - স্নাতক। বেতন: 14,500/- – 42,700/-. সত্বর যোগাযোগ করুন। M: 77975-75900, D. L. Corporate, P/25, CIT Road, Kol-54.

□

CHROME Requires smart and experience Salesmen and Supervisori for its retail footwear Showrooms in Kolkata (Hatibagan, Khanna, Hedua), CHROME INDIA TANNERY, Address: 16, Rabindra Sarani, Kol-700 001. Mob: 99035-14345.

□

**লিখিত স্ট্যাম্প পেপার সহিত কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্ট ও মেট্রোরেলে**
নিয়োগ চলছে বিনা ডোনেশনে। যোগ্যতানুযায়ী পদ ও বেতন ৮ম-স্নাতক। বেতন: 16,500/- – 43,200/- বয়স: 18-45, পদ: গ্রাউন্ড স্টাফ, এসি মেকানিক, লেবার, হেল্পার, SV, চেকিংবয়, ট্রলিবয়, আরও অন্যান্য। থাকা খাওয়া কোম্পানির, PF, ESI, OT বোনাস অন্যান্য। S.P. 19, A. S. R. Kol-10, M: 96793-93154.

□

## কর্মখালি

**URGENT VACANCY**
**ফোন করে নিজের ভবিষ্যৎ নিজে গড়ুন**
**গ্যারান্টি-সহ স্থায়ী কাজ এবং 4 দিনে স্পট জয়েনিং**
**Govt. Regd. L. No.: WB-3045**
উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সম্পূর্ণ বিনা ডোনেশনে সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কন্ট্রাক্টরের অধীনে AIRPORT, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরাসরি Direct পে-রোলে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 45,600/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। M:77185-43880, S.T.Rd, Nowa Para, শ্যামনগর, Sana Corporate.

□

**BANKING প্রসেসে 43 জন কম্পিউটার অপারেটর**
চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী অফিসিয়াল পদে KYC Update করতে ন্যূনতম H.S পাশ (18-32) ব্যাঙ্ক অফিস Executive নিয়োগ। বেতন: 8,435/- – 12,770/-. Innovative Technology, P. W. D. Rd., Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

**DISH TV/JIO/VODA কাস্টঃ কেয়ারে বাংলাভাষী নিয়োগ**
টার্গেট ও নাইট শিফট ছাড়া কাস্টমার কেয়ারে অফিসিয়াল স্থায়ী সঠিক তথ্য প্রদানের জন্য MP-Graduate (18-35) ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। বেতন: যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 10,950/- + অন্যান্য সুবিধা। IIFA, 1, Airport, Kolkata-28, দমদম: (H.O ): 84206-66060, বর্ধমান: 98301-88881, গড়িয়া: 90020-33880, শিলিগুড়ি: 98307-71003, দমদম (উঃ): 99032-23211.

□

SBI/UCO-ব্যাঙ্ক/JIO-4G/Vodafone-এ অফিসিয়াল স্থায়ী পদে স্মার্ট বাংলাভাষী M.P-M.A (18-34) ছেলে/মেয়ে শীঘ্রই/সরাসরি চাই। বেতন: 10,850/- –28950/- (PF + ESI +INC + থাকা) W2C, 111, F. Rd, Kol-56. দমদম/হাওড়া: 83348-59516 ব্যারাকপুর/বর্ধমান: 90629-77779.

□

Naptol/Airtel 4G কাস্টমার কেয়ারে বাংলো জানা M/F চাই। বেতন: INC + OT সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol- 91. M: 98745-28327.

□

Adarsh Diagnostic Pvt. Ltd. Haripal (Hooghly) urgently needs Marketing executive / PRO & X-RAY technicians Call: 97758-57530 between 9 am to 5 pm only. ADARSH DIAGNOSTIC PVT LTD., BASUDEVPUR CHOWMATHA, P.O.: BRAHMANPARA, Dist.: HOOGHLY, Pin: 721 405.

□

## কর্মখালি

**SITUATION VACANT**
Required male Accounts Assistant, fluent with taxation matter (IT & GST) and Tally. Send your CV to: swarnakshar.prakasani@gmail.com

□

চম্পাহাটিতে (দঃ ২৪ পরগনা) কলকাতা মেরিন অ্যান্ড ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস প্রাঃ লিঃ, P-28 কসবা ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, ফেজ ৩, কলি-১০৭ বড় বাগান বাড়িতে থেকে কাজ করার অভিজ্ঞ মালি চাই। যোগাযোগ: ৮০১৭০-২২০০৫।

□

**স্টার হোটেলে 6-17500/-**
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টারে (চক্ষু হাসপাতাল) - Kolkata উঃমাধ্যমিক / স্নাতক যুবক ও যুবতী আবশ্যক। ৭ দিনের মধ্যে যোগাযোগ করতে হবে By Email - career.susrut@gmail.com বয়সসীমা ২৫ বছরের মধ্যে হতে হবে। টাইপিং স্পিড ৩০ ওয়ার্ড / মিনিট। যোগাযোগ: 90739-97720 (10am - 5pm). Address: HB-36/A/1, Salt Lake City, Sec-III, Kol-106.

□

Vodafone/Jio কাস্টমার কেয়ারে বাংলাভাষী M/F নিয়োগ চলছে। যোগ্যতা: MP/H.S. বেতন: INC + OT সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol- 91. M: 90075-59111.

□

**রিসেপশনিস্ট চাই**
কামাল হোসেনের কলেজ স্ট্রিট কোচিং-এর ফ্রন্ট অফিসে চাকরির পরীক্ষার্থীদের সাথে কথা বলার জন্য সুশ্রী, স্মার্ট, সুন্দরী উচ্চ-মাধ্যমিক উত্তীর্ণা ২২-৩৫ বছরের মহিলারা ছবি ও বায়োডাটা-সহ আসুন। কাজের সময়: ১০টা-৬টা, মাসিক ৭,০০০/- শুরুতে। সাক্ষাৎ: ১৪ এপ্রিল, সময় ঠিক ৩-৪টে। কামাল হোসেন কোচিং, ১৯ শ্যামাচরণ দে স্ট্রিট, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

□

Jio/Airtel 4G/SBI কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F চাই। যোগ্যতা: মাধ্যমিক- স্নাতক। বেতন: INC + OT সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol- 91. M: 90517-30543.

□

সরাসরি ব্যাঙ্কে ফ্রন্ট ও ব্যাক অফিস, পিওন ও ক্লার্ক পদে প্রচুর প্রার্থী চাই। VCS কল্যাণী / কৃষ্ণনগর: 76058-23407 / 90731-45096 নৈহাটি / বেলঘড়িয়া: 76058-23407 / 90731-45817 হাওড়া / মেদিনীপুর: 98747-57021 / 86097-40709 হুগলি / শ্রীরামপুর: 84810-32673 / 84789-52090, আরামবাগ / ব্যান্ডেল: 90389-48397 / 82828-92029 বেহালা / বজবজ: 84204-72894 / 86970-46152 বনগাঁ / বসিরহাট: 90389-48319 / 83358-57883 বারাসাত / দমদম: 85830-98434 / 84204-72303.

□

**কর্মক্ষেত্র কার্যালয়ে যোগাযোগের ঠিকানা**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
**বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:**
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

**পাঠকের প্রতি**
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

**সরাসরি নিয়োগ**
জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোমের বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-9. M: 90519-14620.

□

Reqd. Fresh Civil Eng (B. Tech\ Diploma), Any Graduate (B. COM/ B.A/B.Sc), Retired Bank Off, Civil Eng Valuer (Member of IOV) KUNDU & ASSOCIATES, 29/B, BAROWARITOLLA ROAD, KOLKATA-700 010, Ph: 82408-15308/99032-85004.

## স্কুল-কলেজ শিক্ষা

**B. Ed-M.Ed**
**D.E.L.Ed**
এছাড়াও BA/ MA/ MBA/ LLB/ GNM/ ITI কোর্সে ভর্তি চলছে। কোর্সগুলি UGC/NCTE/DEB দ্বারা স্বীকৃত। প্রচুর ছাত্রছাত্রী উপকৃত। Digitech- Saltlake, Ranaghat, Barrackpore: 90514-72054.

□

**সরকারি চাকরি প্রস্তুতি**
বিনামূল্যে Only SC/ ST/ OBC/ Minority-র জন্য WBCS, Rail, Police, P. TET. RCI, Rajarhat, New Garia, Dum Dum 91636-21655, 87770-49063.

□

**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কলেজ, বালিগঞ্জ**
মহিলাদের নিশ্চিত চাকরি পেতে, প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 Year) অবশিষ্ট কয়েকটি আসনে ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 98043-21839, 98317-89536.

□

LL.B (3 yrs) ২ বছর ৩ মাসে পাশ। Contact: D. B. Das, Advocate, বারাসাত জজ কোর্ট, 94321-76217, 80177-11657.

□

## স্কুল-কলেজ শিক্ষা

Math & Eng, সোনারপুর Rail (স্পেশাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CITA ১২) LCD, LED রিপেয়ারিং। ফি: ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104, 98832-04890 / 86972-61085 বারুইপুর: 90078-70999.

□

ডন বস্কো টেকনিক্যাল স্কুল লিলুয়া (হাওড়া)-য় BASIC WELDING (TIG/ MIG/MAG), ELECTRICAL এবং C.N.C. ট্রেনিং দেওয়ার পর কর্মসংস্থানের সুযোগ দেওয়া হচ্ছে। বয়স: ১৮ থেকে ২৫ বছর। যোগ্যতা: ন্যূনতম অষ্টম থেকে দশম শ্রেণি/ I.T.I পাশ। মো: 98318-15440 / 76991-37651 / 91539-38909. দ্রষ্টব্য: যে সব ছাত্র I.T.I WELDING এবং ELECTRICIAN পাশ করে কাজের সুযোগ পায়নি, তারা অবশ্যই আমাদের ট্রেনিং স্কুলে যোগ করতে পারেন।

□

**Gurukul Academy of Competitive Examination**
WBCS, COMBINED, SSC, RAIL, BANK, S.I and CONSTABLE ইত্যাদি বিষয়ে অভিজ্ঞ শিক্ষক দ্বারা প্রশিক্ষণ দেওয়া হয়। SEALDAH, 26, PATALDANGA STREET, Kol-09. Ph No.: 76030-47291.

□

**নার্সিং কোর্সে ভর্তি**
INC ও KNC অনুমোদিত B. Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। 100% Placement Installment facility. Gurukul Institute, Baruipur-700 144. (M): 85849-23750, 98303-88027.

**ডি টি পি অপারেটর ও গ্রাফিক ডিজাইনার চাই**
স্বর্ণাক্ষর প্রকাশনী তাঁদের সাপ্তাহিক ও মাসিক তিনটি পত্রিকার জন্য বাংলা ও ইংরিজিতে অভিজ্ঞ ডি টি পি অপারেটর ও গ্রাফিক ডিজাইনার চাইছেন। ফটোশপ ও কোরেল ড্র ব্যবহারে সিদ্ধহস্ত এবং পেজ মেকার ও ইন ডিজাইন সফটওয়্যারে পেজ মেক-আপের অভিজ্ঞতা থাকা আবশ্যিক। অভিজ্ঞ ও দক্ষ প্রার্থীদের উত্তম বেতন।
আগ্রহীরা সম্পূর্ণ জীবনপঞ্জি ও অভিজ্ঞতার বিশদ বিবরণ সহ ৭ দিনের মধ্যে ই-মেল করুন:
swarnakshar.prakasani@gmail.com

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# আইসক্রিমের কোন তৈরির মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



নিজস্ব প্রতিনিধি: এই মেশিনের সাহায্যে আইসক্রিম ভরার কোন তৈরি করে দোকানে, শপিং মলে বা কোনও আইসক্রিম প্রস্তুতকারক সংস্থায় অর্ডার অনুযায়ী সাপ্লাই করতে পারেন।

**কীভাবে করবেন:** আইসক্রিম ভরার কোন তৈরি করতে হলে প্রয়োজন একটি স্বয়ংক্রিয় মেশিন এবং একটি ইলেক্ট্রিক্যাল হিটার। কোন তৈরি করার জন্য উপকরণ হিসেবে লাগবে ভুট্টাদানা, ময়দা, দুধ, সুগন্ধি, চিনি ও পরিমাণমতো বেকিং পাউডার। প্রথমে ভুট্টাদানাগুলোকে গুঁড়ো করে নিয়ে তার সঙ্গে দুধ, ময়দা, সেন্ট এবং পরিমাণমতো চিনি ও বেকিং পাউডার মিশিয়ে মিশ্রণটিকে মেশিনের নির্দিষ্ট জায়গায় দিয়ে দিতে হবে। এরপর ইলেক্ট্রিক্যাল হিটারটি চালু করে দিলে স্বয়ংক্রিয় এই মেশিনে নিজে থেকেই কোন তৈরি হয়ে যাবে। স্বয়ংক্রিয় এই মেশিনটির জন্য মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০-৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** স্বয়ংক্রিয় এই মেশিনটির দাম পড়বে দেড় লক্ষ টাকা এবং ডাইস প্রতি খরচ পড়বে ১০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *বিদেশে আম রপ্তানি সংক্রান্ত সরকারি গাইডলাইন সম্পর্কে কীভাবে জানা যেতে পারে? —স্বদেশ বসাক, বহরমপুর, মুর্শিদাবাদ।*

□□ গাইডলাইন পাবেন এই ওয়েবসাইটে: www.wpeda কোথায় রপ্তানি করবেন, সে-সম্পর্কে কিছু জানাননি। আমেরিকায় ভারত থেকে আম রপ্তানির ক্ষেত্রে বিশেষ নিয়মকানুন মেনে চলতে হয়। উপরোক্ত ওয়েবসাইট থেকে গাইডলাইনস ফর এক্সপোর্ট অব ইন্ডিয়ান ম্যাঙ্গোস টু ইউ এস এ' ডাউনলোড করা যাবে। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানাতেও: অ্যাপেডা, ময়ূখ ভবন, সল্টলেক, কলকাতা-৯১। ফোন: (০৩৩) ২৩৩৭-৮৩৬৩।

□ *'কর্মক্ষেত্র'য় বিদ্যুৎচালিত ঢেঁকি সম্পর্কে একটি লেখা প্রকাশিত হয়েছিল বলে জানতে পারলাম। লেখাটি আমার পড়া হয়নি। আমি ঢেঁকিছাঁটা চালের ব্যবসায় আগ্রহী। এ ধরনের ঢেঁকি কারা সরবরাহ করেন জানালে খুব উপকৃত হব। —গৌতম মণ্ডল, হৃদয়পুর, উত্তর ২৪ পরগনা।*

□□ বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং বিদ্যুৎচালিত ঢেঁকি উদ্ভাবন করেছে। এখানে অর্ডার অনুসারে স্বয়ংক্রিয় ঢেঁকি তৈরি করে দেওয়া হয়। প্রতিষ্ঠানের ঠিকানা: বাঁকুড়া উন্নয়নী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং, শুভঙ্কর নগর, পোহাবাগান, বাঁকুড়া-৭২২ ১৪৬। ফোন: (০৩২৪২) ২৫৫৯৫৫/২৫৯৩৬০।

□ *ফিনাইল তৈরির জন্য সিট্রোনেলা অয়েলের প্রয়োজন। কোথা থেকে পাইকারি দরে কিনতে পাওয়া যাবে? —তুষারকান্তি সাহা, বেহালা চৌরাস্তা, কলকাতা-৮।*

□□ পশ্চিমবঙ্গ সরকারের বনবিভাগের নন-টিম্বার ফরেস্ট প্রোডিউস ডিভিশন থেকে কিনতে পারেন। এই ডিভিশনের প্রধান কার্যালয়ের ঠিকানা: হাকিমপাড়া, পোঃ শিলিগুড়ি, দার্জিলিং-৭৩৪ ০০১। ফোন: (০৩৫৩) ২৪৩৫৫৩১, ৯৪৭৫২-১৬৬৬০।

□ *আমি রজনীগন্ধা, গোলাপ, গ্ল্যাডিওলাস, চন্দ্রমল্লিকা প্রভৃতি ফুল পাইকারি দরে কিনে আমার এলাকায় খুচরো বিক্রি করতে চাই। পাইকারি দরে কোথা থেকে কেনা যেতে পারে? —চন্দন নিয়োগী, কল্যাণী, নদিয়া।*

□□ যে-সব ফুলের নাম উল্লেখ করেছেন সেগুলি সবই একসঙ্গে কিনতে চাইলে মল্লিকঘাটের পাইকারি ফুলের বাজার থেকে কেনাই ভালো। রাজ্যের সবচেয়ে বড় পাইকারি ফুলের বাজার এটি। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে ফুল আসে এই বাজারে। কলকাতার দিক থেকে হাওড়া ব্রিজে ওঠার মুখে গঙ্গার ধারে মল্লিকঘাট ফুলের বাজার। প্রসঙ্গত, নদিয়াতে খুব ভালো মানের রজনীগন্ধা উৎপাদিত হয়।

□ *আমি তফসিলি জাতিভুক্ত হস্তশিল্পী। পাট দিয়ে নানা হস্তশিল্প সামগ্রী তৈরি করি। ২০-২৫ হাজার টাকা ঋণ পেলে ব্যবসাটিকে নানা ভাবেই একটু বড় করা যায়। সুবিধাজনক শর্তে কোনও সরকারি সংস্থা থেকে ঋণ পাওয়ার সুযোগ আছে কি? —অঞ্জলী মৈতে, বাঁশবেড়িয়া, হুগলি।*

□□ আপনি শিল্পী সমৃদ্ধি যোজনা থেকে ঋণের জন্য আবেদন করতে পারেন। এটি তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন ও বিত্ত নিগমের ঋণ প্রকল্প। বার্ষিক পারিবারিক আয় গ্রামাঞ্চলের বাসিন্দাদের ক্ষেত্রে ৮১ হাজার টাকা ও শহরাঞ্চলের বাসিন্দাদের ক্ষেত্রে ১ লক্ষ ৩ হাজার টাকার মধ্যে থাকলে তবেই এই প্রকল্পের আওতায় ঋণের জন্য আবেদন করা যায়। সর্বোচ্চ ৫০ হাজার টাকা ঋণ পাওয়া যায় এই প্রকল্পে। সর্বোচ্চ ১০ হাজার টাকা ভরতুকি পাওয়া যায়। বার্ষিক ৫% হারে সুদ ধার্য হবে ঋণের অঙ্কের (ভরতুকি বাদ দিয়ে) ওপর। তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: পশ্চিমবঙ্গ তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন ও বিত্ত নিগম, ব্লক-সি এফ, ২১৭/এ/১, সেক্টর-১, সল্টলেক, কলকাতা-৬৪। ফোন: (০৩৩) ৪০২৬-১৫০০/ ১৫০৫।


দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট

ESTD.-1920

ট্রেনিং পার্টনার অফ

ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (N.S.D.C)

Skill India

N.S.D.C National Skill Development Corporation

TEXMACO GEORGE TELEGRAPH Centre Of Excellence BELGHARIA : 9830780280

DAIKIN Centre Of Excellence SEALDAH : 8336939682

AUTOMOBILE ENGINEERING Centre of Excellence SALAP : 9903967142 • RAJARHAT : 9903967146

** COURSES JOINTLY WITH NETAJI SUBHAS OPEN UNIVERSITY (RECOGNISED BY UGC-DEB)

- ইলেকট্রনিক্স অ্যাণ্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং
- কম্পিউটার হার্ডওয়্যার অ্যাণ্ড অ্যাডভান্সড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং
- নেটওয়ার্ক এক্সপার্ট
- রাউটিং সুইচিং এক্সপার্ট
- ইলেকট্রিক্যাল অ্যাণ্ড ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং
- মোবাইল অ্যাণ্ড টেলিফোন রিপেয়ারিং টেকনিশিয়ান
- স্মার্টফোন রিপেয়ারিং টেকনিশিয়ান*
- অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং
- এসি অ্যাণ্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিং
- ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান
- সিভিল কনস্ট্রাকশন টেকনোলজি
- সিভিল ড্রাফটসম্যানশিপ (ক্যাড সহ)

যোগ্যতা ক্লাস X/XII বোর্ড পরীক্ষা

- সিসিটিভি টেকনিসিয়ান*
- চিপ লেভেল ল্যাপটপ রিপেয়ারিং*
- ডিজিটাল মিডিয়া অ্যাণ্ড মার্কেটিং*
- অফিস ম্যানেজমেন্ট (ফ্রন্ট অ্যাণ্ড ব্যাক)*
- প্রফেশনাল এক্সিকিউটিভ সেক্রেটারী
- সার্টিফায়েড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট (Tally.ERP9 সহ) (গ্রাজুয়েট)*
- অ্যাডভান্সড এক্সেল*
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন কসমেটোলজি*
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন বিউটি *
- অ্যাডভান্স ডিপ্লোমা ইন মেকআপ*

- ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবোরেটরি টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন রিনাল ডায়েলেসিস টেকনিশিয়ান
- ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনিশিয়ান
- ইন্টিরিয়র ডিজাইন, ডেকোরেশন অ্যাণ্ড সাইট সুপারভাইজার (Godrej Interio)
- আই এফ বি ইলেকট্রনিক্স অ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং (IFB দ্বারা পরিচালিত)
- টিভিএস অটোমোবাইল টেকনিসিয়ান (TVS Motor Co. Ltd. দ্বারা পরিচালিত)
- গোদরেজ অ্যাডভান্স কোর্স ইন এসি, রেফ্রিজারেশন অ্যান্ড ওয়াশিং মেশিনস
- ক্যারিয়র মাইডিয়া এয়ার কন্ডিশনারস এণ্ড এ্যাপ্লায়েন্সেস ইঞ্জিনিয়ারিং কোর্স (Carrier Midea, India দ্বারা পরিচালিত)
- অটোমোবাইল ইলেকট্রনিক্স অ্যান্ড ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান (BOSCH দ্বারা পরিচালিত)
- ডাইকিন এয়ার কন্ডিশনিং ইঞ্জিনিয়ারিং (DAIKIN দ্বারা পরিচালিত)

অনলাইন অ্যাডমিশনে স্কলারশিপ www.georgetelegraph.org

6/12/24 EMI, Zero Processing Fee (Only Sealdah Centre) BAJAJ FINSERV

প্রধান ট্রেনিং সেন্টার শিয়ালদা ✆ 8336939682/83/84/85, 22272605, 24851214 অ্যাডমিশন হেল্পলাইন : 9836428285 • WhatsApp 8336939684

CENTRES

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| আগরতলা | 09436139307 | ■ কন্টাই | 9674165582 | খোসবাগ | 9635735382 | Micro বৈদ্যবাটি | 9007856988 |
| ■ আলিপুরদুয়ার | 9836408027 | ■ কুচবিহার | 9674165586 | কাকদ্বীপ | 9830077802 | ডোমকল | 9732555600 |
| ■ আন্দুল | 8334975533 | কটক | (0671)2315166 | ■ খড়গপুর | 9073610876 | Beauty বীরহাটা | 9800540581 |
| ■ আসানসোল | (0341)2302897 | ■ দুর্গাপুর | 9051111246 | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 | ■ ভবানীপুর | 9073952154 |
| আলিনগর(ডায়ার) | 9732086041 | ডাকঘর | 8017522288 | ■ মালবাজার | 9674165584 | জলপাইগুড়ি | 8158806115 |
| ■ বাগনান | 9051110638 | ডায়মণ্ড হারবার | 8017522287 | ■ মালদা | 9674165585 | নাকতলা | 9831166575 |
| ■ বালুরঘাট | 9674165418 | গুয়াহাটি | 9127066277 | ■ মেদিনীপুর | 8335062606 | Paramedical বারাসাত | 9073952156 |
| ■ বোলপুর | 9073333262 | গার্ডেনরিচ | 9230613574 | মেমারি | 8777687853 | ■ বেহালা | 8336911653 |
| ■ বারাসাত (টাকী রোড) | 9674165589 | ■ হরিপাল | 9874136799 | নবগ্রাম(মুর্শিদাবাদ) | 9732996684 | কামারকুণ্ডু | 9434021033 |
| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 | হাবরা | 9093037766 | ■ পুরুলিয়া | 9051110498 | সোনারপুর | 9073727474 |
| ■ বেহালা | 9836616668 | হলদিয়া | 9732727609 | ■ রায়গঞ্জ | 9830680900 | ■ লিলুয়া | 9830136688 |
| ■ বহরমপুর | 9674165587 | ■ জয়নগর | 9836666773 | রাজারহাট | 6290271014 | Smart Centre দমদম | 9748999933 |
| ■ বনগাঁ | 9836717783 | জলপাইগুড়ি | 9434154082 | ■ শিলিগুড়ি | 8335051715 | গুড়িয়া (বড়াল) | 9903660200 |
| বাঁকুড়া | 9932870010 | ■ কল্যাণী | 9674165588 | ■ সোনারপুর | 9830720005 | ■ শ্রীরামপুর | 9073610884 |
| ব্যারাকপুর (ক্লিন্টার রোড) | 9830596844 | ■ কৃষ্ণনগর | 9674162462 | সিউড়ি | 9475074332 | ■ বর্ধমান | 8335053588 |
| বর্ধমান | (0342)2560398 | কোন্নগর | 9007129736 | তমলুক | 9735521383 | নাকতলা | 9831166575 |
| | | | | ঠাকুরপুকুর | 8017522286 | | |

e-mail : queries@georgetelegraph.org Website : www.georgetelegraph.org

Franchise enquiry : 9051921190 • e-mail: atcoperations@georgetelegraph.org

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*তুমি বিশ্বাস কর এমন একটা পরিকল্পনা তৈরি করো, তারপর সেই পরিকল্পনাটিকে রূপায়িত করার জন্য মন প্রাণ দিয়ে কাজ করো। সাফল্যে পৌঁছানোর এটাই পথ।*
*— পাবলো পিকাসো*
*(প্রবাদপ্রতিম স্পেনীয় চিত্রশিল্পী)*

***✓ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক পাশ করার পরে ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা করেছি। কিন্তু চাকরি কোথায়? ফার্মাসির ডিগ্রি আছে যাঁদের, তাঁদের জন্য চাকরি আছে। তাহলে ডিপ্লোমা কোর্সের দরকার কি? যাই হোক, চাকরির সন্ধান দিলে উপকৃত হব।***
*সুদীপ্ত রায়, ঢাকুরিয়া, কলকাতা-৩১।*

☐ ডিপ্লোমাধারীদের চাকরি একেবারেই নেই, এমনটা নয়। চাকরির বিজ্ঞপ্তি, সংবাদের প্রতি নজর রাখতে হবে। ডিপ্লোমাধারী ফার্মাসিস্টদের চাকরির বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মক্ষেত্র'-য় সে-খবর জানানো হয়ে থাকে।

**এখনই আবেদন করতে পারেন:** ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সমিতি রাষ্ট্রীয় শিশু স্বাস্থ্য কার্যক্রম প্রকল্পের জন্য ৫১২জন ফার্মাসিস্ট নেবে। ডিপ্লোমাধারী ফার্মাসিস্টরাও আবেদনের যোগ্য। আপনি আবেদন করতে পারেন। ওয়েস্ট বেঙ্গল ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। চুক্তিতে নিয়োগ হবে। 'কর্মক্ষেত্র'-র ৬ এপ্রিল সংখ্যায় 'রাজ্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে ৬৭১ ফার্মাসিস্ট ও মেডিক্যাল অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে ১৭ এপ্রিলের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in ফি বাবদ ১০০ টাকা অনলাইনে বা অফলাইনে জমা দেওয়ার শেষ দিন ১৯ এপ্রিল। দরখাস্ত সাবমিট করার শেষ দিন ২১ এপ্রিল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: SHFWS/2018/141.

**পরে আবেদন করতে পারবেন:** রেলে ফার্মাসিস্ট পদে আবেদন করতে পারবেন। মিউনিসিপ্যাল কর্পোরেশন অব দিল্লি সময়ে সময়ে ফার্মাসিস্ট নিয়োগ করে থাকে, আপনি আবেদন করতে পারবেন। সরকারি হাসপাতালগুলিতে চাকরির সুযোগ আছে। বর্তমানে বড় বড় রিটেল ফার্মাসিউটিক্যাল চেনে ডিপ্লোমাধারী ফার্মাসিস্ট নেওয়া হচ্ছে।

***✓ বি এ পড়ছি দ্বিতীয় বর্ষে। উচ্চমাধ্যমিকের পরে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করেছি। টাইপিং জানি। কম্পিউটারে মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে পারব। যত দ্রুত সম্ভব চাকরি পেতে চাই। চাকরির খবর জানাবেন।***
*গৌরব দাশ, হালতু, কলকাতা-৭৮।*

☐ স্নাতক স্তরের পড়াশোনা সম্পূর্ণ করার আগে উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের কোর্স এবং টাইপিংয়ের চর্চা চাকরি পেতে সাহায্য করবে। টাইপিংয়ের গতি আরেকটু বাড়ানোর চেষ্টা করুন। মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার গতি আয়ত্ত করতে পারলে সুবিধা হবে। চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা শুরু করুন।

**এখনই আবেদন করতে পারেন:** উত্তর দিনাজপুরের বিভিন্ন পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে অ্যাকাউন্টস ক্লার্ক ও গ্রাম পঞ্চায়েত সেক্রেটারি নেওয়া হবে। আপনি উভয় পদেই আবেদনের যোগ্য। যে-কোনও একটি পদে আবেদন করবেন। 'কর্মক্ষেত্র'-র ৬ এপ্রিল সংখ্যায় 'উত্তর দিনাজপুরে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে ১৯৩' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dlscud.in তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.uttardinajpur.nic.in

**পরে আবেদন করতে পারবেন:** কেন্দ্রীয় সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। ডাক বিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট ও সর্টিং অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে লোয়ার ডিভিশন ক্লার্ক ও ক্লার্ক-কাম-টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক নেওয়া হয় স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে। আপনি আবেদন করতে পারবেন। পঞ্চায়েত, পুরসভা, জেলা পরিষদ, আদালতে লোয়ার ডিভিশন ক্লার্ক, ক্লার্ক কাম টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। উপরোক্ত পদগুলির জন্য টাইপিং জানা বাধ্যতামূলক। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক এবং খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন।

***✓ আমি তপশিলি উপজাতিভুক্ত দরিদ্র পরিবারের যুবক। ক্লাস এইটের পরে আর পড়াশোনা করতে পারিনি। বর্তমানে বয়স ২৪ বছর। নানারকমের কাজ করে সংসার চালানোর চেষ্টা করি। খুব কম খরচে কোনও হাতের কাজ শেখার সুযোগ পেলে খুব উপকার হয়। চাকরি হতে পারে, এরকম কোনও প্রশিক্ষণের কথা জানাবেন।***
*সুদাম মহালি, তেমুয়া, পশ্চিম মেদিনীপুর।*

☐ সেন্ট্রাল প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট) নিখরচায় তফসিলি উপজাতির তরুণদের প্লাস্টিক্স শিল্পে ব্যবহৃত মেশিনপত্র চালানোর প্রশিক্ষণ দেবে। পশ্চিমবঙ্গ তফসিলি জাতি, উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের সহায়তায় এই প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষিতদের প্লাস্টিক্স শিল্প সংস্থাগুলিতে চাকরির সুযোগ আছে। বার্ষিক পারিবারিক উপার্জন ৯৮ হাজার টাকার মধ্যে থাকলে (গ্রামের প্রার্থীদের ক্ষেত্রে) তবেই প্রশিক্ষণ নেওয়া যাবে। ৬ মাসের আবাসিক প্রশিক্ষণ এটি। হলদিয়ায় সংস্থার হোস্টেলে থেকে প্রশিক্ষণ নিতে হবে। থাকা-খাওয়ার জন্যও কোনও খরচ লাগবে না। একটি ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। ইন্টারভিউ ১৯ ও ২০ এপ্রিল সকাল ১০টা থেকে। শিক্ষাগত যোগ্যতা ও বয়সের সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট, বার্ষিক পারিবারিক আয়ের সার্টিফিকেট, ভোটার আইডেন্টিটি কার্ড বা আধার কার্ডের মতো কোনও পরিচয়পত্র, এগুলির জেরক্স কপি এবং ৫ কপি পাসপোর্ট মাপের ফটো-সহ ১৯ বা ২০ এপ্রিল ইন্টারভিউ কেন্দ্রে হাজির থাকতে হবে। ঠিকানা: সিপেট, সিটি সেন্টার, পো: দেভোগ, হলদিয়া, পূর্ব মেদিনীপুর-৭২১ ৬৫৭। ফোন: (০৩২২৪) ২৫৫ ৫৩৪, ৯৪৩৪০-৩৯৪৬৬।

***✓ উচ্চমাধ্যমিক পাশ করেছি গত বছর। উচ্চমাধ্যমিকে ৬১ ও মাধ্যমিকে ৬৮ শতাংশ নম্বর আছে। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। চাকরির প্রয়োজন খুব। চাকরির খবর জানাবেন।***
*নাসিমা খাতুন, ইংরেজবাজার, মালদা।*

☐ চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা শুরু করুন। প্রস্তুতি যত ভালো হবে চাকরি পাওয়ার সম্ভাবনা তত বাড়বে।

**এখনই আবেদন করতে পারেন:** উত্তর দিনাজপুর জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও গ্রাম পঞ্চায়েত সমিতিতে ৪১জন গ্রাম পঞ্চায়েত সহায়ক নিয়োগ করা হবে। আপনি এই পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৬ এপ্রিল সংখ্যায় 'উত্তর দিনাজপুরে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে ১৯৩' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২০ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dlscud.in তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.uttardinajpur.nic.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 268/DLSC/PS/GP/UD.

**পরে আবেদন করতে পারবেন:** কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে কৃষিপ্রযুক্তি সহায়ক পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাতেই গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে সহায়ক নেওয়া হয়। এই পদের পরীক্ষার জন্য বিশেষ প্রস্তুতি নিতে পারেন।

## নিয়ম মেনে প্রস্তুতি নিলে সাফল্য ধরা দেবেই



**মৃত্যুঞ্জয় সিনহা**
পার্টনার, বিজনেস রিস্ট্রাকচারিং সার্ভিসেস, বি ডি ও; ফেলো মেম্বার, ইনস্টিটিউট অব কোম্পানি সেক্রেটারিজ অব ইন্ডিয়া (আই সি এস আই); মেম্বার, ইনস্টিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটরস, লন্ডন; প্রাক্তন ডিরেক্টর, কানাড়া ব্যাঙ্ক; প্রাক্তন চিফ এক্সিকিউটিভ, আই সি এস আই

প্রতিযোগিতামূলক চাকরির পরীক্ষায় ভালো স্কোর করা একটা আর্ট। খুব সচেতনভাবেই সেই আর্টের কলাকৌশলগুলো রপ্ত করতে হয়। কলেজ-বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ভালো রেজাল্ট করলেই যে চাকরির পরীক্ষায় ভালো ফল করা যাবে, এমনটা নয়। শুধু বুদ্ধিমত্তা দিয়েও সেটা হবে না। নিজের অভিজ্ঞতায় দেখেছি, বিহার, ঝাড়খণ্ডের খুব সাধারণ মানের ছেলেমেয়েরাও সর্বভারতীয় প্রতিযোগিতামূলক সরকারি চাকরিগুলোর পরীক্ষায় ভালো ফল করে। আসলে এ ধরনের পরীক্ষার জন্য ভালো করে তৈরি হতে হলে প্রস্তুতির একটা ব্যাকরণ মেনে চলতে হয়।

কী সেই ব্যাকরণ? প্রথমত, নিজের মূল বিষয়টি সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকতে হবে। ফিজিক্সের একজন ছাত্রের অ্যাটম সম্পর্কে বা গণিতের ছাত্রের সংখ্যাতত্ত্ব সম্পর্কে পরিষ্কার ধারণা না থাকলে চলে নাকি? লিখিত বা কম্পিউটারভিত্তিক পরীক্ষা তো বটেই, নিজস্ব বিষয়-সম্পর্কিত সেই ভালো ধারণাটি খুব কাজে দেয় ইন্টারভিউতেও। সেখানে পরীক্ষকরা প্রার্থীর পড়াশোনার মূল বিষয়টি নিয়ে তাঁর জ্ঞান, ধারণা জরিপ করার অবকাশ পান।

এখন প্রায় সমস্ত চাকরির পরীক্ষাতেই রিজনিংয়ের প্রশ্ন হয়ে থাকে। রিজনিং হচ্ছে মস্তিষ্কের অনুশীলন। বাজারে এ বিষয়ের প্রচুর বই পাওয়া যায়। কিন্তু সেগুলো গলাধঃকরণ করলে চলবে না। রিজনিংয়ের প্যাঁচপয়জারগুলো বুঝে নেওয়ার দরকার রয়েছে। যত প্র্যাক্টিস করবেন, তত সেই সমাধান-সূত্রগুলো ধরতে পারবেন। ১০টা রিজনিংয়ের প্রশ্নের মধ্যে যদি ৮টার উত্তর করতে পারেন, তবে বুঝবেন, ৫০টি প্রশ্নের মধ্যে ৪০টির উত্তর করতে সক্ষম হয়ে উঠেছেন।

জেনারেল অ্যাওয়ারনেস নিয়ে ওয়াকিবহাল থাকার জন্য নিয়মিত খবরের কাগজ, অন্য পত্র-পত্রিকা পড়তে হবে। টিভিতে জাতীয় ও আন্তর্জাতিক স্তরের খবর দেখতে হবে। গুরুত্বপূর্ণ ঘটনাগুলো নিয়ে একটু ভাবনাচিন্তাও করে দেখার প্রয়োজন রয়েছে। আন্তর্জাতিক ঘটনা জাতীয় ক্ষেত্রে প্রভাব ফেলতে পারে। কীভাবে? সেটা নিয়ে ভেবে দেখতে হয়। সে-সম্পর্কিত বিশ্লেষণমূলক লেখাপত্র পড়তে হয়। পরীক্ষার আগের পনেরো দিনের পুরনো কাগজ পড়ে পরীক্ষা দিতে গেলে এই জেনারেল অ্যাওয়ারনেস অংশের উত্তর কখনওই সন্তোষজনক হবে না।

পরীক্ষার সিলেবাসটা ভালো করে জানতে হবে। সিলেবাসের অন্তর্ভুক্ত কোনও বিষয়কেই অবহেলা করা চলবে না। একজন বিজ্ঞানের ছাত্রের ভাষা বিষয়ে সমস্যা থাকতে পারে, আবার হিউম্যানিটিজের ছাত্র বা ছাত্রীর অঙ্কে দুর্বলতা থাকতে পারে। সিলেবাস বিচার-বিশ্লেষণ করে, কোথায় শক্তি এবং কোথায় দুর্বলতা, সেটা চিহ্নিত করুন। দুর্বলতার জায়গাগুলো মেরামত করুন। প্রতিযোগিতামূলক পরীক্ষায় একটি নম্বরও গুরুত্বপূর্ণ। পারলে বিগত পরীক্ষাগুলোর প্রশ্নপত্র সংগ্রহ করুন। প্রশ্নগুলোর ধাঁচ বোঝার চেষ্টা করুন। মডেল প্রশ্নপত্র সমাধান করুন ঘড়ি ধরে। টাইম ম্যানেজমেন্ট একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক। এ ক্ষেত্রেও বলব, অনুশীলনের গুরুত্ব সীমাহীন। নির্দিষ্ট সময়ের মধ্যে যতটা বেশি সম্ভব সঠিক উত্তর দিতে হবে। এই দক্ষতাটা তৈরি হয় লাগাতার প্র্যাক্টিসের মধ্য দিয়েই। সার কথা হল, নিয়ম মেনে প্রস্তুতি নিলে সাফল্য ধরা দেবেই।

***✓ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা করেছি। চাকরির চেষ্টা চলছে। এখনই আবেদন করা যাবে, এরকম কোনও চাকরির সন্ধান চাইছি।***
*দেবকুমার মল্লিক, বৈদ্যবাটি, হুগলি।*

☐ চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন। দেশজুড়েই নির্মাণ শিল্পে গতি রয়েছে। ফলে সিভিল ইঞ্জিনিয়ারদের চাকরির বাজারও ভালো।

**এখনই আবেদন করতে পারেন:** উত্তর দিনাজপুরের বিভিন্ন পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে কিছু ডিপ্লোমাধারী সিভিল ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ৬ এপ্রিল সংখ্যায় 'উত্তর দিনাজপুরে গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে ১৯৩' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 268/DLSC/PS/GP/UD. ২০ এপ্রিলের মধ্যে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dlscud.in তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.uttardinajpur.nic.in

**পরে আবেদন করতে পারবেন:** রেলের বিভিন্ন বিভাগে সিভিল ইঞ্জিনিয়ারের প্রয়োজন হয়। আবেদন করতে পারবেন জুনিয়র ইঞ্জিনিয়ার পদে। কেন্দ্রীয় সরকারে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট ও জনস্বাস্থ্য কারিগরি বিভাগে আবেদন করতে পারবেন। শিপইয়ার্ড, এয়ারপোর্ট অথরিটি, তেল শোধনাগার ইত্যাদির পরিকাঠামো তৈরির জন্য প্রচুর সিভিল ইঞ্জিনিয়ারের দরকার হয়। প্রয়োজন হয় ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদেরও। বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় চাকরির জন্য আবেদন করতে পারবেন। রাজ্যের বিভিন্ন পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও পুরসভার মতো আঞ্চলিক প্রশাসনগুলিতেও কেন্দ্রীয় বিভিন্ন প্রকল্প রূপায়ণের জন্য সিভিল ইঞ্জিনিয়ারের প্রয়োজন হচ্ছে। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, পাবেন নতুন নতুন চাকরির খবর।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (দলিলপত্রের কপি পাঠাবেন না)*


**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কী পড়বেন, কোথায় পড়বেন**

## মেডিক্যাল ইমেজিং টেকনোলজি এবং রেডিওথেরাপি টেকনোলজির অ্যাডভান্স ডিপ্লোমা কোর্স



মেডিক্যাল ইমেজিং টেকনোলজি এবং রেডিওথেরাপির অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে টাটা মেমোরিয়াল সেন্টার। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। কোর্স শেষে ১ বছরের ইন্টার্নশিপ। কোর্স শুরু হবে জুলাইয়ে। এই কোর্সের বিজ্ঞপ্তি নম্বর PG/3/2018.

**শিক্ষাগত যোগ্যতা:** মেডিক্যাল ইমেজিং টেকনোলজির ক্ষেত্রে বি এসসি বা বি ফার্ম। রেডিওথেরাপি টেকনোলজির ক্ষেত্রে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে এবং অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** ২০ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারেন। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ৬,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষার তারিখ মেডিক্যাল ইমেজিং টেকনোলজির ক্ষেত্রে ২৬ জুন এবং রেডিওথেরাপি টেকনোলজির ক্ষেত্রে ২৫ জুন।


অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ২ মে। ফি বাবদ অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ডের সাহায্যে দিতে হবে ৩০০ টাকা। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট ৯ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director (Academics), 13th Floor, Homi Bhabha Block, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012.

বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়।

**কোর্সের বিবরণ: ব্যাচেলর অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স:** অনার্স-সহ যে-কোনও শাখায় স্নাতক। অনার্স বিষয়ে অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। অথবা ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪১.২৫ এবং ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ পাস গ্র্যাজুয়েট। অথবা যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ৬৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৮.৭৫ এবং ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৮.৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট কোর্স পাশ করে থাকতে হবে। এ ছাড়া ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি বা মেডিক্যাল বা আইনের স্নাতকরাও আবেদনের যোগ্য।

**মাস্টার অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স এবং ডিজিটাল লাইব্রেরিতে স্পেশ্যালাইজেশন-সহ মাস্টার অব লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স:** যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪১.২৫ এবং ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৯.৫ শতাংশ) নম্বর-সহ লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে ডিগ্রি। কর্মরতদের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক ডিগ্রি। ডিগ্রি পাওয়ার পর কোনও লাইব্রেরি বা ইনফর্মেশন সেন্টারে অন্তত ৩ বছর পূর্ণ সময়ের বেতনভুক কর্মচারী হিসেবে কাজের অভিজ্ঞতা।


উভয় ক্ষেত্রেই প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে স্নাতক কোর্সের ক্ষেত্রে ২৪ এপ্রিল এবং স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ২৩ এপ্রিল। পরীক্ষা স্নাতক কোর্সের ক্ষেত্রে ১০ মে, স্নাতকোত্তর কোর্সের ক্ষেত্রে ২৬ এপ্রিল এবং ডিজিটাল লাইব্রেরি স্পেশ্যালাইজেশনের ক্ষেত্রে ২৭ এপ্রিল। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ইংলিশ কম্পোজিশন, বেসিক ম্যাথমেটিক্স, জেনারেল সায়েন্স, হিস্ট্রি অ্যান্ড জিওগ্রাফি, ইন্ডিয়ান পলিটি ইকনমি অ্যান্ড কালচার, কারেন্ট ইভেন্টস অব ন্যাশনাল অ্যান্ড ইন্টারন্যাশনাল ইম্পর্ট্যান্স এবং জেনারেল মেন্টাল এবিলিটি। কোনও নেগেটিভ মার্কিং নেই।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। সবক'টি কোর্সের ক্ষেত্রেই অনলাইন আবেদনের শেষ তারিখ ২০ এপ্রিল। ফি জমা দিতে হবে অফলাইনে ব্যাঙ্ক চালানের মাধ্যমে, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। ব্যাঙ্ক চালান ডাউনলোড করতে পারবেন উপরোক্ত ওয়েবসাইট থেকেই। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২২ এপ্রিল।

অনলাইন আবেদন-পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

আরও কী পড়বেন, কোথায় পড়বেন ...পৃঃ ৯

## ট্রেড অ্যান্ড ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ইকনমিক্সে এম এ



ট্রেড অ্যান্ড ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ ইকনমিক্সের মাস্টার ডিগ্রি (এম এ) কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেড। এটি কেন্দ্রীয় বাণিজ্য দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। কোর্সটি পড়ানো হবে প্রতিষ্ঠানের কলকাতা ও নিউ দিল্লি ক্যাম্পাসে। কোর্সের মেয়াদ ২ বছর। সরকারি নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ ইকনমিক্সে বি এ বা বি এসসি। উচ্চমাধ্যমিক বা স্নাতক স্তরে ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় বি এ বা বি এসসি। স্নাতক স্তরে অন্যতম প্রধান বিষয় হিসেবে ম্যাথমেটিক্স ও ইকনমিক্স পড়ে থাকতে হবে।

বয়সের কোনও ঊর্ধ্বসীমা নেই।

কোর্স ফি: ১.৭৫ লাখ। দু'কিস্তিতে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা টিউশন ফিয়ে ৫০ শতাংশ ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে ২৭ মে (রবিবার), সকাল ১০টা থেকে দুপুর ১২টা, কলকাতা ও নিউ দিল্লি ক্যাম্পাসে। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে ১৮ মে থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iift.edu অনলাইন আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল এবং তফসিলি, ও বি সি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট কম্পিউটারে স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনের ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ১,৫৫০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৭৭৫ টাকা)। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: admissions@iift.ac.in

**SYMBIOSIS INTERNATIONAL (DEEMED UNIVERSITY)**
(Established under Section 3 of the UGC Act, 1956)
Re-accredited by NAAC with 'A' grade (3.58/4) | Awarded Category – I by UGC

Launches
**SYMBIOSIS STATISTICAL INSTITUTE**

Admissions open for:
**Master of Science in Applied Statistics**
**M.Sc. (Applied Statistics)**
**2 year full-time programme**

A path-breaking programme for scientific decision making aided with advanced statistical methodologies, applicable statistical software packages translating into sharp and extensive analytics, pertinent to various domains.

**Eligibility:** Graduates with Statistics/Mathematics at principal or subsidiary level from any recognised University/Institution of National importance with minimum of 50% marks (45% for SC/ST) or equivalent grade

**Selection Procedure:** Technical and Academic Writing Test and Personal Interview

For online registration and other details, visit: **ssi.edu.in**
Last date for registration: 18th May, 2018
Email: info-ssi@siu.edu.in | Tel: 020-25925354/25925355

Dr. Sharvari Shukla, Director, SSI

No Capitation/Donation is charged for admission to any programme at any Symbiosis Institute

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রধান আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

☐ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষায় জুনিয়র হাইড্রোলজিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —মিনতি সাঁতরা, কাটোয়া, পূর্ব বর্ধমান।*

☐☐ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট অ্যান্ড জিওলজিস্ট এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষায় জুনিয়র হাইড্রোলজিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা মেরিন জিওলজি বা হাইড্রোজিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল ইংলিশ-সহ সংশ্লিষ্ট বিষয়ে। জেনারেল ইংলিশে প্রশ্ন হবে ১০০ নম্বরের। সংশ্লিষ্ট বিষয়ের প্রথম দুটি পত্রে জিওলজি এবং তৃতীয় পত্রে হাইড্রোজিওলজি-সংক্রান্ত প্রশ্ন হবে। এরপর হবে ২০০ নম্বরের ইন্টারভিউ বা পার্সোনালিটি টেস্ট। খুঁটিনাটি বিষয়ে জানতে দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsconline.nic.in

☐ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক পরিচালিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (১), ২০১৮' পরীক্ষাটি হয়েছিল ৪ ফেব্রুয়ারি। পরীক্ষার ফল কবে প্রকাশিত হবে? —প্রবর মাঁপুই, মনিহারা, পুরুলিয়া।*

☐☐ইউ পি এস সি পরিচালিত 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (১), ২০১৮' পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in ফল প্রকাশের ২ সপ্তাহের মধ্যে সফল প্রার্থীদের নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে: www.joinindianarmy.nic.in প্রার্থীরা ইন্টারভিউয়ের জন্য ডাক পাবেন।

☐ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক পরিচালিত 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড নাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০১৮' পরীক্ষা ২২ এপ্রিল। অ্যাডমিট কার্ড কীভাবে পাব? —শতরূপ ঘোষাল, মুড়াগাছা, উত্তর ২৪ পরগনা।*

☐☐ইউ পি এস সি পরিচালিত 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড নাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (১), ২০১৮' পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsc.gov.in রেজিস্ট্রেশন আই ডি বা রোল নম্বরের সাহায্যে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে। ই-অ্যাডমিট কার্ডের প্রিন্ট আউটে প্রার্থীর ফটো পরিষ্কার ভাবে না এলে পরীক্ষাকেন্দ্রে সচিত্র পরিচয় পত্র (যথা-ভোটার কার্ড, আধার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট)-সহ ২ কপি পাসপোর্ট মাপের ফটো নিয়ে যাবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোডের ক্ষেত্রে কোনও সমস্যার সম্মুখীন হলে ফোন করতে পারেন এই নম্বরে: (০১১)২৩৩৮-৫২৭১/১১২৫ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৫টার মধ্যে)।

## ব্যাঙ্ক

☐ *আই বি পি এস পরীক্ষার মাধ্যমে ব্যাঙ্কে স্পেশালিস্ট অফিসার পদের এগ্রিকালচারাল ফিল্ড অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন আসবে? —তন্দ্রা চক্রবর্তী, হাতিশালা, নদিয়া।*

☐☐ আই বি পি এস পরীক্ষার মাধ্যমে ব্যাঙ্কে স্পেশালিস্ট অফিসার পদের এগ্রিকালচারাল ফিল্ড অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে ৪ বছরের ডিগ্রি। বিষয়গুলি হল: এগ্রিকালচার, হর্টিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, ডেয়ারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, ফিশারি সায়েন্স, পিসিকালচার, এগ্রি মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, কো-অপারেশন অ্যান্ড ব্যাঙ্কিং এবং অ্যাগ্রো-ফরেস্ট্রি। প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের অনলাইন পরীক্ষার মাধ্যমে। সময়সীমা ২ ঘণ্টা। থাকবে রিজনিং (৫০), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০), পেশাদারি বিষয়-সংক্রান্ত (৭৫) প্রশ্ন। সবক্ষেত্রেই অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। তবে কোনও উত্তরের ঘর ফাঁকা রাখলে নেগেটিভ মার্কিং হবে না। ওয়েবসাইট: www.ibps.in

## নার্সিং

☐ *বাঁকুড়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে স্টাফ নার্স পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —বিশ্বরূপ বসাক, ঝাড়গ্রাম।*

☐☐বাঁকুড়া জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতিতে স্টাফ নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। এ ছাড়া প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.bankura.gov.in, www.wbhealth.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৮ এপ্রিলের মধ্যে স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief Medical Officer of Health, Bankura, Tamlibandh, Patpur Road, Post+Dist-Bankura-722 101.

## অন্যান্য চাকরি

☐ *রাষ্ট্রীয় শিশু স্বাস্থ্য কার্যক্রম প্রকল্পে ফার্মাসিস্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —ইন্দ্রনীল সরকার, কালিকাতলা, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ওয়েস্ট বেঙ্গল স্টেট হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সমিতিতে রাষ্ট্রীয় শিশু স্বাস্থ্য কার্যক্রম প্রকল্পে ফার্মাসিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফার্মাসি কাউন্সিল অব ইন্ডিয়া বা অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফার্মাসিতে (অ্যালোপ্যাথিক) ২ বছর মেয়াদের ডিপ্লোমা, সঙ্গে ওয়েস্ট বেঙ্গল ফার্মাসি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। পাশাপাশি প্রার্থীর অবশ্যই বাংলা লিখতে, পড়তে ও বলতে জানা চাই। ফার্মাসিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রিধারীরা অগ্রাধিকার পাবেন। ১৭ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in

☐ *সুপ্রিম কোর্টে জুনিয়র কোর্ট অ্যাটেন্ড্যান্ট পদের ক্ষেত্রে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —বিজন দত্ত, নিকুঞ্জপুর, বাঁকুড়া।*

☐☐ সুপ্রিম কোর্টে জুনিয়র কোর্ট অ্যাটেন্ড্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ড্রাইভিং বা রান্না বা ইলেক্ট্রিশিয়ান বা কার্পেন্ট্রির কাজে দক্ষতা থাকতে হবে। ড্রাইভারদের ক্ষেত্রে বৈধ কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্স (লাইট বা হেভি মোটর ভেহিকল) থাকতে হবে। একাধিক কাজে দক্ষতা-সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১০০টি প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, জেনারেল ইংলিশ এবং জেনারেল অ্যাওয়্যারনেস। সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। ১৫ এপ্রিলের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sci.gov.in

☐ *ইস্টার্ন কোলফিল্ডসে মাইনিং সর্দার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —বাবলু হালদার, কাংলামারি, মুর্শিদাবাদ।*

☐☐ইস্টার্ন কোলফিল্ডসে মাইনিং সর্দার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে ডিরেক্টরেট জেনারেল অব মাইনস সেফটি (ডি জি এম এস), ধানবাদ কর্তৃক স্বীকৃত মাইনিং সর্দার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। অথবা মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি বা ডিপ্লোমা-সহ ডি জি এম এস, ধানবাদ কর্তৃক স্বীকৃত মাইনিং সর্দার কম্পিটেন্সি সার্টিফিকেট থাকতে হবে। সেই সঙ্গে উভয় ক্ষেত্রেই বৈধ ফার্স্ট এইড সার্টিফিকেট এবং বৈধ গ্যাস টেস্টিং সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক। ওয়েবসাইট: www.easterncoal.gov.in

☐ *ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রাজ্য পুলিশে সাব-ইনস্পেক্টর পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দীপেন্দু ধর, হরিপাল, হুগলি।*

☐☐ ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রাজ্য পুলিশে সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীকে অবশ্যই বাংলা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। এর পাশাপাশি, অন্তত ১৬৭ সেমি উচ্চতা থাকতে হবে। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৯ সেমি ও ৮৪ সেমি হতে হবে। ওজন হতে হবে অন্তত ৫১ কেজি। আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। ৩০ এপ্রিলের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.policewb.gov.in অফলাইন আবেদনের ক্ষেত্রে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন।

☐ *উত্তর দিনাজপুরের গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চন্দন কর্মকার, ব্রজলালপুর, পূর্ব মেদিনীপুর।*

☐☐ উত্তর দিনাজপুরের গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সঙ্গে স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা কোর্স করে থাকতে হবে। সোশ্যাল ওয়ার্ক বা রুর‍্যাল ডেভেলপমেন্টে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকলে, সমাজসেবা বা গ্রামোন্নয়ন বিষয়ক কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। এছাড়াও এম এস ওয়ার্ড, এম এস এক্সেল, পাওয়ার পয়েন্ট এবং ইন্টারনেট অপারেশন-সহ কম্পিউটারের ১ বছর মেয়াদের ডিপ্লোমা কোর্স করে থাকলেও অগ্রাধিকার পাওয়া যাবে। ২০ এপ্রিলের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dlscud.in

☐ *নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশনে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন শাখায় এক্সিকিউটিভ ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন? —মনোতোষ পাল, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐নিউক্লিয়ার পাওয়ার কর্পোরেশন অব ইন্ডিয়ায় ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন শাখায় এক্সিকিউটিভ ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোলস বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং) বা ইন্টিগ্রেটেড এম টেক। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই ২০১৭ বা ২০১৮ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.npcilcareers.co.in

## বিবিধ

☐ *রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক দিতে চাই। কতদিনের মধ্যে পরীক্ষা দিতে হবে? —অভিরূপ দাশগুপ্ত, পশ্চিম বর্ধমান।*

☐☐রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষা দেওয়া যাবে ভর্তি হওয়ার পর থেকে ৫ বছরের মধ্যে যখন খুশি। এই সময়সীমার মধ্যে যে-বছর যে-বিষয়ে পাশ করবেন, সেই বিষয়ের নম্বর মার্কশিটে যুক্ত হবে। তবে ভর্তির পর প্রথম বছরের শেষে তিনটির বেশি বিষয়ে পরীক্ষা দিতে পারবেন না। দ্বিতীয় বছরের শেষে সবক'টি বিষয়ে একবারে পরীক্ষা দিতে পারবেন। প্রতি বিষয়ে পাশ নম্বর মোট নম্বরের ৩০ শতাংশ। এই মুক্ত বিদ্যালয় থেকে পাশ করার পরে প্রাপ্ত নম্বরে সন্তুষ্ট না হলে ফের পরীক্ষা দেওয়া যায়। সেক্ষেত্রে আগের নম্বর বাতিল হয়ে যাবে। তবে পরীক্ষায় পাশ করে সার্টিফিকেট নিয়ে নিলে আর পরীক্ষা দেওয়া যাবে না। ওয়েবসাইট: www.twbcros.org

| | |
|---|---|
| নাম : | ........................................ |
| ঠিকানা : | ........................................ |
| | ........................................ |
| | ........................................ |
| আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না | |

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

# সরকারি স্তরে প্রচুর ডাক্তারি-পদ শূন্য, শর্তের কারণে আবেদনে অনীহা বাড়ছে প্রার্থীদের

আমি এক অবসরপ্রাপ্ত সরকারি চিকিৎসক। একটি বিশেষ সমস্যার প্রতি রাজ্য প্রশাসনের দৃষ্টি আকর্ষণের জন্য এই চিঠি লিখছি। ২০১৪ সালের মে মাসে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে ২,৩১৫ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করেছিল ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। নিয়োগ-প্রক্রিয়া শেষে কাজে যোগ দিয়েছিলেন মাত্র ৩৩১ জন। ২০১৫-র ডিসেম্বরে ফের ৩,১৩৫টি শূন্যপদের বিজ্ঞপ্তি প্রকাশ করে বোর্ড। এ বারেও ফল আশাপ্রদ ছিল না। আবেদনকারীর সংখ্যা ছিল দু'হাজারেরও কম। কাজে যোগ দিয়েছিলেন ৫০০-রও কম চিকিৎসক। ২০১৭ নভেম্বর মাসে পুনরায় ১,৫২০টি শূন্যপদের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। আবেদনকারীর সংখ্যা হাজারও পেরোয়নি। ৯৩২ জনকে নিয়োগপত্র দেওয়া হয়। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গিয়েছে, কাজে যোগ দিয়েছেন মাত্র ৫৫০ জনের কিছু বেশি। স্বাস্থ্যভবনের প্রদত্ত পরিসংখ্যান থেকেই স্পষ্ট, সরকারি স্তরে চিকিৎসকের ঘাটতি ক্রমশ বেড়েই চলেছে।

সম্প্রতি গোটা ঘটনায় উদ্বেগ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সাতটি চিকিৎসক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে বসেন। যদিও বৈঠকে সমাধানসূত্র কিছুই বের হয়নি। বরং প্রতিনিধিদের তরফে মুখ্যমন্ত্রীর কাছে প্রার্থীদের সরকারি চিকিৎসক পদে আবেদনের অনীহার ১১ দফা কারণ জানানো হয়েছে। তার মধ্যে যেমন সরকারি চিকিৎসা প্রতিষ্ঠানের পরিকাঠামোর সমস্যার কথা বলা হয়েছে, তেমনই রয়েছে চাকরি ক্ষেত্রে চিকিৎসকদের বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধার সমস্যার কথাও। পরিকাঠামো ও লোকবলের অভাবে বিভিন্ন সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানে চিকিৎসায় গাফিলতিজনিত কারণে চিকিৎসকদের হেনস্থার কারণও উল্লেখ করা হয়েছে। এখানেই শেষ নয়— চিকিৎসকদের চাকরি ছাড়ার অধিকার নেই, স্বেচ্ছাবসরের অধিকার নেই, উচ্চশিক্ষার সুযোগ কম, বদলি নীতি না থাকার মতো একাধিক 'অমানবিক' কারণেই নব্য এম বি বি এস ডিগ্রিধারীরা মুখ ফিরিয়ে থাকছেন এই সরকারি চাকরি থেকে। অন্যপক্ষে, বেসরকারি ক্ষেত্রে আয় বেশি, সুযোগ-সুবিধাও অঢেল। যুগের সঙ্গে তাল মিলিয়ে সরকারি চাকরির প্রতি যুবক-যুবতীদের আকর্ষণ বাড়িয়ে তুলতেই হবে। এখনই সতর্ক না হলে অদূর ভবিষ্যতে এর জেরে ভেঙে পড়তে পারে রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো ব্যবস্থা। আশা করব, মাননীয়া মুখ্যমন্ত্রী এ-বিষয়ে দ্রুত পদক্ষেপ করবেন।

নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।

**চিকিৎসকদের চাকরি ছাড়ার অধিকার নেই, স্বেচ্ছাবসরের অধিকার নেই, উচ্চশিক্ষার সুযোগ কম, বদলি নীতি না থাকার মতো একাধিক 'অমানবিক' কারণেই নব্য এম বি বি এস ডিগ্রিধারীরা মুখ ফিরিয়ে থাকছেন এই সরকারি চাকরি থেকে। অন্যপক্ষে, বেসরকারি ক্ষেত্রে আয় বেশি, সুযোগ-সুবিধাও অঢেল। যুগের সঙ্গে তাল মিলিয়ে সরকারি চাকরির প্রতি যুবক-যুবতীদের আকর্ষণ বাড়িয়ে তুলতেই হবে। এখনই সতর্ক না হলে অদূর ভবিষ্যতে এর জেরে ভেঙে পড়তে পারে রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো ব্যবস্থা।**

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল


**=DDB(Double Declining Balance)**

এবার আমরা নীচের চার্টের Formula অনুযায়ী প্রথমে মেশিনটির প্রথম মাসের depreciation বের করব।

| | Description | Formula |
|---|---|---|
| 1 | ১ম দিনের depreciation, double declining method ব্যবহার করে, default factor হল 2 | =DDB(C1,C2,C3*365,1) |
| 2 | ১ম মাসের depreciation | =DDB(C1,C2,C3*12,1,2) |
| 3 | ১ম বছরের depreciation | =DDB(C1,C2,C3,1,2) |
| 4 | ২য় বছরের depreciation, factor 1.5 ব্যবহার করে | =DDB(C1,C2,C3,2,1.5) |
| 5 | ১০ম বছরের depreciation, default factor 2 ব্যবহার করে | =DDB(C1,C2,C3,10) |

১ম মাসের depreciation বের করার জন্য—

⇨ 'Depreciation'-এর Worksheet-টি Open করে যে সেলে, Result বের করতে চান, সেই সেলে ক্লিক করুন এবং ওপরের চার্টের দ্বিতীয় Formula-টি লিখে 'Enter' দিন।




⇨ ওপরের pix-এ দেখুন, G3 Cell-এ মেশিনটির প্রথম মাসের Depreciation দেখাচ্ছে— Rs. 25,000.00

এবার এটি Function Arguments-এর সাহায্যে বের করার জন্য—

⇨ Formulas → Financial → DDB-তে ক্লিক করুন।

⇨ Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।


⇨ এবার Cost-এর ঘরে ক্লিক করে C1 cell-এ ক্লিক করুন।

⇨ Salvage-এর ঘরে ক্লিক করে C2 cell-এ ক্লিক করুন।

⇨ Life-এর ঘরে ক্লিক করে C3*12 লিখুন এবং Period-এর ঘরে ক্লিক করে 1 লিখুন।


⇨ Factor-এর ঘরে 2 লিখতেও পারেন, কিছু নাও লিখতে পারেন। কারণ, Factor-এর ঘরে কিছু না লিখলে, double decline পদ্ধতি অনুসারে এটিকে 2 ধরা হয়।

⇨ দেখুন, Formula result-এ মেশিনটির প্রথম মাসের depreciation দেখাচ্ছে— 25000.




১ম বছরের depreciation বের করার জন্য—

⇨ কোনও একটি Cell-এ Depreciation চার্টের তৃতীয় Formula =DDB(C1,C2,C3,1,2) লিখে 'Enter' দিন। দেখুন Result দেখাচ্ছে— Rs. 300,000.00




ক্রমশ

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



যাদবপুরের ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিকস অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি-তে প্রোগ্রামিং এবং ওয়েব ডিজাইনিং শেখানো হয় কি? —চৈতালি দে, হুগলি।

□□ হ্যাঁ শেখানো হয়। এখানে প্রোগ্রামিং, ওয়েব ডিজাইনিং-সহ কম্পিউটারের বিভিন্ন কোর্স করানো হয়।

ব্লগ-কে কীভাবে ব্যবহার করা যায়? —গোকুল পাণ্ডা, রাঙা-মাটি, জেলা-পশ্চিম মেদিনীপুর।

□□ একটি ওয়েবসাইটে যেমন বিভিন্ন লেখা, ছবি, অডিও, ভিডিও ইত্যাদি রাখা যায়, তেমনই একটি ব্লগেও এসব রাখা যেতে পারে। ইন্টারনেটের মাধ্যমে যে-কেউ ব্লগ দেখতে পারেন বা বানিয়ে নিতে পারেন। ব্লগ সাধারণত ব্যক্তিগত প্রয়োজনেই ব্যবহার করা হলেও ব্লগের বাণিজ্যিক ব্যবহারও সম্ভব। তবে একটি ওয়েবসাইটের মতো বেশি স্পেস বা জায়গা থাকে না বলে এতে লেখা, ছবি বা ভিডিও বেশি পরিমাণে রাখা যায় না। নিজের একটি ই-মেল ঠিকানা থাকলে তা দিয়ে লগ-ইন বা রেজিস্টার করে নিজের ব্লগ বানিয়ে নিতে পারেন।

কম্পিউটারের Full Duplex Sound Card কী? —মতিয়ার রহমান, জঙ্গিপুর, মুর্শিদাবাদ।

□□ কম্পিউটারের ফুল ডুপ্লেক্স সাউন্ড কার্ড হল যে-কোনও সাউন্ড কার্ড বা অডিও কার্ডের মতোই কম্পিউটার এক্সটেনশন কার্ড। সাউন্ড কার্ড বা অডিও কার্ডের মতো গান, ভিডিও বা যে-কোনও শব্দ শোনা ছাড়াও ফুল ডুপ্লেক্স সাউন্ড কার্ডের সাহায্যে রেকর্ডিংও করা যায়।

ম্যাক্রো অপশনটি মাইক্রোসফট ওয়ার্ডের কোথায় পাব? —পবিত্র মণ্ডল, যাদবপুর, কলকাতা - ৯২।

□□ মাইক্রোসফট ওয়ার্ডের Tools মেনুবারের মেনুর মধ্যে Macro টুলটি রয়েছে।

কম্পিউটারের ডেস্কটপকে কীভাবে ক্লিন-আপ করা যায়? —কোহিনুর শেখ, ওল্ড মালদা।

□□ কম্পিউটারের ডেস্কটপ ক্লিন-আপ করতে গেলে প্রথমে ডেস্কটপের ওপর মাউসের রাইট বাটন ক্লিক করে 'প্রপার্টিজ'-এ যান। 'ডিসপ্লে প্রপার্টিজ' উইন্ডো থেকে 'ডেস্কটপ' বাটনে ক্লিক করুন। এরপর 'কাস্টমাইজ ডেস্কটপ' বাটনে ক্লিক করলে 'ক্লিন ডেস্কটপ নাও' বাটন পাবেন। এই বাটনে ক্লিক করে ডেস্কটপ ক্লিন-আপ করতে পারবেন। অন্যভাবে 'স্টার্ট' বাটন থেকে 'কন্ট্রোল প্যানেল'-এ গিয়েও 'ডিসপ্লে' আইকনে ডাবল ক্লিক করে 'ডিসপ্লে প্রপার্টিজ' উইন্ডোটি পাবেন। এরপর ওপরের ধাপগুলি অনুসরণ করে ডেস্কটপ ক্লিন-আপ করতে পারেন।

# সরকারি প্রকল্পে নিখরচায় ডেটা এন্ট্রি ও টেলারিংয়ের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** পশ্চিমবঙ্গের বেকার যুবক-যুবতীদের স্বনির্ভরতার লক্ষ্যে নিখরচায় প্রশিক্ষণ দেবে পশ্চিমবঙ্গ সোসাইটি ফর স্কিল ডেভেলপমেন্ট। রাজ্য সরকারের 'উৎকর্ষ বাংলা ২০১৬' প্রকল্পে এই প্রশিক্ষণ দেওয়া হবে। উল্লেখ্য, নানা কারণে স্কুলের পড়া শেষ করতে পারেননি, রাজ্যের এমন ছেলেমেয়েদের নিখরচায় বৃত্তিমূলক প্রশিক্ষণ দিতেই সরকার উৎকর্ষ বাংলা প্রকল্প শুরু করেছে। প্রশিক্ষণ শেষে সফল প্রার্থীদের সার্টিফিকেট দেবে রাজ্য সরকার। এখনই ভর্তির জন্য আবেদন করতে পারেন।

প্রশিক্ষণ দেবে রাজ্য সরকারের স্বীকৃত সংস্থা মাইক্রোসিস। প্রশিক্ষণ দেওয়া হবে এই দু'টি কোর্সে-

● **ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর**

অন্তত মাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করতে পারেন। কোর্সের মেয়াদ ৪ মাস। বয়স হতে হবে ১৮-৪০ বছরের মধ্যে।


● **সেল্ফ এমপ্লয়েড টেলর**

অন্তত অষ্টম শ্রেণি পাশ হলে আবেদন করা যাবে। কোর্সের মেয়াদ ৪ মাস। বয়স হতে হবে ১৮-৪০ বছরের মধ্যে।

## কীভাবে ভর্তি

এখনই ভর্তির জন্য আবেদন করুন। আগে এলে আগে ভর্তি পদ্ধতিতে ভর্তি চলছে। আগ্রহীদের সরাসরি এসে জীবনপঞ্জি জমা দিতে হবে প্রশিক্ষণ কেন্দ্রের এই ঠিকানায়: মাইক্রোসিস, ৩ ওল্ড কোর্ট লেন, মানসী বাজারের বিপরীতে, পোস্ট: শ্রীরামপুর, জেলা: হুগলি-৭১২২০১। অথবা জীবনপঞ্জি ই-মেল করতে পারেন এই মেল আই ডিতে: webonlineapply@gmail.com

জীবনপঞ্জিতে থাকবে: ছবি ও সই-সহ প্রার্থীর নাম, বাবার নাম, পিন কোড-সহ ঠিকানা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ক্যাটেগরি, আধার নম্বর, মোবাইল ফোন নম্বর এবং কোন প্রশিক্ষণ নিতে চাইছেন তার উল্লেখ। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন [illegible] অথবা ৮৭৭৭২০৮৬৮৪।



## কাজের সুযোগ

সংস্থার প্রোগ্রাম কো-অর্ডিনেটর কৌশিকশঙ্কর দাস 'কর্মক্ষেত্র'-কে জানালেন, সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রার্থীদের প্রধানমন্ত্রী স্বরোজগার যোজনা, জেলা শিল্প কেন্দ্রের বিভিন্ন প্রকল্প ও অন্যান্য সরকারি স্বনির্ভর প্রকল্প থেকে ঋণের ব্যবস্থা করে দেওয়া হয়। গত বছরই টেলরিংয়ের প্রশিক্ষণ শেষ করার পরে ৩০ জন মহিলাকে স্বাধীন ভাবে ব্যবসা করার জন্য ঋণের ব্যবস্থা করে দেওয়া হয়েছে বলে জানান তিনি। এছাড়া বিভিন্ন বেসরকারি সংস্থায় চাকরির সুযোগ থাকে। প্রশিক্ষণ কেন্দ্রের তরফেও প্লেসমেন্টের ব্যবস্থা করা হয়। জিন্দাল, ভূষণ, ফ্লিপকার্ট প্রভৃতি সংস্থা এবং কলকাতা পুলিশের দপ্তরে প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা ডেটা এন্ট্রির কাজ করছেন বলে জানালেন কৌশিকশঙ্করবাবু।

DISH TV / VODA ও JIO
বাংলা কাস্টঃ কেয়ারে ছেলেমেয়ে চাই
8420455516
8420666060
9830188881

NSDC কোর্সগুলি :-
● Office Management
● Retail Management
● Website Development Technology
● Diploma in Finance & Banking
● Tally with GST
● Certificate in Aviation & Hospitality Management
● Cabin Crew
● Air-Fare Ticketing
● Ground Staff
● Travel & Tourism
● Hotel Management
Foresight Edutech (P) Ltd.
বেহালা চৌরাস্তা, কোলকাতা
8335069131 / 8335069138 / 8335069161

Admission in B.Ed 2018
JIS University Campus, Kolkata, 81, Nilgunj Road, Agarpara
Kolkata - 700109 | Ph: 8697743361/ 8697743362
National Council of Teacher Education (NCTE) দ্বারা স্বীকৃত JIS বিশ্ববিদ্যালয়ে ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তির জন্য বিজ্ঞপ্তি। সীমিত আসন সংখ্যা। BA/B.Sc অথবা MA/M.Sc অথবা B.Com/M.Com তে ন্যূনতম ৫৫ শতাংশ নম্বর আবশ্যক। ইচ্ছুক প্রার্থীরা ভর্তির জন্য JIS বিশ্ববিদ্যালয়ে সরাসরি অথবা ফোনে যোগাযোগ করতে পারেন। বিস্তারিত জানার জন্য www.jisuniversity.ac.in দেখুন। কোর্স ফি'র উপরে মেধার ভিত্তিতে বৃত্তির ব্যবস্থা। শিক্ষান্তে Placement Assistance দেওয়া হয়।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১ এপ্রিল-৭ এপ্রিল

**১ এপ্রিল** ১৩ জঙ্গিকে হত্যা করে কাশ্মীরে জঙ্গি দমনে বড়সড় সাফল্য পেল নিরাপত্তা বাহিনী। এ দিন ৩ জায়গায় অভিযান চালিয়ে এই সাফল্য পাওয়া গেছে বলে বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে। পাশাপাশি ৩ জওয়ান ও ৪ জন সাধারণ মানুষও নিহত হয়েছেন। গত বছর থেকেই জঙ্গিদমন অভিযানে গতি বাড়িয়েছে কেন্দ্র। তার ফলেই একের পর এক জঙ্গি গোষ্ঠীর শীর্ষনেতা মারা পড়েছে অভিযানে। ২০১০-১১ সালের পর এ দিনই সবচেয়ে বড় অভিযান হল কাশ্মীরে, যে দিন একসঙ্গে ১৩ জন জঙ্গি মারা পড়ল।

## উইনি ম্যান্ডেলা প্রয়াত



২ এপ্রিল: বর্ণবৈষম্যের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামের শীর্ষস্থানীয় নেত্রী ও সে দেশের অবিসংবাদী নেতা নেলসন ম্যান্ডেলার প্রাক্তন স্ত্রী উইনি ম্যান্ডেলা (৮১) প্রয়াত হলেন। ২০১৬ সালে জ্যাকব জুমা সরকার তাঁকে দেশের সর্বোচ্চ সম্মানে ভূষিত করে। ম্যান্ডেলার সঙ্গে বিবাহবিচ্ছেদ এবং উইনির বিরুদ্ধে বিভিন্ন সময়ে ব্যক্তিগত দুর্নীতির অভিযোগ উঠলেও কৃষ্ণাঙ্গদের স্বাধীনতার লড়াইয়ে তাঁর ঐতিহাসিক ভূমিকা সব সময়ই মনে রেখেছেন দক্ষিণ আফ্রিকাবাসী। ১৯৬৪ সালে নেলসন ম্যান্ডেলাকে যখন কারাবাসে পাঠানো হল তার পর থেকে কৃষ্ণাঙ্গদের বিরুদ্ধে লড়াইয়ের প্রধান মুখ হয়ে ওঠেন উইনি। ছবি: পিটিআই

**২ এপ্রিল** ইরাক থেকে ফিরল ৩৮ জন ভারতীয়র কফিন বন্দি দেহ। বিদেশ প্রতিমন্ত্রী ভি কে সিংয়ের তত্ত্বাবধানে অমৃতসরের শ্রী গুরু রামদাসজি আন্তর্জাতিক বিমানবন্দরে দেহ নিয়ে নামে বিমান। বিদেশ প্রতিমন্ত্রী জানান, মসুলের কাছে বাদুসের যে এলাকায় দেহগুলি পাওয়া গিয়েছে সেখানে কিছু বিষাক্ত পদার্থেরও সন্ধান পাওয়া যায়। ফলে ইরাকে অনুসন্ধানে সাহায্যকারী স্বেচ্ছাসেবী সংস্থা কফিন খুললে বিপদের আশঙ্কা রয়েছে বলে জানিয়েছে।

**৩ এপ্রিল** একটি রায় দিতে গিয়ে শীর্ষ আদালত জানাল, জম্মু-কাশ্মীরের বিশেষ মর্যাদা সংক্রান্ত সংবিধানের ৩৭০ অনুচ্ছেদটি অস্থায়ী নয়। ২০১৭ সালেই একটি মামলার রায় দিতে গিয়ে সুপ্রিম কোর্ট বিষয়টি জানিয়ে দিয়েছিল বলে জানায় এ দিনকার মামলার রায়দানকারী বেঞ্চে। উল্লেখ্য, ৩৭০ অনুচ্ছেদকে অস্থায়ী তকমা দেওয়ার আর্জি জানিয়েছিলেন কুমারী বিজয়লক্ষ্মী ঝা নামে এক আবেদনকারী। সেই আর্জির প্রেক্ষিতেই এই মন্তব্য বেঞ্চের।

**পাক জঙ্গি নেতা হাফিজ সইদের জামাত** উদ দাওয়া সংগঠনের রাজনৈতিক শাখা মিল্লি মুসলিম লিগকে বিদেশি জঙ্গি সংগঠনের তালিকাভুক্ত করল মার্কিন বিদেশ দপ্তর। ওই দলের ৭ কেন্দ্রীয় নেতাকেও জঙ্গি তালিকাভুক্ত করেছে মার্কিন প্রশাসন। মিল্লি মুসলিম লিগের পাশাপাশি হাফিজের আর এক সংগঠন তেহরিক-ই-আজাদি-কাশ্মীরকেও নিষিদ্ধ তালিকায় এনেছে মার্কিন বিদেশ দপ্তর। লস্কর ই তইবা ও জামাত উদ দাওয়া অনেক দিন আগে থেকেই মার্কিন জঙ্গি তালিকায় ছিল। নিষেধাজ্ঞা এড়াতে বারবার নাম বদলও করেছে হাফিজের সংগঠন। সম্প্রতি গৃহবন্দি হলেও প্রমাণের অভাবে লাহোর হাইকোর্টের রায়ে লস্কর প্রধানকে মুক্তি দেওয়া হয়। এর পর থেকেই পাকিস্তানে রাজনৈতিক দল গড়ে নির্বাচনে অংশ নেওয়ার তোড়জোড় শুরু করে দেন হাফিজ ও তাঁর সহযোগীরা।

## দলিত সম্প্রদায়ের ডাকা ভারত বন্‌ধ ঘিরে অশান্তি



২ এপ্রিল: দলিত সংগঠনগুলির ডাকা ভারত বন্‌ধ ঘিরে অশান্তি ছড়িয়ে পড়ল দেশের নানা জায়গায়। পুলিশের গুলিতে মৃত্যু হল ৯ বিক্ষোভকারীর। মধ্যপ্রদেশের গোয়ালিয়র, ভিন্দ ও মোরেনাতে এক জওয়ানেরা সহ ছ'জনের মৃত্যু হয়েছে। রাজস্থানের অলওয়ারে এক জন এবং উত্তরপ্রদেশের মুজফ্ফরনগর ও মেরঠে পুলিশের সঙ্গে সংঘর্ষে দুই বিক্ষোভকারীর মৃত্যু হয়েছে। সংঘর্ষ ছড়ানোর ফলে পাঞ্জাব, রাজস্থান, ঝাড়খণ্ড, উত্তরপ্রদেশ ও মধ্যপ্রদেশের বিভিন্ন এলাকায় বিপর্যস্ত হয়েছে জনজীবন। সম্প্রতি দলিত আইন নিয়ে সুপ্রিম কোর্টের বক্তব্যকে ঘিরে বিতর্ক ছড়ায়। গত ২০ মার্চ সুপ্রিম কোর্ট জানায় তপসিলি জাতি ও উপজাতিদের ওপর অত্যাচার রুখতে যে আইন আছে, অনেক ক্ষেত্রেই তার অপব্যবহার হয়। শীর্ষ আদালত জানায় সরকারি কর্মীদের বিরুদ্ধে এই ধরনের অত্যাচারের অভিযোগ এলে নিয়োগ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া তাঁদের গ্রেপ্তার করা যাবে না। অন্য কোনও নাগরিকের বিরুদ্ধে অভিযোগ এলেও তাঁকে গ্রেপ্তারের আগে ডিএসপি পদমর্যাদার কোনও পুলিশ আধিকারিককে দিয়ে তদন্ত করানোর কথাও বলা হয়েছে। এর ফলে এসসি এসটি নিপীড়ন প্রতিরোধ আইন লঘু করা হচ্ছে বলে মনে করে আন্দোলনে নামেন দলিত সংগঠনগুলি এবং বিরোধী রাজনীতিকরা। ছবি: পিটিআই



"এমনিতেই চোরাশিকারের বাড়বাড়ন্ত। এখানে অভিযুক্ত একজন চিত্রতারকা। তিনি অন্যদের দৃষ্টান্ত। লোকে তাঁকে অনুকরণ করে। সেই তিনিই নিরীহ হরিণগুলোকে মেরেছেন।"

দেবকুমার খত্রী, মুখ্য বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট যোধপুর
কৃষ্ণসার মামলায় সলমন খানকে সাজা শোনানোর পর

## ভারতে এলেন ওলি, নেপালের ভূমিকায় ক্ষোভ দিল্লির



৬ এপ্রিল: তিন দিনের ভারত সফরে এলেন নেপালের প্রধানমন্ত্রী কে পি ওলি। ভারতের মাটিতে পা দেওয়ার আগেই এক সাক্ষাৎকারে পরিকল্পিতভাবেই নয়াদিল্লির সমালোচনা করে তিনি জানিয়েছেন, ওবর প্রকল্পে যোগ দিলে নেপাল ঋণের ফাঁদে পড়ে যাবে বলে ভারত প্রচার চালাচ্ছে। চিন-ভারত সংঘাতের জেরেই ভারত এমন প্রচার চালাচ্ছে বলেও জানান তিনি। ওলির কথায়, 'ভারত-পাকিস্তানের মধ্যেও তো সমস্যা রয়েছে। কিন্তু পাকিস্তান ভারত সম্পর্কে যে ভাষা ব্যবহার করে, কই, আমরা তো তা করি না।' কূটনৈতিক সূত্রের মতে ওলির কথায় কিছুটা ক্ষুব্ধ হয়েই নেপালের প্রধানমন্ত্রীকে স্বাগত জানাতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিজে যাননি বিমানবন্দরে। বদলে স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং বিমানবন্দরে ওলিকে স্বাগত জানান। সন্ধ্যায় মোদী-ওলি বৈঠক হয় নয়াদিল্লিতে। সেখানে ওলিকে মোদী জানিয়ে দেন, কাঠমাণ্ডুর পরিকাঠামো নির্মাণের কাজে ভারত অবশ্যই নেপালের পাশে থাকতে চায়। কিন্তু বাঁধ নির্মাণের কাজে নেপাল শুধু চিনকেই বরাত দিলে সে দেশের কাছ থেকে বিদ্যুৎ কেনার বিষয়টি পুনর্বিবেচনা করবে ভারত। ওলিও সাউথ ব্লককে জানান, খোলা সীমান্তের সুযোগ নিয়ে নেপালের অভ্যন্তরীণ বিষয়ে ভারতের হস্তক্ষেপ মেনে নেওয়া হবে না। ছবি: পিটিআই

**৪ এপ্রিল** কেন্দ্রীয় মন্ত্রিসভা মানবাধিকার রক্ষা (সংশোধনী) বিল, ২০১৮-র অনুমোদন দিল। বিলটিতে জাতীয় শিশু অধিকার রক্ষা কমিশনকে জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য করার কথা বলা হয়েছে। কমিশনে একজন মহিলা সদস্য রাখার কথাও বলা হয়েছে। জাতীয় ও রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন, নির্বাচনের পরিধি বাড়ানো, অন্যান্য কমিশনের প্রধানদের কার্যকালের সঙ্গে তাঁদের কার্যকালের সামঞ্জস্য আনার বিষয়টিও বিলে সংযুক্ত করা হয়েছে। আন্তর্জাতিক নীতির সঙ্গে সাযুজ্য রেখে জীবন, স্বাধীনতা, সাম্য ও সম্মানের অধিকার এই বিলে নিশ্চিত করা হয়েছে।

**এশীয়-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে চিনের** অতিসক্রিয়তা রুখতে ভারত, জাপান ও আমেরিকা আমলা পর্যায়ের বৈঠক সারল নয়াদিল্লিতে। বিদেশ মন্ত্রক জানিয়েছে, তিন দেশের কর্তারা নিজেদের মধ্যে সহযোগিতা, যোগাযোগ, সন্ত্রাস-বিরোধিতার দিশা, সমুদ্র নিরাপত্তা এবং সমুদ্র অর্থনীতিতে সমন্বয় জোরদার করার লক্ষ্যে আলোচনা করেছেন। প্রত্যেকটি দেশই জানিয়েছে, আশিয়ানভুক্তির মাধ্যমে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে খোলামেলা, উদার এবং সমৃদ্ধ একটি ব্যবস্থার জন্য লড়াই চলবে।' দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যেহেতু শক্তির ভারসাম্য ধীরে ধীরে সরে এসেছে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে তাই এই অঞ্চলটি নিয়ে ক্ষমতার টানাপড়েনও চলছে দীর্ঘদিন ধরে। এই বিরাট জলভাগের প্রায় মাঝখানে অবস্থিত দক্ষিণ চিন সাগরকে ঘিরে ক্ষমতার লড়াই তীব্র হয়েছে বৃহৎ শক্তিগুলির মধ্যে। চিন দাবি করে, দক্ষিণ চিন সাগর আন্তর্জাতিক জলভাগ নয়। ওই সমুদ্রের ৯০ ভাগই চিনের নিজস্ব জলসীমা বলে দাবি বেজিংয়ের। এই তত্ত্বের ঘোর বিরোধী আমেরিকা ও অন্যান্য পশ্চিমি দেশ। দক্ষিণ চিন সাগরের চারপাশে অবস্থিত ভিয়েতনাম, মালয়েশিয়া, ব্রুনেই, তাইওয়ান, ফিলিপিন্সও এই তত্ত্বের তীব্র বিরোধী।


**ক্যালিফোর্নিয়ায় ইউটিউবের সদর দপ্তরে** হামলা চালিয়ে বেশ কয়েকজনকে আহত করল নাসিম নাজাফি আগদাম নামে ইরানি বংশোদ্ভূত এক মহিলা বন্দুকবাজ। পরে নিজের গুলিতেই আত্মঘাতী হয় ওই মহিলা। আমেরিকায় বন্দুকবাজের হামলার ঘটনা হামেশাই ঘটলেও মহিলা বন্দুকবাজের হামলা বিরল। হামলার পরে পরিস্থিতির মোকাবিলায় মার্কিন পুলিশের ভূয়সী প্রশংসা করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে ঘটনার পরে সংস্থার কর্মীদের পাশে থাকার বার্তা দিয়েছেন গুগলের সিইও সুন্দর পিচাই।

**১৯৭৬ সালে জাতীয়করণ হওয়া বার্ন** স্ট্যান্ডার্ড সংস্থা গুটিয়ে দেওয়ার প্রস্তাবে সিলমোহর দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। বার্ন অ্যান্ড কো এবং ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড ওয়াগন কোম্পানি— এই দুই সংস্থা মিশে তৈরি বার্ন স্ট্যান্ডার্ড। দুই সংস্থাই বিপুল ঐতিহ্যের অধিকারী। বার্ন স্ট্যান্ডার্ডেরও পরিচিতি দেশের সবচেয়ে পুরনো এবং অন্যতম অগ্রণী ওয়াগন নির্মাতা হিসেবে। হাওড়া এবং বার্নপুরে রয়েছে সংস্থার কারখানা। গতবছর কেন্দ্রের কাছে সংস্থা গুটিয়ে না দেওয়ার আর্জি জানিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি নিজে রেলমন্ত্রী থাকার সময় রেলমন্ত্রকের অধীনে নিয়ে এসেছিলেন বার্ন স্ট্যান্ডার্ডকে।

**আন্তর্জাতিক বাণিজ্যে পরস্পরের পণ্যে** শুল্ক চাপানোর লড়াই শুরু করল বিশ্বের দুই বৃহৎ অর্থনৈতিক শক্তি আমেরিকা ও চিন। আমেরিকাই প্রথমে ১,৩০০টি চিনা রপ্তানি পণ্যে ৫ হাজার কোটি ডলারের শুল্ক বসানোর তালিকা প্রকাশ করেছে। পাল্টা হিসেবে চিন ১৪টি ক্ষেত্রের ১০৬টি মার্কিন পণ্যে সমপরিমাণ আমদানি শুল্ক চাপিয়েছে। শুল্কের হার ২৫ শতাংশ। আমেরিকা মূলত যোগাযোগ প্রযুক্তি, যন্ত্রপাতি, রোবট ইত্যাদি ক্ষেত্রে শুল্ক বসালেও চিন যে সমস্ত মার্কিন পণ্যে শুল্ক বসিয়েছে, সেগুলির চিনে বিপুল বাজার রয়েছে। যেমন, সয়াবিন, কমলার রস, শুয়োরের মাংস, ছোট গাড়ি ইত্যাদি।

**৫ এপ্রিল** পাকিস্তান নিয়ন্ত্রিত আজাদ-কাশ্মীর প্রসঙ্গে কমনওয়েলথভুক্ত দেশগুলির মাঝে কাশ্মীর প্রসঙ্গ তোলায় ভারত তার তীব্র নিন্দা করল। আন্তঃসংসদীয় সংগঠনের বৈঠকে এই সম্মেলনে কাশ্মীর নিয়ে সরব হয় পাকিস্তান। জবাবে ভারতীয় কূটনীতিক প্রিয়াঙ্কা মেহতানি বলেন, 'পৃথিবী দ্রুত বদলে যাচ্ছে। তা সামলাতে আমাদের একজোট হয়ে কাজ করা প্রয়োজন। কিন্তু পাকিস্তান এই মঞ্চকেও নিজেদের স্বার্থে ব্যবহার করতে চাইছে। প্রতিবেশীকে আমার পরামর্শ, আগে নিজেদের ঘর সামলানোর ব্যবস্থা করুন। ইসলামাবাদকে পৌরবাহিত করা, সন্ত্রাসে মদত দেওয়া এ সব কৌশল পুরনো হয়ে গিয়েছে।'

## কৃষ্ণসার মামলায় ৫ বছরের জেল সলমনের, জামিন দু'দিনে



৫ এপ্রিল: কৃষ্ণসার হরিণ শিকারের অপরাধে ৫ বছরের কারাদণ্ড হল বলিউড অভিনেতা সলমন খানের। সঙ্গে ১০ হাজার টাকা জরিমানা। ১৯৯৮ সালে রাজস্থানে শুটিং করতে গিয়ে দু'টি কৃষ্ণসার হরিণ শিকারের অপরাধে সলমনকে এই সাজা শুনিয়েছেন যোধপুরের মুখ্য বিচারবিভাগীয় ম্যাজিস্ট্রেট। একই মামলায় অভিযুক্ত বলিউডের অন্য চার তারকা সইফ আলি খান, টাবু, সোনালি বেন্দ্রে এবং নীলম প্রমাণের অভাবে রেহাই পেলেন। কৃষ্ণসার শিকারের প্রায় একই সময় রাজস্থানে চিঙ্কারা হরিণ শিকারেরও অভিযোগ ওঠে সলমনের বিরুদ্ধে। এছাড়া মুম্বইয়ে মদ্যপ অবস্থায় গাড়ি চালিয়ে এক ফুটপাথবাসীর মৃত্যু ঘটানোর অভিযোগও রয়েছে অভিনেতার বিরুদ্ধে। জেলে গেলেও ৭ এপ্রিল জামিন পেয়ে যান সলমন। ছবি: পিটিআই

**দুর্নীতির অভিযোগে দোষী সাব্যস্ত হওয়া** ব্রাজিলের প্রাক্তন প্রেসিডেন্ট লুলা ডি সিলভা কারাদণ্ড ভোগ করা থেকে অব্যাহতি পেলেন না। এই মামলায় ১২ বছর জেল হয় তাঁর। ব্রাজিলের সুপ্রিম কোর্ট এ দিন তাঁর আবেদন খারিজ করেছে। বিচারকদের রায় ৬-৫ বিভক্ত ছিল। এর ফলে আগামী অক্টোবরে সে দেশের নির্বাচনে দাঁড়ানো হবে না লুলার।

**৭ এপ্রিল** জার্মানির শহর মুনস্টারে গাড়ি নিয়ে হামলা চালাল আততায়ী। রাস্তার পাশে খোলা রেস্তোরাঁর সামনে বেশ ভিড় ছিল। সেই ভিড়ের মধ্যেই গাড়ি চালিয়ে দেয় আততায়ী। চালকসহ মৃত্যুর পাশাপাশি জখম হয়েছেন অন্তত ৩০ জন। উদ্ধারকারীদের অনুমান আত্মঘাতী হামলাকারী ঘটনার পরই আত্মঘাতী হয়েছে বলে জানা গেছে। এটা জঙ্গি হামলা কি না খতিয়ে দেখতে তদন্তে নেমেছে পুলিশ।

## কমনওয়েলথে সোনা জিতলেন চানু



৫ এপ্রিল: অস্ট্রেলিয়ার গোল্ড কোস্টে কমনওয়েলথ গেমসের ভারোত্তোলনে রেকর্ড গড়ে সোনা জিতলেন মণিপুরের মেয়ে মীরাবাই চানু। মেয়েদের ভারোত্তোলনের ৪৮ কেজি বিভাগে গেমসের সব রেকর্ড ভেঙে দিয়েছেন চানু। 'স্ন্যাচ' এবং 'ক্লিন অ্যান্ড জার্ক'-এ ৬টি লিফটে মোট ১৯৬ কেজি ওজন তুলে রেকর্ড করেন তিনি। রিও অলিম্পিকে ব্যর্থ হলেও গোল্ড কোস্টে সোনা জিতে চানু বলেছেন, 'সোনা জেতা নিয়ে কোনও সন্দেহ ছিল না। কিন্তু নতুন রেকর্ড হওয়ার কথা মাথায় ছিল না।' এ দিন চানুর সোনা জয়ের পাশাপাশি রুপো জিতেছেন কর্নাটকের ভারোত্তোলক পি গুরুরাজা। ছবি: পিটিআই

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# নার্সিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্স

নার্সিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে মুম্বইয়ের টাটা মেমোরিয়াল সেন্টার। কোর্সের মেয়াদ ২ বছর। এই কোর্সের বিজ্ঞপ্তি নম্বর: PG/1/2018.

**আসনসংখ্যা:** ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি এসসি নার্সিং বা পোস্ট-বেসিক বি এসসি নার্সিং। সেই সঙ্গে অবশ্যই স্টেট নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। এর পাশাপাশি কোনও হাসপাতাল বা নার্সিং হোম বা কমিউনিটি হেলথ সেন্টারে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা (১০০ নম্বর), গ্রুপ ডিসকাশন (৩০ নম্বর) এবং ইন্টারভিউয়ের (২০ নম্বর) মাধ্যমে। প্রবেশিকা পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে অঙ্কোলজি নার্সিং, জেনারেল নার্সিং, জেনারেল ইংলিশ, ম্যাথমেটিক্স এবং জেনারেল নলেজ বিষয়ে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tmc.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে তার এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'Tata Memorial Centre, Parel, Mumbai'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

ডিমান্ড ড্রাফট এবং প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ আবেদনপত্রের প্রিন্ট আউট-ভরা খামের ওপর লিখবেন 'APPLICATION FOR M.Sc. NURSING COURSE.' আবেদনপত্র ২ মে-র মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Director, Academics, Homi Bhabha Block Building, 13th Floor, Tata Memorial Hospital, Parel, Mumbai-400 012.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরিতে ফেলোশিপ

বিজ্ঞানের বিভিন্ন শাখায় গবেষণার জন্য স্নাতকোত্তর ডিগ্রিপ্রাপ্তদের জুনিয়র রিসার্চ ফেলোশিপ দেবে ফিজিক্যাল রিসার্চ ল্যাবরেটরি। এটি কেন্দ্রের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। গবেষণার শাখাগুলি হল: অ্যাস্ট্রোনমি ও অ্যাস্ট্রোফিজিক্স, সোলার ফিজিক্স, জিওসায়েন্সেস, প্ল্যানেটারি সায়েন্সেস, স্পেস অ্যান্ড অ্যাটমোস্ফেরিক সায়েন্সেস, অ্যাটমিক, মলিকিউলার অ্যান্ড অপটিক্যাল ফিজিক্স এবং থিওরিটিক্যাল ফিজিক্স।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিং পড়ে থাকতে হবে এবং মোট অন্তত ৬০ শতাংশ নম্বর বা সমতুল গ্রেড পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে ফিজিক্যাল সায়েন্স বা কেমিক্যাল সায়েন্সেস বা আর্থ, অ্যাটমোস্ফেরিক, ওশান অ্যান্ড প্ল্যানেটারি সায়েন্স বিষয়ে ২০১৬ সালের ডিসেম্বর বা ২০১৭ সালের জুন বা ডিসেম্বরে সি এস আই আর ইউ জি সি নেট বা নেট জে আর এফ পরীক্ষা অথবা ফিজিক্স বা জিওলজি অ্যান্ড জিওফিজিক্স বা অ্যাটমোস্ফেরিক অ্যান্ড ওশানিক সায়েন্সেস বা কেমিস্ট্রি বিষয়ে ২০১৬ বা ২০১৭ বা ২০১৮ সালের গেট পরীক্ষা অথবা ফিজিক্সে ২০১৮ সালের জয়েন্ট এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট (জেস্ট) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

২০১৬ সালের আগে স্নাতকোত্তর ডিগ্রি পেয়ে থাকলে আবেদন করবেন না। ফাইনাল ইয়ারের ছাত্র-ছাত্রীরা শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** ৩১-১২-২০১৭ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে।

ফেলোশিপ হিসেবে প্রথম ও দ্বিতীয় বছরে প্রতি মাসে ২৫,০০০ টাকা এবং তৃতীয় বছরে প্রতি মাসে ২৮,০০০ টাকা পাওয়া যাবে। এছাড়াও পড়াশোনার খরচ বাবদ পাঁচ বছরের জন্য প্রতি বছর ১০,০০০ টাকা পাওয়া যাবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.prl.res.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ এপ্রিল। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২১ ও ২২ মে এবং ১৮ ও ১৯ জুন, আমেদাবাদে।

আবেদনের পদ্ধতি এবং অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ন্যাশনাল স্কুল অব ড্রামায় ডিপ্লোমা কোর্সে ভর্তি



নয়াদিল্লির ন্যাশনাল স্কুল অব ড্রামা নাট্যকলায় (ড্রামাটিক আর্টস) ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। শিক্ষার্থীদের থিয়েটারে অভিনয়, পরিচালনা, ডিজাইন ও সংশ্লিষ্ট শাখায় অন্যান্য পেশাদারি প্রশিক্ষণ দেওয়া হবে। কোর্স চলাকালীন স্কলারশিপ দেওয়া হবে। এটি একটি আবাসিক কোর্স। কোর্স শুরু হবে জুলাই মাসে।

**আসনসংখ্যা:** ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি ৭)। সরকারি নিয়মানুসারে দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত হবে। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্তত স্নাতক। সেইসঙ্গে কমপক্ষে ৬টি মঞ্চ-প্রযোজনায় অংশগ্রহণ করে থাকতে হবে। এছাড়া হিন্দি বা ইংরেজি ভাষায় জ্ঞান থাকা আবশ্যক। **বয়স:** ১-৭-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন। **স্কলারশিপ:** প্রতি মাসে ৮,০০০ টাকা।

প্রার্থী মনোনীত করা হবে দু'টি ধাপে। প্রথমে প্রার্থীদের একটি অডিশন নেওয়া হবে। কলকাতায় অডিশনের তারিখ ১৬, ১৭ এবং ১৮ মে। অডিশনে উত্তীর্ণ প্রার্থীদের একটি ৫ দিনের কর্মশালায় যোগদান করতে হবে এবং পারফর্ম্যান্সের ভিত্তিতে বিশেষজ্ঞ কমিটি প্রার্থী মনোনীত করবেন। কর্মশালাটি চলবে ২৬ থেকে ৩০ জুন, দিল্লিতে। সবশেষে প্রার্থীদের একটি মেডিক্যাল টেস্ট দিতে হবে।

অনলাইন বা অফলাইন, দুই পদ্ধতিতেই আবেদন করা যাবে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.onlineadmission.nsd.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ১৬ এপ্রিল। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ফি জমা দেওয়ার রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। অফলাইনে আবেদনের ক্ষেত্রে অ্যাপ্লিকেশন ফর্ম এবং প্রসপেক্টাস ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsd.gov.in ফি বাবদ দিতে হবে ১৫০ টাকার ডিমান্ড ড্রাফট। এটি 'The Director, National School of Drama, New Delhi'-র অনুকূলে প্রদেয় হতে হবে। আবেদনপত্র ভরা খামের ওপর লিখবেন: 'Application for Admission 2018-2021.' ডিমান্ড ড্রাফট-সহ পূরণ করা আবেদনপত্র ১৬ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: To Dean Academic, National School of Drama, Bahawalpur House, Bhagwandas Road, New Delhi-110 001. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে

# ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিসিস কোর্সে ভর্তি শুরু

**নিজস্ব প্রতিনিধি:** ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিসিসের ৯ মাসের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার। গুরু নানক ইনস্টিটিউট অব ফার্মাসিউটিক্যাল সায়েন্স অ্যান্ড টেকনোলজির সঙ্গে যৌথ উদ্যোগে পড়ানো হবে কোর্সটি। উল্লেখ্য, ২ মার্চ সংখ্যার 'জীবিকার আটঘাট' বিভাগে 'ওষুধপত্র বিশ্লেষণের নতুন পেশা' শীর্ষক প্রতিবেদনে এই কোর্স সম্পর্কে জানানো হয়েছিল। প্রতিবেদনে বলা হয়েছিল, মার্চের শেষ নাগাদ ভর্তির প্রক্রিয়া শুরু হবে। এখন ভর্তির জন্য আবেদন করা যাচ্ছে।

প্রসঙ্গত, ফার্মাসিউটিক্যাল টেকনিক্যাল অ্যানালিসিসের পেশাদাররা ওষুধপত্রের গুণমান যাচাই করেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারের ডিরেক্টর ডঃ তপনকুমার চট্টোপাধ্যায় জানাচ্ছেন, ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিতে ওষুধপত্র বিশ্লেষণের পেশাদারদের খুব ভালো চাহিদা রয়েছে।

সায়েন্স গ্র্যাজুয়েটরা কোর্সটি পড়তে পারেন। ডঃ চট্টোপাধ্যায় জানান, ফার্মাসির স্নাতক, স্নাতকোত্তর ছাত্রছাত্রীরা কোর্সটি করে নিলে চাকরির ক্ষেত্রে অনেক এগিয়ে থাকবেন।

৯ মাসের কোর্স ফি ৬০ হাজার টাকা।

বিশ্ববিদ্যালয়ের অফিস থেকে ভর্তির ফর্ম পাওয়া যাচ্ছে। পূরণ করা আবেদনপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়ার শেষ দিন ২৪ এপ্রিল।

তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, ফার্মাসিউটিক্যাল টেকনোলজি বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, যাদবপুর, কলকাতা-৭০০ ০৩২। ফোন: ৯০৮৮৪-০১৩৫৪।

# ১,৬৫০ মাধ্যমিক পাশ তরুণ-তরুণীকে নিখরচায় সবজি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের প্রশিক্ষণ

প্রথম পাতার পর

প্রশিক্ষণ নিতে পারবেন স্বনির্ভর গোষ্ঠী এবং এন জি ও-র মহিলা ও পুরুষ সদস্যরা।

**প্রশিক্ষণের বিষয়গুলি হল:** ফল-সব্জি সংরক্ষণ ও প্রক্রিয়াকরণ, পুষ্টি-সংক্রান্ত বিভিন্ন বিষয় ও পদ্ধতি, ক্ষুদ্র শিল্পোদ্যোগ উন্নয়ন এবং খাদ্য নিরাপত্তা আইন-২০০৬ বিষয়ে সচেতনতা।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। **বয়স:** অন্তত ১৮ বছর। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ২০০ টাকা।

প্রথম দফার প্রশিক্ষণের জন্য আবেদনগ্রহণ শুরু হয়েছে। প্রশিক্ষণ নিতে আগ্রহী প্রার্থীরা ২৩ এপ্রিল থেকে আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন নিম্নোক্ত কেন্দ্রগুলি থেকে: (১) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), মধ্য কলকাতা, পি-১৮, সি আই টি স্কিম, মানিকতলা, VIIM, মানিকতলা মেন রোড, কলকাতা-৫৪। ফোন: ০৩৩-২৩২০-৩০৬০। (২) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), দক্ষিণ কলকাতা, পি-৯৩, লেক রোড, কলকাতা-২৯। ফোন: ০৩৩-২৪৬৪৬০২৮। (৩) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), উত্তর কলকাতা, ২ নং মন্মথ দত্ত রোড, কলকাতা-৩৭। ফোন: ০৩৩-২৫৫৬৭০৯৮। (৪) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), ৭৯, বেলিলিয়াস লেন, হাওড়া-৭১১-১০১। ফোন: ০৩৩-২৬৩৭৩০৫৪। (৫) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), তৃতীয় তল-তিওয়ারি ভবন (প্রগতি সংঘ ক্লাবের কাছে), বারুইপুর, জেলা-দক্ষিণ ২৪ পরগনা। ফোন: ০৩৩-২৪৩৩৩৩৪৪। (৬) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), প্রযত্নে-পাত্র ট্রেডার্স, বাছুরডোবা, পোঃ জামদা, জেলা-ঝাড়গ্রাম-৭২১৫০৭। ফোন: ৯০৫১৮৪৯৮৪৩। (৭) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), দুর্গাপুর বঙ্কিমচন্দ্র অ্যাভিনিউ, বর্ধমান। ফোন: ০৩৪৩-২৫৬২১৯৫। (৮) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), বহরমপুর ব্যারাক স্কোয়্যার, বহরমপুর, মুর্শিদাবাদ। ফোন: ০৩৪৮২-২৬২০২৭। (৯) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), মনস্কামনা রোড, মালদা। ফোন: ০৩৫১২-২৬৪১২২। (১০) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), বর্ধমান, সরকার ভিলা, কালি বাজার, বর্ধমান। ফোন: ০৩৪২২-৬৬৩১৩১। (১১) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), মুখ্য বাজার চত্বর, শিলিগুড়ি নিয়ন্ত্রিত বাজার সমিতি, প্রধাননগর, দার্জিলিং-৭৩৪০০৩। ফোন: ০৩৫৩২-৫১০৬৮৪। (১২) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), কৃষ্ণনগর (১ নং ব্লক), কৃষক বাজার চত্বর, জাহাঙ্গিরপুর, কৃষ্ণনগর, নদিয়া। ফোন: ৯৯৩২৯৯৮৯৬৫। (১৩) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), ৩১/২ মোড় বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর। ফোন: ০৩৫২২-২৫৫২৩৬। (১৪) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), লেখাপড়া বিল্ডিং, সিলভার জুবিলি রোড, কোচবিহার। ফোন: ০৩৫৮২-২২২৮৯০। (১৫) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), স্টেশন রোড, পশ্চিম মেদিনীপুর। ফোন: ০৩২২২-২৭১৫৭৩। (১৬) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), বাঁকুড়া কৃষক বাজার, নতুনচটি। ফোন: ০৩২৪২-২৪১২১৮। (১৭) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), জেলা পরিষদ ভবন, পুরুলিয়া। ফোন: ০৩২৫২-২২২৯৪৩। (১৮) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), সিউড়ি, অনাদিধাম, আর এন টেগোর রোড, বীরভূম। ফোন: ০৩৪৬২-২৫৮০৭০। (১৯) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), অগ্রসেন রোড, পি সি শর্মা মোড়, জলপাইগুড়ি। ফোন: ০৩৫৬১-২২২৩৭৭। (২০) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), আর সি মিত্রি রোড, কালিম্পং, দার্জিলিং। ফোন: ০৩৫৫২-২৫৫২৬৬। (২১) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), বারাসাত, তিতুমির বাস স্ট্যান্ড, প্রথম তল (চাঁপাডালি মোড়ের কাছে), উত্তর ২৪ পরগনা। ফোন: ০৩৩-২৫৮৪০৪৩৩। (২২) কৃষিজ বিপণন আধিকারিক (সংরক্ষণ ও প্রশিক্ষণ), বড়বাজার, চুঁচুড়া, হুগলি-৭১২ ১০১। ফোন: ০৩৩-২৬৮০২৩৭৪।

কাজের খবরে
১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
সপ্তাহে দু'দিন:
শুক্রবার - কর্মক্ষেত্র
সোমবার - আনন্দবাজার পত্রিকা কর্মক্ষেত্র সংবাদ সংস্করণ
Source - Average Issue Readership, IRS 2017

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। গণিত, রিজনিং, সাধারণ জ্ঞান ও বিজ্ঞানের প্রশ্ন আসবে।
'কর্মক্ষেত্র'-র পাঠকদের জন্য সমাধান-সহ নমুনা প্রশ্ন প্রস্তুত করেছেন
SCERT প্রশিক্ষিত স্কুল শিক্ষক কামাল হোসেন।

1. চিনির চহিতে মিষ্টি 'স্যাকারিন' প্রস্তুত করা হয়।
(a) বেনজিন থেকে (b) কয়লা থেকে (c) ফেনল থেকে (d) টলুইন থেকে
2. পাকা কলার উপাদান কোনটি?
(a) অ্যামাইল অ্যাসিটেট (b) ইথাইল অ্যালকোহল (c) মিথাইল ইথানয়েট (d) ইথার
3. ফরমালিন হল ফরমালডিহাইডের:
(a) 10% জলীয় দ্রবণ (b) 20% জলীয় দ্রবণ (c) 30% জলীয় দ্রবণ (d) 37% জলীয় দ্রবণ
4. কোন শিখা লোহা গলিয়ে জোড়া লাগাতে সাহায্য করে?
(a) অক্সিঅ্যাসিটিলিন শিখা (b) অক্সিঅ্যামোনিয়াম শিখা (c) অক্সিহাইড্রোজেন শিখা (d) অক্সিনাইট্রোজেন শিখা
5. পচা ডিমের গন্ধের জন্য দায়ী:
(a) কার্বন মনোক্সাইড (b) কার্বন ডাইঅক্সাইড (c) ক্যালশিয়াম সালফেট (d) হাইড্রোজেন সালফাইড
6. অ্যামোনিয়াম সালফেট কী?
(a) একটি লবণ (b) একটি ক্ষার (c) একটি মিশ্রণ (d) একটি অ্যাসিড
7. কয়লার মূল উপাদান কোনটি?
(a) গ্রাফাইট (b) কার্বন (c) জিঙ্ক (d) কার্বন মনোক্সাইড
8. সিলিন্ডারে যে গ্যাস বিক্রি হয় তার নাম কী?
(a) মিথেন (b) ইথেন (c) প্রোপেন (d) বিউটেন
9. কোন অধাতু বিদ্যুৎ পরিবহণ করে?
(a) সালফার (b) গ্রাফাইট (c) ফসফরাস (d) সিলিকন
10. নীচের কোনটি দ্রবীভূত হয় না?
(a) ক্যালশিয়াম কার্বনেট (b) সোডিয়াম ক্লোরাইড (c) চিনি (d) সালফিউরিক অ্যাসিড
11. খাবার সোডার রাসায়নিক সংকেত কোনটি?
(a) $Na_2CO_3$ (b) $Na_2SO_4$ (c) $NaNO_3$ (c) $NaHCO_3$
12. থার্মোমিটারে পারদ ব্যবহার করা হয় কারণ:
(a) গলনাঙ্ক কম (b) স্ফুটনাঙ্ক বেশি (c) একমাত্র তরল ধাতু (d) অল্প তাপে আয়তন অনেক বেশি বৃদ্ধি পায়
13. সবচেয়ে মূল্যবান ধাতু?
(a) স্বর্ণ (b) রুপো (c) হীরক (d) প্লাটিনাম
14. শক্তির একক কোনটি?
(a) জুল (b) নিউটন (c) কেজি (d) ওয়াট
15. 1 অশ্ব শক্তি (H.P) = কত ওয়াট?
(a) 1000 ওয়াট (b) 764 ওয়াট (c) 746 ওয়াট (d) 674 ওয়াট
16. পড়ন্ত বস্তুর সূত্র কোন বিজ্ঞানী প্রদান করেন?
(a) নীলস বোর (b) গ্যালিলিও (c) রমন (d) ডারউইন
17. বস্তুর মধ্যে পদার্থের মোট পরিমাপকে বলে:
(a) ভর (b) সরণ (c) ত্বরণ (d) ওজন
18. বলের আন্তর্জাতিক একক:
(a) ক্যালোরি (b) নিউটন (c) অ্যাম্পিয়ার (d) মাইক্রন
19. সৌর কোষে ব্যবহৃত হয়:
(a) ক্যাডমিয়াম (b) জ্বালানি (c) সিলিকন (d) ফসফরাস
20. পেট্রোলের আগুন জল দ্বারা নেভানো যায় না কেন?
(a) পেট্রোলের সঙ্গে জল মিশে যায় (b) পেট্রোল জলের সঙ্গে মিশে যায় না (c) পেট্রোল জলের চেয়ে হালকা (d) b ও c উভয়ই ঠিক
21. ব্লাক বক্স কী?
(a) বাদুর বাক্স (b) বিমানে রক্ষিত ফ্লাইট ডেটা রেকর্ডারস (c) স্টিলের কালো বাক্স (d) কাঠের কালো বাক্স
22. Transistor তৈরি করতে প্রয়োজন হয়:
(a) Conductor (b) Semiconductor (c) Insulator (d) Wood
23. রাডারে যে তড়িৎ চৌম্বক ব্যবহার করা হয় তার নাম কী?
(a) গামা রশ্মি (b) পাসপোর্ট (c) মাইক্রোওয়েভ (d) আলোক-তরঙ্গ
24. প্রাকৃতিক গ্যাসে মিথেন কী পরিমাণে থাকে?
(a) 40-50 ভাগ (b) 60-70 ভাগ (c) 80-90 ভাগ (d) 100-110 ভাগ
25. বায়োগ্যাস প্লান্টে গোবর ও জলের অনুপাত কত?
(a) 1 : 2 (b) 1 : 3 (c) 1 : 4 (d) 2 : 3
26. কোনটি নবীকরণযোগ্য শক্তির উৎস?
(a) কয়লা (b) সূর্যরশ্মি (c) পেট্রোলিয়াম (d) ইউরেনিয়াম
27. পারমাণবিক বোমা কে আবিষ্কার করেন?
(a) আইনস্টাইন (b) ওপেনহেইমার (c) অটোহ্যান (d) রোজেনবার্গ
28. কোন বাঙালি বৈজ্ঞানিক আলবার্ট আইনস্টাইনের সঙ্গে যুক্তভাবে একটি তত্ত্ব দিয়েছিলেন?
(a) মেঘনাথ সাহা (b) সত্যেন্দ্রনাথ বসু (c) জগদীশচন্দ্র বসু (d) আর মহলানবিশ
29. ডাইন কীসের একক:
(a) বল (b) দ্রুতি (c) ত্বরণ (d) ভরবেগ
30. একজন মাঝি নৌকা চালানোর সময় প্রয়োগ করে:
(a) নিউটনের প্রথম সূত্র (b) নিউটনের দ্বিতীয় সূত্র (c) নিউটনের তৃতীয় সূত্র (d) নিউটনের মহাকর্ষীয় সূত্র
31. বিমান ও রকেট চলার মধ্যে মূল পার্থক্য কী?
(a) বিমান ইঞ্জিনের সাহায্যে চলে (b) রকেট প্রচণ্ড গতিতে পিছনের দিকে গ্যাস ছুড়ে সামনে এগিয়ে যায় (c) রকেট চলার জন্য বাতাসের দরকার হয় না কিন্তু বিমান সম্পূর্ণভাবে বাতাস-নির্ভর (d) বিমান ও রকেট উভয়ই বাতাসে ভর করে ওড়ে
32. চলন্ত বাস ব্রেক করলে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়েন কী কারণে?
(a) স্থিতিজাড্য (b) গতিজাড্য (c) যাত্রীর ভারসাম্যহীনতা (d) প্রতিক্রিয়া বল
33. পৃথিবী ও তার নিকটস্থ বস্তুর মধ্যে যে টান তাকে বলে:
(a) অভিকর্ষ (b) মহাকর্ষ (c) আকর্ষণ (d) বিকর্ষণ
34. শূন্য মাধ্যমে নীচের তিনটি বস্তুকে একসঙ্গে ছেড়ে দিলে কোনটি আগে মাটিতে পড়বে?
(a) পালক (b) পাথর (c) কাঠ (d) সবক'টি একসঙ্গে মাটিকে স্পর্শ করবে
35. নদীতে বাঁধ দিয়ে জলবিদ্যুৎ উৎপাদনের সময় সঞ্চিত জলরাশিতে কোন শক্তি জমা হয়?
(a) ঘর্ষণ শক্তি (b) গতি শক্তি (c) স্থিতি শক্তি (d) যান্ত্রিক শক্তি
36. অপসারিত তরলের ওজন যখন বস্তুর ওজনের চেয়ে কম হবে তখন কী ঘটবে?
(a) বস্তু ভাসবে (b) নিমজ্জিত অবস্থায় ভেসে থাকবে (c) বস্তু ডুবে যাবে (d) কোনওটিই নয়
37. সমুদ্রের জলে সাঁতার কাটা সহজ হয় কারণ:
(a) জলের ঘনত্ব কম বলে ঊর্ধ্বমুখী চাপ বেশি হয় (b) জলের ঘনত্ব বেশি বলে ঊর্ধ্বমুখী চাপ বেশি হয় (c) জলের ঘনত্ব বেশি বলে নিম্নমুখী চাপ বেশি হয় (d) জলের ঘনত্ব কম বলে নিম্নমুখী চাপ বেশি হয়
38. নীচের কোন জাতীয় বস্তু বহুদিন রোদে বা জলে থাকলে নষ্ট, ক্ষয় বা বৃদ্ধি হয় না?
(a) কাচ (b) পাথর (c) কাঠ (d) লোহা
39. হার্ড ওয়াটারকে সফট করতে লাগে:
(a) কাপড় ধোয়ার সোডা (b) ম্যাগনেশিয়াম কার্বনেট (c) ক্যালশিয়াম হাইড্রক্সাইড (d) সোডিয়াম বাইকার্বনেট
40. সাবানের রাসায়নিক নাম কী?
(a) সোডিয়াম এসিটেট (b) সোডিয়াম স্টিয়ারেট (c) ইথাইল স্টিয়ারেট (d) গ্লিসারিন স্টিয়ারেট
41. কোন ধাতু স্বাভাবিক তাপমাত্রায় তরল থাকে?
(a) লিথিয়াম (b) ইউরেনিয়াম (c) জার্মেনিয়াম (d) পারদ
42. গ্যালভানাইজিং-এর কাজে ব্যবহৃত হয় কোন ধাতু?
(a) কপার (b) সিলভার (c) অ্যালুমিনিয়াম (d) জিঙ্ক
43. স্টেইনলেস স্টিলের অন্যতম উপাদান:
(a) তামা (b) দস্তা (c) ক্রোমিয়াম (d) অ্যালুমিনিয়াম
44. ব্রোঞ্জ কোন দু'টি ধাতুর সমন্বয়ে গঠিত?
(a) তামা ও লোহা (b) তামা ও টিন (c) সিলভার ও দস্তা (d) সিলভার ও অ্যালুমিনিয়াম
45. 'ড্রাই আইস' হল:
(a) কঠিন অবস্থায় কার্বন ডাইঅক্সাইড (b) কঠিন অবস্থায় সালফার ডাইঅক্সাইড (c) শূন্য ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রার নীচে বরফ (d) হাইড্রোজেন পার-অক্সাইডের কঠিন অবস্থা
46. কোন গ্যাস নিজে জ্বলে কিন্তু অন্যকে জ্বলতে সাহায্য করে না?
(a) অক্সিজেন (b) হাইড্রোজেন (c) নাইট্রোজেন (d) কোনওটিই নয়
47. সম আয়তনবিশিষ্ট হাইড্রোজেন ও কার্বন মনোক্সাইডের মিশ্রণকে কী বলা হয়?
(a) থারমিট (b) ওয়াটার গ্যাস (c) নেলসার দ্রবণ (d) রাজাম্ল
48. কাচ তৈরির প্রধান কাঁচামাল হল:
(a) শাজিমাটি (b) চুনাপাথর (c) জিপসাম (d) বালি
49. অ্যাসিড/অম্ল বৃষ্টির জন্য দায়ী কোন গ্যাসটি?
(a) কার্বন ডাইঅক্সাইড ($CO_2$) (b) সালফার ডাইঅক্সাইড ($SO_2$) (c) নাইট্রোজেন মনোক্সাইড (NO) (d) নাইট্রাস অক্সাইড ($N_2O$)
50. এরোপ্লেন ও ডুবুরিদের কাছে যে নিষ্ক্রিয় গ্যাস প্রয়োজন তা হল:
(a) হিলিয়াম (b) অক্সিজেন (c) নাইট্রোজেন (d) হাইড্রোজেন
51. ভারতকে 'দার-উল-ইসলামে' পরিণত করেন:
(a) সেলিমচিস্তি (b) আকবর (c) নাদির শাহ (d) ঔরঙ্গজেব
52. চারমিনার নির্মাণ করেন:
(a) কুলিকুতুবশাহ (b) রানা কুম্ভ (c) প্রতাপ সিংহ (d) হাসান গঙ্গ
53. শিবাজি কাকে 'বাঘনখ' দিয়ে হত্যা করেন?
(a) আফজল খাঁ (b) দিলির খাঁ (c) জয়সিংহ (d) ঔরঙ্গজেব
54. শাহজাহানের আসল নাম কী?
(a) মহেশ দাস (b) খুররম (c) শের খাঁ (d) ফরিদ খাঁ
55. নীলগিরি পর্বতের সর্বোচ্চ শৃঙ্গ হল:
(a) ডোডাবেট্টা (b) আনাইমালাই (c) কর্ডমন (d) পালনি
56. ভারতের শ্রেষ্ঠ বন্দর মুম্বই কোন উপকূলে অবস্থিত?
(a) কোঙ্কণ (b) কর্নাটক (c) মালাবার (d) কোনওটিতেই নয়
57. হুড্রু জলপ্রপাতটি কোন নদীতে অবস্থিত?
(a) মাহি (b) সবরমতি (c) বৈতরণী (d) সুবর্ণরেখা

এরপর এগারোর পাতায়

# রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

**সমাধান**

51(c): ধরি, দূরত্ব = x কিলোমিটার

x কিলোমিটার পথ যেতে সময় লাগে = $\frac{x}{12}$ ঘণ্টা

x কিলোমিটার পথ আসতে সময় লাগে = $\frac{x}{8}$ ঘণ্টা

$\therefore$ x + x = 2x কিলোমিটার যেতে সময় লাগে = $\frac{x}{12}+\frac{x}{8}$ ঘণ্টা

$\therefore \frac{x}{12}+\frac{x}{8}$ ঘণ্টায় যায় 2x কিলোমিটার

1 ঘণ্টায় যায় = $\frac{2x}{\frac{x}{12}+\frac{x}{8}}$ কিলোমিটার = $\frac{2x}{\frac{4x+6x}{48}} = \frac{2x}{10x}\times 48$

= 9.6 কিলোমিটার $\therefore$ গড় বেগ = 9.6 কিলোমিটার/ঘণ্টা।

52(b): ধরি, ক্রোমিয়াম লাগবে = x কিলোগ্রাম

$\therefore 7 : 840 = 11 : x$ বা, $\frac{7}{840}=\frac{11}{x}$ বা, $7x = 840 \times 11$

বা, $x = \frac{840\times 11}{7} = 1320$ কিলোগ্রাম।

53(c): 5 জন 8 বিঘা চাষ করে 4 দিনে

5 জন 1 বিঘা চাষ করে $\frac{4}{8}$ দিনে

1 জন 1 বিঘা চাষ করে $\frac{4\times 5}{8}$ দিনে

1 জন 70 বিঘা চাষ করে $\frac{4\times 5\times 70}{8}$ দিনে

25 জন 70 বিঘা চাষ করে $\frac{4\times 5\times 70}{8\times 25} = 7$ দিনে।

54(d): আসল + 7 বছরের সুদ = 568 টাকা
আসল + 5 বছরের সুদ = 520 টাকা
2 বছরের সুদ = 48 টাকা

$\therefore$ 1 বছরের সুদ = $\frac{48}{2}$ টাকা

$\therefore$ 5 বছরের সুদ = $\frac{48\times 5}{2}$ টাকা = 120 টাকা

$\therefore$ আসল = (520 − 120) = 400 টাকা।

55(b): 3000 টাকার 6 বছরের সুদ $3000 \times 2 = 6000$ টাকা

মোট সুদের পরিমাণ 6000 − 3000 = 3000 টাকা

3000 টাকার 6 বছরের সুদ = 3000 টাকা

1 টাকার 1 বছরের সুদ = $\frac{3000}{3000\times 6}$ টাকা

100 টাকার 1 বছরের সুদ = $\frac{3000\times 100}{3000\times 6} = \frac{50}{3}$ টাকা = $16\frac{2}{3}$ টাকা।

56(d): ধরি, সিরাপের পরিমাণ = 5x

$\therefore$ জলের পরিমাণ = 3x

$\therefore$ মিশ্রণের y পরিমাণ তুলে নিলে তাতে সিরাপ ও জল = $\frac{5y}{8}, \frac{3y}{8}$

$\therefore 5x - \frac{5y}{8} = 3x - \frac{3y}{8} + y$

$\therefore y = \frac{8x}{5} = \frac{1}{5}\times 8x = \frac{1}{5}\times$ মোট মিশ্রণের পরিমাণ

$\therefore$ মোট মিশ্রণের এক-পঞ্চমাংশ তুলে নিতে হবে।

57(d): $625\left(1+\frac{r}{100}\right)^2 = 676$ বা, $\left(1+\frac{r}{100}\right)^2 = \frac{676}{625}$

বা, $\left(1+\frac{r}{100}\right)^2 = \left(\frac{26}{25}\right)^2$ বা, $1+\frac{r}{100} = \frac{26}{25}$

বা, $1+\frac{r}{100} = 1+\frac{1}{25}$ বা, $1+\frac{r}{100} = 1+\frac{4}{100}$ $\therefore r = 4\%$.

58(b): শিশুমৃত্যুর সংখ্যা = $P\left(1-\frac{r}{100}\right)^{-n} = 361\left(1-\frac{5}{100}\right)^{-2}$ জন

$= 361 \times \frac{100}{95}\times\frac{100}{95} = 400$ জন।

[P = 361, r = 5, n = 2]

59(d): প্রথম 101টি স্বাভাবিক সংখ্যার মোট = $51 \times 101 = 5151$

প্রথম 100টি স্বাভাবিক সংখ্যার মোট = 5151 − 100 = 5050

$\therefore$ প্রথম 100টি স্বাভাবিক সংখ্যার গড় = $\frac{5050}{100} = 50.5$.

60(b): 140 টাকা = ক্রয়মূল্যের 100%

1 টাকা = ক্রয়মূল্যের $\frac{100}{140}$%, 133 টাকা = $\frac{100\times 133}{140}\% = 95\%$

$\therefore$ ক্ষতির হার = (100 − 95) = 5%.

61(a): এখানে, P = 800 টাকা

I = (992 − 800) = 192 টাকা, t = 3 বছর

এখন, $I = \frac{Prt}{100}$ বা, $r = \frac{100I}{Pt} = \frac{100\times 192}{800\times 3} = 8\%$.

62(a): ধরি, আসল (P) = x টাকা

সুদ-আসল = 2x টাকা

এরপর এগারোর পাতায়

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

দশের পাতার পর

58. ন্যাশনাল ওয়াইল্ড লাইফ অ্যাকশন প্ল্যান (2017-2031)-এর খসড়া কার নেতৃত্বাধীন কমিটি কর্তৃক প্রস্তুত হয়েছে?
(a) জে সি কালা (b) রাজীব গুপ্ত (c) কে পি শাহ (d) কোনওটিই নয়
59. 2032 সালের মধ্যে ভারত কতটা পারমাণবিক শক্তি উৎপাদনের লক্ষ্যমাত্রা রাখছে?
(a) 55,000 মেগাওয়াট (b) 65,000 মেগাওয়াট (c) 50,000 মেগাওয়াট (d) 60,000 মেগাওয়াট
60. ভারতীয় নৌবাহিনীতে সম্প্রতি অন্তর্ভুক্ত হেভিওয়েট টর্পেডোটির নাম কী?
(a) চন্দ্রযান (b) বরুণাস্ত্র (c) নারায়ণাস্ত্র (d) ব্রহ্মাস্ত্র
61. রমেনবাবু তার স্ত্রীর চেয়ে 4 বছরের বড় এবং কন্যার তিনগুণ বয়সি। দশ বছর পরে যদি রমেনবাবুর স্ত্রী তার কন্যার দ্বিগুণ বয়সি হয়, তবে তাদের কন্যার এখন কত বয়স হবে?
(a) 4 বছর (b) 3 বছর (c) 5 বছর (d) 6 বছর
62. কয়লার মূল্য 25% বৃদ্ধি পাওয়ায় কোনও পরিবার কয়লার ব্যবহার শতকরা কী পরিমাণ কমালে মোট খরচ অপরিবর্তিত থাকবে?
(a) 22% (b) 20% (c) 23% (d) 24%
63. কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 1305, 4665 এবং 6905-কে ভাগ করলে প্রতিক্ষেত্রে একই ভাগশেষ থাকবে?
(a) 1123 (b) 1120 (c) 1110 (d) 1125
64. 65 এবং কোন সংখ্যার অনুপাত 13 এবং 6-এর অনুপাতের সমান হবে?
(a) 30 (b) ± 50 (c) 40 (d) + 60
65. পিতা ও পুত্রের বর্তমান বয়সের সমষ্টি 60 বছর, 10 বছর পূর্বে পিতার বয়স, পুত্রের বয়সের 4 গুণ ছিল। তবে পুত্রের বর্তমান বয়স কত হবে?
(a) 16 বছর (b) 20 বছর (c) 18 বছর (d) 14 বছর
66. অজানা মান নির্ণয় করুন 4 : 6 : : ? : 15
(a) 10 (b) 25 (c) 12 (d) 18
67. 5K3457 রাশিটি 11 দ্বারা বিভাজ্য হলে, K-এর মান কত হবে?
(a) 5 (b) 7 (c) 9 (d) 2
68. $\sqrt{2+\sqrt{2+\sqrt{2+\ldots}}}$ -এর মান কত?
(a) 1, –2 (b) 2, – 1 (c) 0, 1 (d) –2, –1
69. মান নির্ণয় করুন: $\sqrt{\sqrt{256}} \times \sqrt[4]{81} + \sqrt{\sqrt[3]{64}} = ?$
(a) 9 (b) 16 (c) 14 (d) 12
70. একটি সংখ্যার সঙ্গে প্রথমে 16 যোগ করে, যোগফলকে 6 দ্বারা গুণ করে, গুণফলকে 4 দিয়ে ভাগ করা হল। ভাগফল থেকে 14 বিয়োগ করলে, সংখ্যাটি হল 100, তবে মূল সংখ্যা কত?
(a) 60 (b) 58 (c) 42 (d) 67
71. 2431-এর বৃহত্তম মৌলিক উৎপাদক বের করুন।
(a) 13 (b) 17 (c) 187 (d) 221
72. তপনের বয়স তরুণের বয়সের অর্ধেক। এখন থেকে পাঁচ বছর পরে তাদের বয়সের সমষ্টি 100 বছর হবে। তপনের বয়স কত?
(a) 20 বছর (b) 50 বছর (c) 40 বছর (d) 30 বছর
73. $99\frac{1}{7}+99\frac{2}{7}+99\frac{3}{7}+99\frac{4}{7}+99\frac{5}{7}+99\frac{6}{7}=?$
(a) 619 (b) 997 (c) 579 (d) 597
74. তিন বছর পূর্বে পিতা, পুত্র ও মাতার গড় বয়স ছিল 27 বছর। 5 বছর পূর্বে মাতা ও পুত্রের গড় বয়স ছিল 20 বছর। পিতার বর্তমান বয়স কত?
(a) 40 বছর (b) 47 বছর (c) 51 বছর (d) 38 বছর
75. কোনও বিদ্যালয়ে সপ্তম শ্রেণিতে মোট 120 জন ছাত্রছাত্রীর মধ্যে বার্ষিক পরীক্ষায় পাশ ও ফেলের অনুপাত 7 : 5। আরও, 30 জন পাশ করলে নতুন অনুপাত কত হবে?
(a) 13 : 5 (b) 19 : 6 (c) 15 : 4 (d) 17 : 6
76. $\sqrt{2}=1.4$ হলে $\frac{\sqrt{6}+\sqrt{3}}{\sqrt{6}-\sqrt{3}}=?$
(a) 5.8 (b) 6.8 (c) 9.5 (d) 6.5
77. দুটি ট্রেনের প্রথমটি হাওড়া থেকে দিল্লি যাচ্ছে ও দ্বিতীয়টি দিল্লি থেকে হাওড়া যাচ্ছে। তারা একসঙ্গে রওনা দেয়। সাক্ষাৎ হওয়ার পর প্রথম ট্রেনটি 4 ঘণ্টা 48 মিনিট পর দিল্লি পৌঁছয় ও দ্বিতীয়টি 3 ঘণ্টা 20 মিনিট পর হাওড়া পৌঁছয়। তাহলে ট্রেন দুটির গতিবেগের অনুপাত কত?
(a) 6 : 5 (b) 6 : 7 (c) 5 : 6 (d) 6 : 9
78. যদি, A ও B-এর আয়ের অনুপাত 3 : 2 ও তাদের ব্যয়ের অনুপাত 5 : 3। যদি প্রত্যেকের সঞ্চয় 2000 টাকা হয়, তাহলে তাদের আয় কত?
(a) 12000, 8000 টাকা (b) 12000, 9000 টাকা (c) 6000, 4000 টাকা (d) 9000, 6000 টাকা
79. এক ব্যক্তি মোট 10 ঘণ্টায় তার যাত্রাপথ সম্পূর্ণ করে। যদি তার যাত্রাপথের প্রথম অর্ধেক ঘণ্টায় 21 কিলোমিটার বেগে ও দ্বিতীয় অর্ধেক ঘণ্টায় 24 কিলোমিটার বেগে যায়, তাহলে তার মোট যাত্রাপথের দূরত্ব কত?
(a) 220 কিমি (b) 224 কিমি (c) 230 কিমি (d) 226 কিমি
80. 1 + 2 + 3 + ... + 50 + 51 + ... + 98 + 99 + 100 = ?
(a) 5000 (b) 5050 (c) 5100 (d) 5090
81. একটি ট্রেন দু'জন ব্যক্তিকে, যাদের গতিবেগ 2 কিমি/ঘণ্টা ও 4 কিমি/ঘণ্টা, যথাক্রমে 9 সেকেন্ডে ও 10 সেকেন্ডে অতিক্রম করে। তাহলে ট্রেনটির দৈর্ঘ্য কত?
(a) 40 মিটার (b) 45 মিটার (c) 50 মিটার (d) 70 মিটার
82. দু'টি স্টেশনের মধ্যবর্তী দূরত্ব 400 মিটার। প্রথম স্টেশন থেকে একটি ট্রেন 40 কিমি/ঘণ্টা বেগে সকাল 10টায় দ্বিতীয় স্টেশনের দিকে যাত্রা শুরু করল। দ্বিতীয় স্টেশন থেকে অপর একটি ট্রেন 50 কিমি/ঘণ্টা বেগে সকাল 11টায় প্রথম স্টেশনের দিকে যাত্রা শুরু করল। তারা কখন মিলিত হবে?
(a) দুপুর 3টে (b) দুপুর 2টো (c) বিকাল 4টে (d) বিকাল 5টা
83. এক ব্যক্তি 50 kg চিনির কিছু অংশ 8% লাভে বিক্রি করেন ও বাকি অংশ 18% লাভে বিক্রি করেন। এতে তার মোট 14% লাভ হয়। তাহলে দ্বিতীয় ক্ষেত্রে তিনি কত কিলোগ্রাম চিনি বিক্রি করেন?
(a) 20 কিলোগ্রাম (b) 50 কিলোগ্রাম (c) 30 কিলোগ্রাম (d) 40 কিলোগ্রাম
84. A, B, C তিনটি নলের মধ্যে A এবং B দিয়ে যথাক্রমে 20 মিনিট ও 30 মিনিটে ট্যাঙ্ক ভর্তি হয় এবং নল C দিয়ে 40 মিনিটে ট্যাঙ্ক খালি হয়। তিনটি নল একসঙ্গে খুলে দিলে ট্যাঙ্ক কতক্ষণে ভর্তি হবে?
(a) $17\frac{1}{7}$ মিনিটে (b) 20 মিনিটে (c) $18\frac{1}{2}$ মিনিটে (d) $19\frac{3}{4}$ মিনিটে
85. কোনও বিদ্যালয়ের সপ্তম শ্রেণির মোট 120 জন ছাত্র-ছাত্রীর মধ্যে পরীক্ষায় পাশ ও ফেলের অনুপাত 7 : 8। আরও যদি 30 জন ফেল করে, তবে নতুন অনুপাত কত হবে?
(a) 28 : 47 (b) 32 : 47 (c) 28 : 32 (d) 47 : 35
86. নিক্কণ : বীণা : : কল্লোল : ?
(a) সুর (b) হইচই (c) বারি (d) কলতান
87. অট্টালিকা : সোপান : : জ্ঞান : ?
(a) ঐশ্বর্য (b) শিক্ষা (c) অর্থ (d) আলো
88. Pesticide : Plant
(a) Injection : Disease (b) Vaccination : Body (c) Medicine : Cure (d) Teacher : Student
89. Mansion : Hut : : Elephant : ?
(a) Bangalow (b) Small (c) Rabbit (d) Lion
90. 'Boat is to sea', therefore 'Plane is to'?
(a) Fly (b) Air (c) Sky (d) Float
91. Mary's mother have three daughters : May, June and ?
(a) July (b) April (c) Mary (d) June
92. R is thinner than P, Q is heavier than S. S is heavier than T. P is thinner than S. Who is the thinnest ?
(a) P (b) D (c) R (d) S
93. Which is the biggest town?
E is smaller than B, B is bigger than A, D is smaller than E, C is bigger than B.
(a) B (b) D (c) E (d) C
94. State বা রাজ্য = a, District বা জেলা = b, Country বা দেশ = C, Town বা শহর = d হলে বৃহত্তর থেকে ক্ষুদ্রতর সাজান:
(a) abcd (b) bacd (c) cabd (d) dcba
95. নীচের শূন্যস্থানে কোনটি বসবে?
AZ CX EV ... ?
(a) UB (b) GT (c) DW (d) EV
96. যদি 1-এর সংকেত হয় f, 2-এর p, 3-এর x, 4-এর z, 5-এর b, 6-এর w, 7-এর L, 8-এর U এবং 9-এর D, তাহলে 853417-এর সংকেত কী হবে?
(a) UBDXZF (b) UBXBFL (c) UBXZFL (d) UDXZFL
97. যদি SCHOOL = PNIKKB এবং ME = ZY হয়, তাহলে COOLHOME-কে সাংকেতিক ভাষায় কী লেখা হবে?
(a) NKKBIKZY (b) NKKLIKZY (c) PKKNIKYZ (d) NKKBPKZY
98. ADMINISTRATION শব্দটি দ্বারা নীচের কোন শব্দটি গঠন করা যায় না?
(a) STATION (b) TRADITION (c) MINISTER (d)RATION
99. If GAMES is spelt as HBNFT, what will be the spelling of SPORTS?
(a) RONQSR (b) TQPSUT (c) RQNOSR (d) TOQSUT
100. If LOYAL is coded as 'JOWAJ' then FRONE is coded as:
(a) QRPNE (b) NRMND (c) ORNMG (d) DRMNC

## উত্তর

1(d), 2(a), 3(d), 4(a), 5(d), 6(a), 7(b), 8(d), 9(b), 10(a), 11(d), 12(d), 13(d), 14(a), 15(c), 16(b), 17(a), 18(b), 19(a), 20(c), 21(b) 22(b), 23(c), 24(c), 25(a), 26(b), 27(b), 28(b), 29(a), 30(c), 31(c), 32(b), 33(a), 34(d), 35(c), 36(c), 37(b), 38(a), 39(c), 40(b), 41(d), 42(d), 43(c), 44(b), 45(a), 46(b), 47(b), 48(d), 49(b), 50(a), 51(d), 52(a), 53(a), 54(b), 55(a), 56(a), 57(d), 58(a), 59(a), 60(b), 61(a), 62(b), 63(b), 64(a), 65(c), 66(a), 67(d), 68(b), 69(c), 70(a), 71(b), 72(d), 73(d), 74(a), 75(b), 76(a), 77(c), 78(a), 79(b), 80(d), 81(c), 82(a), 83(c), 84(a), 85(a), 86(c), 87(b), 88(b), 89(c), 90(c), 91(c), 92(c), 93(d), 94(c), 95(b), 96(c), 97(a), 98(c), 99(b), 100(d).

## সমাধান

61(a): ধরি, কন্যার বয়স = x বছর, রমেনবাবুর বয়স = 3x বছর
স্ত্রীর বয়স = 3x – 4 বছর
শর্তানুসারে, $3x - 4 + 10 = x + 10 \therefore x = 4$
∴ কন্যার বয়স = 4 বছর।
62(b): ধরি, আগে 100 টাকায় 100 কিলোগ্রাম কয়লা পাওয়া যেত
এখন 125 টাকায় 100 কিলোগ্রাম কয়লা পাওয়া যায়
∴ 100 টাকায় $\frac{100\times100}{125}$ কিলোগ্রাম = 80 কিলোগ্রাম কয়লা পাওয়া যায়
∴ কয়লার খরচ (100 – 80) = 20% কমাতে হবে।


এরপর বারোর পাতায়

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

দশের পাতার পর

সুদ (I) = (2x – x) = x টাকা, r = 8
∴ সময় = t হলে $I = \frac{Prt}{100}$ বা, $t = \frac{100 \times x}{x \times 8} = 12.5$ বছর।
63(c): ডেটলজলে জলের পরিমাণ $= 63 \times \frac{20}{21} = 60$ লিটার
ডেটলজলে ডেটলের পরিমাণ = (63 – 60) = 3 লিটার
ধরি, আরও ডেটল মেশাতে হবে = x লিটার
$\therefore 60 : (3 + x) = 12 : 1$ বা, $\frac{60}{3+x} = \frac{12}{1}$
বা, 12x + 36 = 60 বা, 12x = 60 – 36 বা, $x = \frac{24}{12} = 2$ লিটার।
64(b): এখানে শতকরা লাভের হার $= \frac{x-y}{y} \times 100\%$ [∵ x = 18, y = 15]
$= \frac{3}{15} \times 100\% = 20\%$.
65(d): a + b = 10; ab = 5
a + b = 10 উভয়পক্ষে বর্গ করে পাই, $(a+b)^2 = (10)^2$
বা, $a^2 + b^2 + 2ab = 100$ বা, $a^2 + b^2 + 2.5 = 100$ [∵ab = 5]
বা, $a^2 + b^2 = 100 - 10$ বা, $a^2 + b^2 = 90$
আবার, $\frac{a}{b} + \frac{b}{a} = \frac{a^2+b^2}{ab} = \frac{90}{5} = 18$.
66(a): $x \tan 45^\circ \cos 60^\circ = \sin 60^\circ \cot 60^\circ$
বা, $x \times 1 \times \frac{1}{2} = \frac{\sqrt{3}}{2} \times \frac{1}{\sqrt{3}}$ বা, x = 1.
67(d): ট্রেনটির গতিবেগ $= \frac{120}{5}$ মিটার/সেকেন্ড = 24 মিটার/সেকেন্ড
প্ল্যাটফর্ম অতিক্রম করতে ট্রেনটির সময় লাগে $= \frac{120+180}{24} = \frac{300}{24}$
$= \frac{25}{2} = 12\frac{1}{2}$ সেকেন্ড।
68(a): ধরি, সংখ্যাদু'টি হল = 5x ও 7x ∴ ল.সা.গু. = 35x
প্রশ্নানুসারে, 35x = 315 বা, x = 9
∴ সংখ্যাদু'টি হল = 5x = 5 × 9 = 45 এবং 7x = 7 × 9 = 63.
সংখ্যাদু'টির গুণফল = 45 × 63 = 2835.
69(b): $\sec\theta - \cos\theta = 0$, $\sec\theta = \cos\theta$, $\theta = 45^\circ$
$\therefore \tan\theta + \cot\theta = \tan 45^\circ + \cot 45^\circ = 1 + 1 = 2$.
70(d): বিক্রয়মূল্য $= 350 \times \frac{100-25}{100} \times \frac{100-10}{100} = 350 \times \frac{75}{100} \times \frac{90}{100}$
= 236.25 টাকা।
71(b): ধরি, নির্ণেয় সময় = x বছর
$\therefore 4347 = 30000\left(1+\frac{7}{100}\right)^x - 30000$
বা, $\frac{34347}{30000} = \left(\frac{107}{100}\right)^x$ বা, $\frac{11449}{10000} = \left(\frac{107}{100}\right)^x$ বা, $\left(\frac{107}{100}\right)^2 = \left(\frac{107}{100}\right)^x$
বা, x = 2 বছর।
72(d): 392 = 2 × 2 × 2 × 7 × 7
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = 2.
73(c): 0.38 × 7.2 = 2.736 ∴ 38 × 0.0072 = 0.2736.
74(c): ধরি, বিনয়ের বয়স 5 বছর আগে ছিল = x বছর
বিকাশের বয়স 5 বছর আগে ছিল = 3x বছর
x + 5 = 17, x = 12 বিকাশের বর্তমান বয়স = (3x + 5) = 3 × 12 + 5 = 41 বছর।
75(d): প্রশ্নানুসারে, $\frac{4}{3}\pi r^3 = \pi r^2 \times h$ বা, 4r = 3h বা, $\frac{r}{h} = \frac{3}{4}$
∴ r : h = 3 : 4.
76(b): n(n – 3) = 2 × 27 বা, n(n – 3) = 54
বা, 9(9 – 3) = 54.
∴ n = 9 বাহুসংখ্যা = 9.
77(c): সুষম ষড়ভুজের ক্ষেত্রফল $= \frac{3\sqrt{3}}{2} \times (\text{বাহুর দৈর্ঘ্য})^2 = \frac{3\sqrt{3}}{2} \times (2)^2$
বর্গসেমি $= 6\sqrt{3}$ বর্গসেমি।
78(d): পৃষ্ঠতলের ক্ষেত্রফল $= 4\pi r^2 = 4 \times \frac{22}{7} \times (14)^2 = 4 \times \frac{22}{7} \times 14 \times 14$
বর্গসেমি = 4 × 22 × 28 বর্গসেমি = 2464 বর্গসেমি।
79(c): ধরি, তৃতীয় প্রকার চায়ের মূল্য = x টাকা/কিলোগ্রাম
প্রশ্নানুসারে; (252 × 1 + 270 × 1 + 2 × x) = 306 × 4
বা, 522 + 2x = 1224 বা, 2x = 702 বা, x = 351 টাকা/কিলোগ্রাম।
80(c): টাওয়ারের উচ্চতা = AB = x মিটার AC = 50 মিটার
$\frac{AB}{AC} = \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}$ বা, $\frac{x}{50} = \frac{1}{\sqrt{3}}$ বা, $x = \frac{50}{\sqrt{3}}$




∴ টাওয়ারের উচ্চতা $= \frac{50}{\sqrt{3}}$ মিটার।
81(d): G → 8 → 7 + 1   একইভাবে H → 8 + 1 = 9
E → 6 → 5 + 1   F → 6 + 1 = 7
C → 4 → 3 + 1   B 2 + 1 = 3
A → 2 → 1 + 1   D → 4 + 1 = 5
83(a): C = 3; CEP = 3 + 5 + 16 = 24

এরপর বারোর পাতায়

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# রেলে ৬২৯০৭ গ্রুপ-ডি

*এগারোর পাতার পর*

63(b): $4665 - 1305 = 3360$, $6905 - 4665 = 2240$
$6905 - 1305 = 5600$
3360, 2240, 5600-এর গ.সা.গু. $= 10 \times 4 \times 4 \times 7 = 1120$
$\therefore$ নির্ণেয় সংখ্যা = 1120.

64(a): ধরি সংখ্যাটি x
$\therefore 65 : x :: 13 : 6 \Rightarrow x = \frac{6 \times 65}{13} = 30.$

65(c): ধরি, 10 বছর পূর্বে পুত্রের বয়স = x বছর
$\therefore$ 10 বছর পূর্বে পিতার বয়স = 4x বছর
$\therefore$ বর্তমানে 10 বছর পর পিতার বয়স = 4x + 10 বছর
$\therefore$ বর্তমানে 10 বছর পর পুত্রের বয়স = x + 10 বছর
প্রশ্নানুসারে, $4x + 10 + x + 10 = 60 \Rightarrow 5x = 40 \Rightarrow x = 8$
$\therefore$ পুত্রের বর্তমান বয়স $8 + 10 = 18$ বছর।

66(a): $4 : 6 :: ? : 15 \Rightarrow \frac{4}{6} = \frac{?}{15} \Rightarrow ? = \frac{4 \times 15}{6} \Rightarrow ? = 10.$

67(d): $[(5 + 3 + 5) - (K + 4 + 7)] \div 11 \Rightarrow (13 - 11 - K) \div 11$
$\Rightarrow (2 - k) \div 11$
এখানে K-এর মান 2 হলে, ওই সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য।

68(b): $x = \sqrt{2 + \sqrt{2 + \sqrt{2...}}} \Rightarrow x^2 = 2 + \sqrt{2 + \sqrt{2 + \sqrt{2 + ...}}}$
$\Rightarrow x^2 = 2 + x \Rightarrow (x - 2)(x + 1) = 0$
$\therefore x = 2, -1.$

69(c): $\sqrt{\sqrt{256}} \times \sqrt[4]{81} + \sqrt{3\sqrt{64}} = \sqrt{16} \times 3^{4/4} + \sqrt{4^{3/3}}$
$= 4 \times 3 + \sqrt{4} = 12 + 2 = 14.$

70(a): ধরি সংখ্যাটি x
প্রশ্নানুসারে, $\frac{(x+16) \times 6}{4} - 14 = 100 \Rightarrow \frac{(x+16) \times 3}{2} = 114$
$\Rightarrow x + 16 = \frac{114 \times 2}{3} = 76 \Rightarrow x = 76 - 16 = 60.$

71(b):
$$\begin{array}{r|l} 11 & 2431 \\ \hline 13 & 221 \\ \hline & 17 \end{array}$$
$\therefore$ বৃহত্তম মৌলিক উৎপাদক = 17.

72(d): তপনের বয়স x বছর $\therefore$ তরুণের বয়স = 2x বছর
প্রশ্নানুসারে, $(x + 5) + (2x + 5) = 100 \Rightarrow x = 30$
$\therefore$ তপনের বয়স 30 বছর।

73(d): $99 \times 6 + \left(\frac{1}{7} + \frac{2}{7} + \frac{3}{7} + \frac{4}{7} + \frac{5}{7} + \frac{6}{7}\right)$
$= 594 + \frac{1+2+3+4+5+6}{7} = 594 + 3 = 597.$

74(a): প্রশ্নানুসারে, $(F - 3) + (S - 3) + (M - 3) = 27 \times 3 = 81$
$\Rightarrow F + S + M = 81 + 9 = 90$
আবার, $(M - 5) + (S - 5) = 20 \times 2 = 40 \Rightarrow M + S = 40 + 10 = 50$
$\therefore F = 90 - 50 = 40$ $\therefore$ পিতার বয়স = 40 বছর।

75( b): পাশের সংখ্যা $\frac{7}{10} \times 120 = 84$
ফেলের সংখ্যা $\frac{3}{10} \times 120 = 36$
$\therefore$ নতুন পাশের সংখ্যা $(84 + 30) = 114$
$\therefore$ নতুন অনুপাত $114 : 36 = 57 : 18 = 19 : 6.$

76(a): $\frac{\sqrt{6} + \sqrt{3}}{\sqrt{6} - \sqrt{3}} = \frac{(\sqrt{6} + \sqrt{3})(\sqrt{6} + \sqrt{3})}{(\sqrt{6} - \sqrt{3})(\sqrt{6} + \sqrt{3})} = \frac{6 + 2 \times \sqrt{6} \times \sqrt{3} + 3}{(\sqrt{6})^2 - (\sqrt{3})^2}$
$= \frac{9 + 6\sqrt{2}}{3} = 3 + 2\sqrt{2} = 3 + 2 \times (14) = 3 + 2.8 = 5.8.$

77(c): ট্রেনটির অনুপাত $= \sqrt{x} : \sqrt{y} = \sqrt{3 \quad 20} : \sqrt{4 \quad 48}$
$= \sqrt{200} : \sqrt{288} = 5 : 6.$

78(a): $\frac{3x - 2000}{2x - 2000} = \frac{5}{3} \Rightarrow 10x - 10000 = 9x - 6000 \Rightarrow x = 4000$
$\therefore$ তাদের আয় $3 \times 4000 = 12000$ টাকা এবং $4000 \times 2 = 8000$ টাকা।

79(b): ধরি, মোট দূরত্ব 2x কিলোমিটার
শর্তানুসারে, $\frac{x}{21} + \frac{x}{24} = 10 \Rightarrow \frac{x(8+7)}{3 \times 7 \times 8} = 10$
$\Rightarrow x = \frac{10 \times 3 \times 7 \times 8}{15} = 112$ কিলোমিটার
$\therefore$ মোট দূরত্ব $= 2 \times 112 = 224$ কিলোমিটার।

80(d): নির্ণেয় যোগফল $= 100 \times \left(\frac{100+1}{2}\right) = 100 \times \frac{101}{2} = 50 \times 101$
$= 5050.$

81(c): x প্রথম ব্যক্তির বেগ, y দ্বিতীয় ব্যক্তির বেগ
a = প্রথম ব্যক্তিকে অতিক্রম করার সময়, b = দ্বিতীয় ব্যক্তিকে অতিক্রম করার সময়
$\therefore$ ট্রেনের দৈর্ঘ্য $= \frac{(x - y) \times a \times b}{(a - b)} = \frac{\left(\frac{10}{9} - \frac{5}{9}\right) \times 10 \times 9}{10 - 9} = 50$ মিটার।

# ২৫৫০ মহিলা কনস্টেবল

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*এগারোর পাতার পর*

$\therefore$ HUX = 8 + 21 + 24 = 53.

84(d): $7 \times 4 = 28$, $\quad 19 + 9 = 28$
$8 \times 5 = 40 \quad 28 + 12 = 40$
$9 \times 3 = 27 \quad 27 - 6 = 21$

85(b): $Y \xrightarrow{-3} V \xrightarrow{-3} S \xrightarrow{-3} P \xrightarrow{-3} M \xrightarrow{-3} \boxed{J}$

87(d): 7 16 27 40 55 $\boxed{72}$
+9 +11 +13 +15 +17

88(d): $720 \div 1 = 720$; $720 \div 2 = 360$; $360 \div 3 = 120$; $120 \div 4 = 30$;
$30 \div 5 = 6$; $6 \div 6 = \boxed{1}$

89(b): 25 সংখ্যাটি একমাত্র পূর্ণবর্গ সংখ্যা।

90(b): $E \xrightarrow{+11} P \xrightarrow{-8} H$; $F \xrightarrow{+11} Q \xrightarrow{-8} I$; $H \xrightarrow{+11} S$
$\xrightarrow{-8} K$ কিন্তু $K \xrightarrow{+12} W \xrightarrow{-8} O$.

92(c): $9 \times 9 = 81$, $3 \times 9 = 27$, $6 \times 9 = 54$ কিন্তু $8 \times 8 = 64$.

93(b): $K \xrightarrow{+2} C$, $C \xrightarrow{+3} F$ একইভাবে, $M \xrightarrow{+2} O$, $O \xrightarrow{+3} R$

94(a): $10 = (10)^2 + 1 = 100 + 1 = 101$
একইভাবে, $20 = (20)^2 + 1 = 400 + 1 = 401.$

96(c): B C D → G F G
(B → G: +3; C → F: +3; D → G: +3)
একইভাবে, H I J → M L K
(H → M: +3; I → L: +3; J → K: +3)

97(a): $7 - 10 \times 5 \div 6 + 4 \Rightarrow 7 + 10 \div 5 \times 6 - 4$
$\Rightarrow 7 + 2 \times 6 - 4 = 7 + 12 - 4 = 19 - 4 = 15.$

*প্রস্তুত করেছেন: প্রশান্ত কাঁড়ার*

82(a): ধরি, 10টার পর x ঘণ্টা পর মিলিত হবে
$40x + 50(x - 1) = 400 \Rightarrow 90x = 450 \Rightarrow x = 5$
$\therefore$ তারা মিলিত হবে (10টা + 5 ঘণ্টা) = দুপুর 3টে।

83(c): ধরি, দ্বিতীয় ক্ষেত্রে x kg চিনি বিক্রি করা:
$(50 - x) \times \frac{108}{100} + \frac{x \times 118}{100} = \frac{50 \times 114}{100} \Rightarrow 5400 - 108x + 118x = 5700$
$\Rightarrow 10x = 300 \Rightarrow x = 30$ kg চিনি।

84(a): নির্ণেয় সময় $\frac{1}{\left(\frac{1}{20} + \frac{1}{30} + \frac{1}{40}\right)}$ মিনিট $= \frac{1}{\left(\frac{6+4-3}{120}\right)} = \frac{120}{7}$
$= 17\frac{1}{7}$ মিনিট।

85(a): পাশের সংখ্যা $= \frac{7}{15} \times 120 = 56$ জন
ফেলের সংখ্যা $= \frac{8}{10} \times 120 = 64$ জন
নতুন অনুপাত $= 56 : (64 + 30) = 56 : 94 = 28 : 47.$

86(c): বীণার ধ্বনি হল নিক্কণ আর বারি বা জলের শব্দ হল কল্লোল।

87(b): অট্টালিকার জন্য দরকার হয় সোপান বা সিঁড়ি আর জ্ঞানলাভের জন্য দরকার শিক্ষা।

88(b): Pesticide হল একপ্রকার কীটনাশক যা গাছকে কিটাণুজনিত রোগের থেকে রক্ষা করে। সেইরকম Vaccination করা হয় Body-কে রোগের আক্রমণ থেকে রক্ষা করার জন্য।

89(c): Mansion বা অট্টালিকা হল আকারে বড় আর Hut বা কুঁড়েঘর আকারে ছোট। তেমনিভাবে, Elephant বা হাতি বড় আকারের প্রাণী আর Rabbit বা খরগোশ ছোট আকারের প্রাণী।

90(c): নৌকা সাগরে ভাসে আর প্লেন আকাশে ওড়ে।

91(c): মেরির মায়ের তিন সন্তান হলে, বাকি দুই সন্তানের নাম যাই হোক না কেন, একজনের নাম অবশ্যই মেরি হবে।

92(c):

| রোগা | মোটা | মোটা | রোগা |
|---|---|---|---|
| R < P | Q > S | S > T | P < S |
| P > R | Q > S | S > T | S > P |

রোগা = S > P > R সবার চেয়ে রোগা R
মোটা = Q > S > T সবার চেয়ে ভারী Q
Q > S > T > P > R.

93(d): C > B > A > E > D.

94(c): এখানে country বা দেশ হল বৃহত্তর। দেশের মধ্যে থাকে রাজ্য। রাজ্যের মধ্যে থাকে জেলা আর জেলার মধ্যে থাকে শহর। অর্থাৎ ক্ষুদ্রতর হল Town বা শহর।

95(b): ইংরেজি বর্ণমালার শুরু ও শেষের দিক থেকে 1ম বর্ণ হচ্ছে A ও Z

| A | Z | C | X | E | V |
|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 1 | 26 | 3 | 24 | 5 | 22 |

ইংরেজি বর্ণের প্রথম থেকে দেখাল করলে দেখব 1–3–5 অর্থাৎ A – C – E এভাবে বাড়ছে অপরদিকে শেষ দিকের বর্ণ Z থেকে 26 – 24 – 22 অর্থাৎ Z–X–V এভাবে কমছে।

# তথ্যবিচিত্রা

## কয়েকটি গুরুত্বপূর্ণ সংজ্ঞা

- **গলন (Melting or fusion):** সংজ্ঞা: তাপ প্রয়োগের ফলে কঠিন পদার্থের তরল অবস্থায় রূপান্তরিত হওয়ার ঘটনাকে গলন বলে।
- **গলনাঙ্ক (Melting point):** সংজ্ঞা: নির্দিষ্ট চাপে, যে বিশেষ উষ্ণতায়, কোনও কঠিন পদার্থের গলন শুরু হয় এবং গলন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত উষ্ণতা অপরিবর্তিত থাকে, সেই বিশেষ উষ্ণতাকে, ওই চাপে কঠিন পদার্থটির গলনাঙ্ক বলে।
- **স্বাভাবিক গলনাঙ্ক (Normal melting point):** সংজ্ঞা: প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপে (760 mm/Hg) যে বিশেষ উষ্ণতায় কোনও কঠিন পদার্থের গলন শুরু হয় এবং গলন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত উষ্ণতা অপরিবর্তিত থাকে, সেই বিশেষ উষ্ণতাকে কঠিন পদার্থটির স্বাভাবিক গলনাঙ্ক বলে।
- **কঠিনীভবন (Solidification or freezing):** সংজ্ঞা: তাপ নিষ্কাশনের মাধ্যমে, তরল পদার্থের কঠিন অবস্থায় রূপান্তরিত হওয়ার ঘটনাকে কঠিনীভবন বলে।
- **হিমাঙ্ক (Freezing point):** সংজ্ঞা: নির্দিষ্ট চাপে যে বিশেষ উষ্ণতায়, কোনও তরল পদার্থের কঠিনীভবন শুরু হয় এবং কঠিনীভবন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত উক্ত পদার্থের উষ্ণতা অপরিবর্তিত থাকে, সেই বিশেষ উষ্ণতাকে ওই চাপে তরল পদার্থটির হিমাঙ্ক বলে।
- **স্বাভাবিক হিমাঙ্ক (Normal freezing point):** সংজ্ঞা: প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপে (760 mm/Hg) যে বিশেষ উষ্ণতায় কোনও তরল পদার্থের কঠিনীভবন শুরু হয় এবং কঠিনীভবন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত উক্ত পদার্থের উষ্ণতা অপরিবর্তিত থাকে, সেই বিশেষ উষ্ণতাকে, তরল পদার্থটির স্বাভাবিক হিমাঙ্ক বলে।
- **বাষ্পীভবন (Vaporisation):** সংজ্ঞা: তরল পদার্থের গ্যাসীয় অবস্থায় রূপান্তরিত হওয়ার ঘটনাকে তরলের বাষ্পীভবন বলে।
- **বাষ্পায়ন (Evapouration):** সংজ্ঞা: যে-কোনও উষ্ণতায়, কেবলমাত্র উন্মুক্ত উপরিতল থেকে, কোনও তরলের ধীরে ধীরে বাষ্পে পরিণত হওয়ার ঘটনাকে বাষ্পায়ন বলে।
- **স্ফুটন (Boiling):** সংজ্ঞা: একটি নির্দিষ্ট উষ্ণতায়, তরলের সমগ্র অংশ থেকে অতি দ্রুত হারে বাষ্পীভবনের প্রক্রিয়াকে স্ফুটন বলে।
- **স্ফুটনাঙ্ক (Boiling point or b.p):** সংজ্ঞা: স্থির চাপে যে নির্দিষ্ট উষ্ণতায়, কোনও তরলের স্ফুটন শুরু হয় এবং সমগ্র তরল বাষ্পে পরিণত না হওয়া পর্যন্ত ওই উষ্ণতা স্থির থাকে, সেই নির্দিষ্ট উষ্ণতাকে তরল পদার্থটির স্ফুটনাঙ্ক বলে।
- **স্বাভাবিক স্ফুটনাঙ্ক (Normal Boiling point):** সংজ্ঞা: প্রমাণ বায়ুমণ্ডলীয় চাপে (760 mm/Hg) যে নির্দিষ্ট উষ্ণতায় কোনও তরলের স্ফুটন শুরু হয় এবং সমগ্র তরল বাষ্পে পরিণত না হওয়া পর্যন্ত ওই উষ্ণতা স্থির থাকে, সেই নির্দিষ্ট উষ্ণতাকে তরল পদার্থটির স্বাভাবিক স্ফুটনাঙ্ক বলে।
- **ঘনীভবন বা তরলীভবন (Condensation or liquefaction):** সংজ্ঞা: তাপ বর্জনের মাধ্যমে, কোনও পদার্থের বায়বীয় অবস্থা থেকে তরল অবস্থায় রূপান্তরিত হওয়ার প্রক্রিয়াকে ঘনীভবন বলে।
- **লীনতাপ (Latent heat):** সংজ্ঞা: প্রমাণ চাপে (760 mm/Hg চাপে) একক ভরের কোনও পদার্থের উষ্ণতার পরিবর্তন না ঘটিয়ে, শুধুমাত্র অবস্থার পরিবর্তন করতে যে পরিমাণ তাপ প্রয়োগ বা নিষ্কাশন করতে হয়, সেই পরিমাণ তাপকে ওই পদার্থের সংশ্লিষ্ট অবস্থা পরিবর্তনের লীনতাপ বলে।
- **শিশিরাঙ্ক (Dew point):** সংজ্ঞা: নির্দিষ্ট চাপে যে উষ্ণতায়, কোনও নির্দিষ্ট আয়তনের বায়ু, ওর মধ্যে উপস্থিত জলীয় বাষ্প দ্বারা সম্পৃক্ত হয়, সেই উষ্ণতাকে ওই চাপে ওই বায়ুর শিশিরাঙ্ক বলে।
- **ইউটেকটিক উষ্ণতা (Eutectic temperature):** কোনও নির্দিষ্ট চাপে, যে উষ্ণতায় কোনও দ্রবণের সমগ্র অংশই একসঙ্গে জমে কঠিন হয়ে যায়, সেই উষ্ণতাকে সংশ্লিষ্ট চাপে দ্রবণটির ইউটেকটিক উষ্ণতা বলে।
- **আস্রাবণ (Decantation):** সংজ্ঞা: তরলে প্রলম্বিত ভারী অদ্রাব্য কঠিন পদার্থকে ধীরে ধীরে পাত্রের তলায় থিতিয়ে ফেলার পর যতদূর সম্ভব পাত্রের ওপরের তরল না নাড়িয়ে ধীরে ধীরে অন্য পাত্রে স্থানান্তরিত করার প্রণালীকে আস্রাবণ বলা হয়। [ তরলে প্রলম্বিত অদ্রাব্য ভারী কঠিন পদার্থকে পাত্রের তলদেশে জমতে দেওয়ার প্রণালীকে থিতানো (Sedimentaion) বলা হয়। পাত্রের তলদেশে থিতিয়ে পড়া কঠিন পদার্থকে গাদ বা কল্ক (Sediment) বলা হয়।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

96(c): F = 1, P = 2, X = 3, Z = 4, B = 5, W = 6, L = 7, U = 8, D = 9
অর্থাৎ, 853417 = UBXZFL (ওপর থেকে মান বসিয়ে) হবে।

97(a): এখানে, S = P, C = N, H = E, O = E, O = K, L = B, M = Z, E = Y.

98(c): ADMINISTRATION শব্দটিতে E নেই কিন্তু MINISTER শব্দটিতে E আছে। তাই সঠিক উত্তর c.

99(b): GAMES এবং HBNFT শব্দ দু'টি লক্ষ্য করতে দেখব
G-এর পরবর্তী বর্ণ H, A-এর পরবর্তী বর্ণ B
M-এর পরবর্তী বর্ণ N, E-এর পরবর্তী বর্ণ F
S-এর পরবর্তী বর্ণ T
ঠিক একইরকমভাবে, SPORTS শব্দটির পরবর্তী বর্ণ (Next letter) অনুসারে লিখলে হয় TQPSUT। এখানে SPORTS শব্দটির অক্ষরগুলি থেকে Next letter ক্রমিক অনুসারে সাজানো হয়েছে।

100(d):

| | | | | |
|---|---|---|---|---|
| L | O | Y | A | L |
| K | – | X | – | K |
| J | O | W | A | J |

=

| | | | | |
|---|---|---|---|---|
| F | R | O | N | E |
| E | – | N | – | D |
| D | R | M | N | C |

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রাজ্যে ৫৭৭৮ গ্রামীণ ডাক সেবক

*প্রথম পাতার পর*

সব পদের ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম বা সংশ্লিষ্ট শাখা ডাকঘরের ডাক বিতরণের এলাকার বাসিন্দা হতে হবে।

ডাক বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রার্থীর অন্যান্য সূত্র থেকেও উপার্জনের ব্যবস্থা থাকতে হবে। তবে বর্তমানে অন্য কোনও সূত্র থেকে উপার্জনের ব্যবস্থা না থাকলেও আবেদন করা যাবে। নির্বাচিত হিসেবে ঘোষিত প্রার্থীদের ১ মাসের মধ্যে, কাজে যোগদানের আগে অন্য সূত্র থেকে উপার্জনের প্রমাণ দাখিল করতে হবে।

ডাকঘর হিসেবে কাজ চালানোর উপযোগী জায়গার ব্যবস্থা করতে হবে ব্রাঞ্চ পোস্ট মাস্টার পদে নির্বাচিত প্রার্থীকেই এবং সে-বাবদ খরচও বহন করতে হবে সংশ্লিষ্ট ব্রাঞ্চ পোস্ট মাস্টারকে।

গ্রামীণ ডাক সেবক (ব্রাঞ্চ পোস্ট মাস্টার) পদে নির্বাচিতদের ২৫,০০০ টাকা এবং ব্রাঞ্চ পোস্ট মাস্টার ছাড়া অন্য ডাক সেবকদের ১০,০০০ টাকা ফিডেলিটি গ্যারান্টি বন্ড বা ন্যাশনাল সেভিংস সার্টিফিকেটের মাধ্যমে ডাক বিভাগে জমা রাখতে হবে।

ডাক সেবকদের এমন কোনও এজেন্সির সঙ্গে যুক্ত থাকা চলবে না যার কাজকর্ম ডাক বিভাগের কাজের পক্ষে ক্ষতিকারক হয়ে দাঁড়ায়।

ডাক সেবকরা তাঁদের কাজের বিনিময়ে অ্যালাওয়েন্স পাবেন। পদ অনুসারে অ্যালাওয়েন্সের পরিমাণ: ব্রাঞ্চ পোস্ট মাস্টার: ২,৭৪৫-৪,২৪৫ টাকা, মেল ডেলিভারার: ২,৬৬৫-৪,১৬৫ টাকা, মেলম্যান: ২,২৯৫-৩,৬৯৫ টাকা, প্যাকার: ২,২৯৫-৩,৬৯৫ টাকা, স্ট্যাম্প ভেন্ডর: ২,৬৬৫-৪,১৬৫ টাকা।

প্রার্থী বাছাই হবে মাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে স্বয়ংক্রিয় পদ্ধতিতে তৈরি মেধা তালিকা অনুসারে। মাধ্যমিকের প্রতিটি বিষয়েই পাশ নম্বর থাকতে হবে। একাধিক প্রার্থীর একই নম্বর থাকলে বয়সের নিরিখে (উচ্চতর বয়সের প্রার্থীরা অগ্রগণ্য) মেধা তালিকা তৈরি হবে।

অনলাইন আবেদন করতে হবে ৪ মে-র মধ্যে। অনলাইন আবেদনের জন্য প্রথমে নাম রেজিস্টার করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: https://indiapost.gov.in, http://appost.in/gdsonline রেজিস্টার করার পরে রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। এটি টুকে রাখবেন।

ফি বাবদ সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের ১০০ টাকা জমা দিতে হবে নিকটবর্তী কোনও পোস্ট অফিসে। নির্দিষ্ট পোস্ট অফিসগুলির তালিকা পাবেন এই ওয়েবসাইটে: http://appost.in/gdsonline পোস্ট অফিসের কাউন্টারে রেজিস্ট্রেশন নম্বরটি জানাতে হবে। মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না।

রেজিস্ট্রেশন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফি পেমেন্ট নম্বর উল্লেখ করে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://indiapost.gov.in দরখাস্তে পছন্দের ক্রমানুসারে পদের নাম উল্লেখ করা যাবে।

দরখাস্তে এইসব নথিপত্র জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করে আপলোড করতে হবে: (১) মাধ্যমিকের মার্কশিট বা সার্টিফিকেট। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (২) কম্পিউটার সার্টিফিকেট (থাকলে)। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (৩) প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট। ফাইল সাইজ হতে হবে ২০০ কেবি-র মধ্যে। (৪) ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ কেবি সাইজের মধ্যে)। (৫) সই (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ৫০ কেবি সাইজের মধ্যে) (৬) দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (২০০ কেবি সাইজের মধ্যে)।

নির্বাচিত হলে প্রার্থী ডাক বিভাগ থেকে এস এম এস ও ই-মেল পাবেন।

খুঁটিনাটি তথ্য এবং অঞ্চল অনুসারে শূন্যপদের তালিকা দেখা যাবে উপরোক্ত দুই ওয়েবসাইটে। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন ওয়েস্ট বেঙ্গল সার্কেলের এই হেল্প ডেস্ক নম্বরে ০৩৩-২২১২-০৫৭৮। তথ্যের জন্য মেল করতে পারেন এই ই-মেল অ্যাড্রেসেও: gdsrecttenquiry450@gmail.com

# ইসরোয় ১৭১

## জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট ও স্টেনোগ্রাফার

*প্রথম পাতার পর*

তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৪, ও বি সি ২)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধী, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্ত এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ব্যাঙ্গালোর: ৬১টি (সাধারণ ৩৪, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৪)। এর মধ্যে শ্রবণসংক্রান্ত এবং অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্তদের জন্য ১টি করে শূন্যপদ এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৫টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। হায়দরাবাদ: ১৬টি (সাধারণ ১০, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। নিউ দিল্লি: ১টি (সাধারণ)। শ্রীহরিকোটা: ২৫টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্তদের জন্য ১টি এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য ৩টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। তিরুবনন্তপুরম: ৪৪টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৫, ও বি সি ১১)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত ও শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধী বা সেরিব্রাল পালসি আক্রান্তদের জন্য সংরক্ষিত থাকবে।

পোস্ট নম্বর ২: **স্টেনোগ্রাফার:** ডিপার্টমেন্ট অব স্পেস: ব্যাঙ্গালোর: ৫টি (সাধারণ ৪, ও বি সি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ নম্বর-সহ আর্টস বা কমার্স বা ম্যানেজমেন্ট বা সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ কমার্শিয়াল বা সেক্রেটারিয়াল প্র্যাকটিসে ডিপ্লোমা, সঙ্গে স্টেনো-টাইপিস্ট বা স্টেনোগ্রাফার হিসেবে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। উভয় ক্ষেত্রেই শর্টহ্যান্ডে ইংরেজিতে প্রতি মিনিটে ৮০টি শব্দ লেখার দ্রুততা থাকতে হবে এবং কম্পিউটারের ব্যবহার জানতে হবে।

**বয়স:** ৩০-৪-২০১৮ তারিখে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দক্ষ খেলোয়াড়, প্রাক্তন সমরকর্মী, দৈহিক প্রতিবন্ধী, বিধবা, বিবাহবিচ্ছিন্না বা আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মূল বেতন:** প্রতি মাসে ২৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষার তারিখ ১২ অগস্ট। জুলাই মাসের শেষ সপ্তাহ বা অগস্ট মাসের প্রথম সপ্তাহে প্রাথমিক তালিকাভুক্ত প্রার্থীদের ই-মেলে লিখিত পরীক্ষার কললেটার পাঠানো হবে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ ও ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন থাকবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের স্কিল টেস্ট নেওয়া হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in দরখাস্ত করার শেষ দিন ৩০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানের মাধ্যমে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালান ডাউনলোড করার তিন দিনের মধ্যে ফি জমা দিতে হবে। অনলাইনে ফি জমা দিলে ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২ মে। মহিলা প্রার্থী, তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি লাগবে না।

পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্য পুলিশে ১৫২৭ সাব-ইনস্পেক্টর

*প্রথম পাতার পর*

১৪, ও বি সি-বি ১১)। আর্মড ব্রাঞ্চ: পুরুষ: ৩৩৩টি (সাধারণ ১৬৭, তফসিলি জাতি ৯১, তফসিলি উপজাতি ১৯, ও বি সি-এ ৩০, ও বি সি-বি ২৬)।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীকে বাংলা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে (দার্জিলিং ও কালিম্পং জেলার বিভিন্ন সাব-ডিভিশনের স্থায়ী বাসিন্দাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)। **দৈহিক মাপজোক:** আন-আর্মড ব্রাঞ্চ: উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে অন্তত ১৬৭ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৯ সেমি ও ৮৪ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি)। ওজন অন্তত ৫৬ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৫২ কেজি)। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা ১৬০ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৫৫ সেমি)। ওজন অন্তত ৪৮ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ৪৫ কেজি)। আর্মড ব্রাঞ্চ: উচ্চতা: ১৭৩ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে ১৬৩ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৮৬ সেমি ও ৯১ সেমি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে যথাক্রমে ৮১ সেমি ও ৮৬ সেমি)। ওজন অন্তত ৬০ কেজি (গোর্খা, রাজবংশী এবং তফসিলি উপজাতিদের ক্ষেত্রে অন্তত ৫৪ কেজি)।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা, দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, ফাইনাল কম্বাইন্ড কম্পিটিটিভ পরীক্ষা এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। সবশেষে মেডিক্যাল এগ্জামিনেশন। মনে রাখবেন, প্রিলিমিনারি পরীক্ষা শুধু একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। ফাইনাল পরীক্ষা এবং ইন্টারভিউয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে।

প্রিলিমিনারি লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (১০০ নম্বর), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (৫০ নম্বর) এবং অ্যারিথমেটিক (৫০ নম্বর) বিষয়ে। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। দৈহিক মাপজোক যাচাইয়ের পর দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৩ মিনিটে ৮০০ মিটার (মহিলাদের ক্ষেত্রে ২ মিনিটে ৪০০ মিটার) দৌড়।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় উত্তীর্ণরা ফাইনাল লিখিত পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। ২০০ নম্বরের ফাইনাল পরীক্ষা নেওয়া হবে তিনটি পত্রে। পেপার-ওয়ানে প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ (৫০ নম্বর), লজিক্যাল অ্যান্ড অ্যানালিটিক্যাল রিজনিং (২৫ নম্বর) এবং অ্যারিথমেটিক (২৫ নম্বর) বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা।

পেপার-টুতে থাকবে ইংরেজিতে ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, ইংরেজি ব্যাকরণ, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন। মোট নম্বর ৫০। সময়সীমা ১ ঘণ্টা। পেপার থ্রিতে (৫০ নম্বর) নেওয়া হবে বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালির মধ্যে যে-কোনও একটি ভাষার পরীক্ষা। থাকবে রিপোর্ট লেখা এবং ইংরেজি থেকে বাংলা বা নেপালি অথবা হিন্দি বা উর্দু থেকে বাংলা ভাষায় ট্রানস্লেশন। সময়সীমা ১ ঘণ্টা।

লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে পার্সোন্যালিটি টেস্টের (৩০ নম্বর) জন্য। সবশেষে মেডিক্যাল এগ্জামিনেশন।

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.policewb.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ৫ মে। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর রঙিন পাসপোর্ট (৪.৫×৩.৫ সেমি) মাপের ফটো (অবশ্যই সাদা রঙের ব্যাকগ্রাউন্ড হতে হবে, ১০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং ১.৭×৯.২ সেমি মাপের সই (৫ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। দরখাস্তের ওপর অ্যাপ্লিকেশন সিরিয়াল নম্বর আছে কিনা দেখে নেবেন। দরখাস্তের বয়ান পূরণ করবেন যথাযথভাবে।

এছাড়াও পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড স্বীকৃত সহজ মিত্র কেন্দ্রের মাধ্যমে অতিরিক্ত ২৩ টাকার বিনিময়ে অনলাইন দরখাস্ত করা যাবে।

ফি বাবদ দিতে হবে ২৭০ টাকা (পশ্চিমবঙ্গের তফসিলি প্রার্থীদের ক্ষেত্রে কেবল প্রসেসিং ফি বাবদ ২০ টাকা)। অনলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ই-ওয়ালেটের মাধ্যমে। এক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ দিতে হবে অতিরিক্ত ৫ টাকা। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। অনলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমেও। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। এক্ষেত্রে অতিরিক্ত সার্ভিস চার্জ লাগবে। চালান ডাউনলোড করার ২টি কাজের দিনের পর ফি জমা দিতে হবে ইউ বি আই-এর যে-কোনও ব্রাঞ্চে। ফি জমা দেওয়ার পর ওয়েবসাইটে পুনরায় লগ-ইন করে ফি জমা-সংক্রান্ত তথ্য দিয়ে দরখাস্ত সাবমিট করবেন এবং সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। ফি জমা দেওয়ার পর চালানের তথ্য-সহ অনলাইন আবেদনপত্র পূরণ করে সাবমিটের শেষ তারিখ ১০ মে।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়া যাবে ই-পেমেন্ট সুবিধাযুক্ত যে-কোনও পোস্ট অফিসে, ইন্ডিয়া পোস্ট চালানের মাধ্যমে। ফি দিতে হবে 'West Bengal Police Recruitment Board'-এর অনুকূলে। এক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ১০ টাকা দিতে হবে। ফি জমা দিয়ে পাওয়া রিসিপ্ট দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। এছাড়াও ডাউনলোড করে নেওয়া ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। চালান ডাউনলোড করার ২টি কাজের দিনের পর ফি জমা দেওয়া যাবে। এক্ষেত্রে ফি জমা দিয়ে পাওয়া চালানের রিক্রুটমেন্ট বোর্ডের অংশটি দরখাস্তে সেঁটে দেবেন।

অফলাইন আবেদনের ক্ষেত্রে ফি জমা দেওয়ার নথি-সহ পূরণ করা দরখাস্ত ৩২×২২ সেমি মাপের খামে ভরে পাঠিয়ে দেবেন এই ঠিকানায়: Chairman, West Bengal Police Recruitment Board, Araksha Bhaban, 5th floor, Block-DJ, Sector-II, Salt Lake City, Kolkata-700 091. খামের ওপর 'NAME OF THE RECRUITMENT, NAME OF THE POST, APPLICATION SERIAL NO.' লিখে দেবেন। দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ৫ মে।

অনলাইন আবেদনের ক্ষেত্রে লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.policewb.gov.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টার মধ্যে (শনিবার দুপুর ২টোর মধ্যে) যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৭০৪৪১০৮৬৮৯/৭০৪৪১০৯৩৪৬। অথবা ই-মেল করতে পারেন এই ঠিকানায়: wbprbonline@applythrunet.co.in

## ফল বেরোল

**বিজ্ঞপ্তি নম্বর 11 of 2017** অনুসারে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনে ডেপুটি ম্যানেজার পদে নিয়োগের ফল প্রকাশিত হয়েছে এই ওয়েবসাইটে: www.mscwb.org

□

**বিজ্ঞপ্তি নম্বর 1 of 2018** অনুসারে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত হেলথ অফিসার পদে নিয়োগের পার্সোন্যালিটি টেস্ট নেওয়া হবে ১৭ এপ্রিল থেকে। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.mscwb.org

# কৃষিপ্রযুক্তি সহায়ক পদের ইন্টারভিউ শুরু ২৩ এপ্রিল

## ডাক পাচ্ছেন ৪৬৫১ প্রার্থী

**নিজস্ব প্রতিনিধি:** কৃষিপ্রযুক্তি সহায়কের দু'দফার লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ৪,৬৫১ জন প্রার্থীর নাম প্রকাশ করল পাবলিক সার্ভিস কমিশন। চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য ইন্টারভিউ শুরু হবে ২৩ এপ্রিল। চলবে ১৯ জুলাই পর্যন্ত। ইন্টারভিউয়ের জন্য নির্বাচিতদের তালিকা দেখা যাবে এই ওয়েবসাইটে: www.pscwbonline gov.in

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে ৮০০ জন কৃষিপ্রযুক্তি সহায়ক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল ২০১৬-য়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1243-F(P). প্রিলিমিনারি ও ফাইনাল লিখিত পরীক্ষা নিয়েছিল রাজ্য স্টাফ সিলেকশন কমিশন। কিন্তু প্রার্থী বাছাইয়ের প্রক্রিয়া সম্পূর্ণ করতে পারেনি এস এস সি। ২০১৭-র অগস্টে এই নিয়োগকারী সংস্থাটিকে তুলে দেয় রাজ্য সরকার। কৃষিপ্রযুক্তি সহায়ক নিয়োগের প্রক্রিয়া পরিচালনার দায়িত্ব ফেরত পায় পি এস সি।

কমিশনের তরফে জানানো হয়েছে, ২৩ এপ্রিল থেকে নির্দিষ্ট দিনগুলিতে দু'টি অর্ধে ইন্টারভিউ চলবে। প্রথমার্ধের ইন্টারভিউ শুরু হবে সকাল সোয়া ১০টায়, দ্বিতীয়ার্ধের ইন্টারভিউ শুরু হবে দুপুর ১২টায়। ইন্টারভিউয়ে ডাক পাওয়া প্রার্থীরা কললেটার ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.pscwb application.in সমস্ত মূল সার্টিফিকেট সঙ্গে নিয়ে কললেটারে উল্লেখ করা তারিখে ইন্টারভিউ কেন্দ্রে উপস্থিত থাকবেন।

ইন্টারভিউয়ের তারিখ বদলের সুযোগ নেই।

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দক্ষিণ ২৪ পরগনায় স্বাস্থ্যকর্মী

স্টাফ নার্স, ল্যাবরেটরি টেকনিশিয়ান, মেডিক্যাল অফিসার-সহ বিভিন্ন পদে ৫৭ জন স্বাস্থ্যকর্মী নিয়োগ করবে দক্ষিণ চব্বিশ পরগনা জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল হেলথ মিশন, ন্যাশনাল টিউবারকুলোসিস কন্ট্রোল প্রোগ্রাম, ন্যাশনাল আর্বান হেলথ মিশন-সহ বিভিন্ন সরকারি স্বাস্থ্য প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CMOH (SPG)/DH&FWS/3944.

শূন্যপদের বিবরণ: **স্টাফ নার্স (এন ইউ এইচ এম)**: ১৯টি (সাধারণ ২, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ৩)। শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান (এন ইউ এইচ এম)**: ১০টি (সাধারণ ১, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ২)। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক। সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি বা এ আই সি টি ই স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা। এম এস অফিস, ইন্টারনেট-সহ কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৯,৩৮০ টাকা।

**মেডিক্যাল অফিসার (এন ইউ এইচ এম)**: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। অবশ্যই ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। উচ্চশিক্ষাপ্রাপ্ত প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। প্রার্থীকে অবশ্যই পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ৬৬ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪০,০০০ টাকা।

**কালা-আজার টেকনিক্যাল সুপারভাইজার**: ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতকস্তরে বায়োলজি পড়ে থাকতে হবে। সঙ্গে বৈধ টু-হুইলার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ৫০ থেকে ৬২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,৭২০ টাকা।

**লেডি কাউন্সেলর (এ এফ এইচ সি)**: ৩টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: সাইকোলজি বা সোশ্যাল ওয়ার্ক বা সোশিওলজি বা অ্যানথ্রপলজি বা হিউম্যান ডেভেলপমেন্টে স্নাতক। এই বিষয়গুলির যে-কোনও একটিতে স্নাতকোত্তর ডিগ্রি এবং এম এস অফিস সম্পর্কে জ্ঞান থাকলে অগ্রাধিকার। সরকারি ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকলেও অগ্রাধিকার পাওয়া যাবে। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,৫৬০ টাকা।

**মেডিক্যাল অফিসার-এ এফ এইচ সি (অ্যাডোলেসেন্ট হেলথ)**: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস। অবশ্যই মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া বা ওয়েস্ট বেঙ্গল মেডিক্যাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। গাইনিকোলজি অ্যান্ড অবস্টেট্রিক্স বা পেডিয়াট্রিক্সে স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪০,০০০ টাকা।

**সিনিয়র টিউবারকুলোসিস ল্যাবরেটরি সুপারভাইজার**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সঙ্গে ওয়েস্ট বেঙ্গল স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিতে ডিপ্লোমা বা সমতুল। কম্পিউটার অপারেশনে অন্তত ২ মাস মেয়াদের কোর্স করে থাকতে হবে। সব ক্ষেত্রেই ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। বৈধ টু-হুইলার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। রিভাইজড ন্যাশনাল টিউবারকুলোসিস কন্ট্রোল প্রোগ্রামের কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। সংশ্লিষ্ট জেলার বাসিন্দারা অগ্রাধিকার পাবেন। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,৭২০ টাকা।

**টিউবারকুলোসিস হেলথ ভিজিটর**: ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। অথবা উচ্চমাধ্যমিক, সঙ্গে মাল্টিপারপাস ওয়ার্কার বা লেডি হেলথ ভিজিটর বা এ এন এম বা হেলথ ওয়ার্কারের সার্টিফিকেট কোর্স করে থাকতে হবে। অথবা স্বীকৃত প্রতিষ্ঠান থেকে টিউবারকুলোসিস হেলথ ভিজিটর কোর্স করে থাকতে হবে। এর পাশাপাশি অন্তত ১ মাস মেয়াদের কম্পিউটার অপারেশনের কোর্স করে থাকতে হবে। সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। মাল্টিপারপাস ওয়ার্কার বা স্যানিটারি ইন্সপেক্টর কোর্স করে থাকলে অগ্রাধিকার। সংশ্লিষ্ট জেলার প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স: ৩১-৩-২০১৮ তারিখে ২১ থেকে ৬২ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৩,৫৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in অনলাইন আবেদনের শেষ তারিখ ২০ এপ্রিল। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, আবেদনের সময় প্রার্থীর ফটো এবং সই আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ডিমান্ড ড্রাফটটি 'District Health & Family Welfare Samity South 24 Parganas'-এর অনুকূলে 'Service Branch, Kolkata'-য় প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফটের পিছনে প্রার্থীর নাম, অনলাইন রেজিস্ট্রেশন নম্বর, কাস্ট ক্যাটেগরি এবং যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্তের প্রিন্ট আউট-ভরা খামের ওপর প্রার্থীর নাম, অনলাইন রেজিস্ট্রেশন নম্বর, কাস্ট ক্যাটেগরি এবং যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে ৪ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Secretary, DH & FW Samity and C.M.O.H. South 24 Parganas, Administrative Building (2nd Floor), M.R. Bangur Hospital Complex, 241, Deshapran Sashmal Road, Tollygunge, Kolkata 700 033, W.B. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.spghealth.gov.in বা www.s24pgs.gov.in

# ন্যাশনাল সিডস কর্পোরেশনে ১৬৯

*প্রথম পাতার পর*

অ্যাগ্রোনমি, সিড টেকনোলজি, প্ল্যান্ট ব্রিডিং অ্যান্ড জেনেটিক্স, এগ্রিকালচারাল এন্টোমোলজি, প্ল্যান্ট প্যাথোলজি— যে-কোনও একটিতে স্পেশ্যালাইজেশন-সহ এগ্রিকালচারে এম এসসি ডিগ্রি। উভয় ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। পাশাপাশি, এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**মার্কেটিং**: শূন্যপদ: ৯টি। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারের বি এসসি, সঙ্গে মার্কেটিং বা এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**হিউম্যান রিসোর্স**: শূন্যপদ: ৭টি। **শিক্ষাগত যোগ্যতা**: পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশন বা লেবার ওয়েলফেয়ার বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। উভয় ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এ ছাড়া এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকতে হবে।

**ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্ট**: শূন্যপদ: ৭টি। **শিক্ষাগত যোগ্যতা**: সি এ বা সি এম এ বা আই সি ডব্লু এ পাশ করে থাকতে হবে। অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। উভয় ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সেই সঙ্গে এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**সিনিয়র ট্রেনি: মার্কেটিং**: শূন্যপদ: ৪৮টি। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারের বি এসসি অথবা এগ্রি বিজনেস ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন-সহ এম বি এ। সেই সঙ্গে মার্কেটিং ম্যানেজমেন্ট বা সেলস ম্যানেজমেন্টে ১ বছরের ডিপ্লোমা। পাশাপাশি, এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**ট্রেনি: এগ্রিকালচার**: শূন্যপদ: ২৭টি। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারের বি এসসি। সেই সঙ্গে এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**হিউম্যান রিসোর্স**: শূন্যপদ: ২২টি। **শিক্ষাগত যোগ্যতা**: বি বি এ বা বি সি এ। অথবা পার্সোনেল ম্যানেজমেন্টে বি এ ডিগ্রি। অথবা মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে পার্সোনেল ম্যানেজমেন্ট বা ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস বা লেবার ল বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে ১ বছরের ডিপ্লোমা। সব ক্ষেত্রেই এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকতে হবে। পাশাপাশি, ইংরেজিতে মিনিটে ৪০টি শব্দ বা হিন্দিতে মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। হিন্দি টাইপিং জানা থাকলে অগ্রাধিকার। হিন্দি টাইপিং জানা না থাকলে ট্রেনিং চলাকালীন শিখে নিতে হবে।

**অ্যাকাউন্টস**: শূন্যপদ: ১১টি। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ বি কম। এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকা বাধ্যতামূলক।

**স্টোর**: শূন্যপদ: ১১টি। **শিক্ষাগত যোগ্যতা**: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ এগ্রিকালচারে বি এসসি অথবা যে-কোনও শাখায় স্নাতক ডিগ্রি-সহ মেটেরিয়ালস ম্যানেজমেন্ট বা ইনভেন্টরি ম্যানেজমেন্ট বা স্টোর্স ম্যানেজমেন্টে ১ বছরের ডিপ্লোমা। পাশাপাশি, এম এস অফিস বিষয়ক কম্পিউটার-জ্ঞান থাকতে হবে।

**বয়স**: ম্যানেজমেন্ট ট্রেনির ক্ষেত্রে ২৫ বছরের মধ্যে, সিনিয়র ট্রেনি ও ট্রেনি পদের ক্ষেত্রে ২৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড**: ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ৪১,৩৬০ টাকা, সিনিয়র ট্রেনি পদের ক্ষেত্রে ২২,৭৪৮ টাকা এবং ট্রেনি পদের ক্ষেত্রে ১৭,৫৭৮ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.indiaseeds.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৫ মে। খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

ক্রিমিনোলজি অ্যান্ড ফরেন্সিক সায়েন্স, গ্রিন এনার্জি টেকনোলজি, ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাশিওরেন্স ইন ফুড ইন্ডাস্ট্রি এবং ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে পন্ডিচেরি বিশ্ববিদ্যালয়।

**কোর্সের বিবরণ: ক্রিমিনোলজি অ্যান্ড ফরেন্সিক সায়েন্স (কোর্স কোড ৪৮৪)**: আসনসংখ্যা: ২০টি। এর মধ্যে ৫টি আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

**ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস (কোর্স কোড ৪৮৫)**: আসনসংখ্যা: ২০টি। এর মধ্যে ৫টি আসন স্পনসর্ড প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক।

**গ্রিন এনার্জি টেকনোলজি (কোর্স কোড ৪৮৩)**: আসনসংখ্যা: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা সিভিল বা ইলেকট্রনিক্স বা কেমিক্যাল বা বায়োটেকনোলজিতে বি ই বা বি টেক। অথবা ফিজিক্স বা কেমিস্ট্রি বা মেটেরিয়াল সায়েন্স বা ন্যানোসায়েন্সে এম এসসি। অথবা ফোটোনিক্সে এম এসসি, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাশিওরেন্স ইন ফুড ইন্ডাস্ট্রি (কোর্স কোড ৪৮২)**: আসনসংখ্যা: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফুড সায়েন্স অ্যান্ড নিউট্রিশন বা ফুড সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা বায়োটেকনোলজি বা মাইক্রোবায়োলজিতে এম এসসি অথবা ফুড টেকনোলজি বা বায়োটেকনোলজিতে এম টেক। ফুড টেকনোলজি বা বায়োটেকনো-লজিতে বি টেক-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতাসম্পন্নরাও আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। প্রবেশিকা পরীক্ষা ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস এবং গ্রিন এনার্জি টেকনোলজি বিষয়ের ক্ষেত্রে ২৬ মে, ক্রিমিনোলজি বিষয়ের ক্ষেত্রে ২৫ মে এবং ফুড সেফটি অ্যান্ড কোয়ালিটি অ্যাসিওরেন্স ইন ফুড ইন্ডাস্ট্রির ক্ষেত্রে ২৭ মে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pondiuni.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৪ এপ্রিল। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০ থেকে ৬০ কেবি সাইজের মধ্যে) এবং সই (১০ থেকে ৩০ কেবি সাইজের মধ্যে), প্রয়োজন ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট এবং দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে। ফি বাবদ অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং অথবা অফলাইনে ব্যাঙ্ক চালানের মাধ্যমে দিতে হবে ৪০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১০০ টাকা)।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


## MSME - TOOL ROOM, KOLKATA

(Central Tool Room & Training Centre)
Ministry of MSME, Govt. of India
Bon Hooghly Industrial Area, Kolkata-700 108
Ph.: 2578-8769/9330193304/9830487179, Fax: 2577-2494, E-Mail: cttc@cal.vsnl.net.in

CTTC — ISO 9001 : 2015, OHSAS 18001 : 2007 CERTIFIED

### ADMISSION NOTICE

### DIPLOMA IN TOOL & DIE MAKING COURSE

Applications are invited in the prescribed form from interested Candidates for admission to "Four Years Diploma in Tool & Die Making Course" for the session starting from August, 2018 (49th Batch).

The course is approved by AICTE and recognised by State Council for Engineering & Technical Education, Govt. of West Bengal. Department of Higher Education, Govt. of West Bengal recognized the course for admission to under graduate Engineering and Technical courses in Mechanical and Production in West Bengal under Lateral Entry Scheme.

**Placement assistance to all successful trainees is provided**

**Eligibility**

Matriculation or equivalent Examinations from a recognised Board/School with minimum 50% marks for General Candidates and 40% marks for SC/ST Candidates in aggregate.

**Age**

Between 15 to 19 years for General Candidates (Born in between 31.07.1999 – 01.08.2003) and relaxable to 21 years for SC/ST Candidates (Born in between 31.07.1997 – 01.08.2003) age as on 01.08.2018.

**SELECTION**

Selection will be done through **Written Test at MSME Tool Room, Kolkata on 24th June, 2018 (Sunday) at 10 a.m.** The written test which comprises of objective type questions. Result will be available on 27th June, 2018 in our website and also will be displayed at Centre's Notice Boards.

**HOW TO APPLY**

Prospectus with application form to be collected from the Training Cell of the Centre. The form will be available from 09-04-2018 by paying **₹ 1,000/- for General candidates (₹ 500/- for SC/ST/PWD-OH)** or by post by sending Demand Draft of **₹ 1,100/- for General Candidates (₹ 600/- for SC/ST/PWD-OH)** in favour of **"Central Tool Room & Training Centre"** payable at Kolkata. National Institute for Orthopedically Handicapped, B. T. Road, Kolkata – 700 090 will select & sponsor 5 nos. PWD-OH Candidates.

Last Date of Issue and Submission of application form is 11/06/2018.

For further details visit our Website: www.msmetoolroomkolkata.com

Vist www.banglajobgude.tk http://t.me/SuccessSummit Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# দুর্গাপুর স্টিল প্ল্যান্ট হসপিটালে ১৩০ নার্সকে প্রশিক্ষণ

১৩০ জন প্রশিক্ষিত নার্সকে 'প্রফিশিয়েন্সি ট্রেনিং' দেবে দুর্গাপুর স্টিল প্ল্যান্ট হসপিটাল। এটি ৬০০ শয্যাবিশিষ্ট একটি মাল্টি-স্পেশ্যালিটি হাসপাতাল। প্রশিক্ষণের মেয়াদ দেড় বছর। প্রশিক্ষণ দেওয়া হবে আই সি ইউ, এন আই সি ইউ, সার্জারি, অর্থোপেডিক্স-সহ বিভিন্ন বিভাগে। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থী বাছাই করা হবে একটি ওয়াক-ইন-ইন্টারভিউ-এর মাধ্যমে। ইন্টারভিউ ২২ এপ্রিল, দুর্গাপুর স্টিল প্ল্যান্ট হসপিটালে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DSP/M&HS/2018/PT(N)-1.

আসনসংখ্যা: ১৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে নার্সিংয়ে বি এসসি বা জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। সঙ্গে স্টেট নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। তবে, রেজিস্ট্রেশন সার্টিফিকেট না থাকলেও আবেদন করা যাবে। সেক্ষেত্রে প্রশিক্ষণ শুরুর তিন মাসের মধ্যে রেজিস্ট্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে। বয়স: ২২-৪-২০১৮ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৮,০০০ টাকা। সঙ্গে নলেজ এনহ্যান্সমেন্ট অ্যালাওয়েন্স।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউ এবং শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে। ওয়াক-ইন-ইন্টারভিউ ২২ এপ্রিল, সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Director's Conference Hall, Durgapur Steel Plant (DSP) Main Hospital, Durgapur-713205.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.sail.co.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে। পূরণ করা দরখাস্ত স্ক্যান করে ২০ এপ্রিলের মধ্যে পাঠাতে পারেন এই ই-মেল আই ডি-তে: dspintake@saildsp.co.in

## ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন

- ✓পূরণ করা দরখাস্ত।
- ✓প্রার্থীর পাঁচ কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো। এর মধ্যে ১টি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা একটি আন্ডারটেকিং (অ্যানেক্সচার-এ)।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓স্টেট নার্সিং কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ইন্টার্নশিপ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓প্রার্থীর পরিচয়পত্র হিসেবে ভোটার কার্ড বা প্যান বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

ওয়াক-ইন-ইন্টারভিউয়ের দিন উপরোক্ত নথিপত্রের ২ কপি স্বপ্রত্যয়িত নকল এবং মূল কপি সঙ্গে নিয়ে যাবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ডি সি দাস, ডি এম: ৯৪৩৪৭৯১৩৮০।

# পিওন পদে বি টেক, এম টেক

**নিজস্ব প্রতিনিধি:** যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পিওনের চাকরি। বেতন মাসে ১৫ হাজার টাকা। শূন্যপদ ৭০টি। শিক্ষাগত যোগ্যতা ক্লাস এইট পাশ। অথচ এই চাকরির জন্য ১১ হাজার দরখাস্তকারীর মধ্যে রয়েছেন অনার্স গ্র্যাজুয়েট, বি টেক, এম টেক পড়ুয়া, এমনকী গবেষকও। বিশ্ববিদ্যালয় সূত্রেই জানা গিয়েছে এ তথ্য।

## বেসরকারি ক্ষেত্রে এখনই কয়েক লক্ষ দক্ষ লোকের দরকার

পিওনের চাকরির জন্য উচ্চশিক্ষিতদের এই আকুতি ইতিমধ্যে আলোড়ন তুলেছে বিভিন্ন মহলে। এক কথায় একে চাকরির বাজারে তীব্র মন্দারই প্রতিফলন বলে মনে করছেন শিক্ষাবিদরা।

আবার, মাসমাইনের নিশ্চিন্ত নিরাপত্তার মানসিকতাও ফুটে ওঠে এরকম ঘটনার মধ্যে দিয়ে, মনে করেন বণিকসভা বি এন সি সি আইয়ের ডেপুটি সেক্রেটারি এম এন মাইতি। তাঁর মতে শিক্ষার্জিত জ্ঞানটাকে বরং কাজে লাগানোই ভালো। স্বনির্ভরতা অর্জন সেক্ষেত্রে আর্থিক মুক্তির একটা বড় পথ হয়ে উঠতে পারে।

বন্ধন-এ 'এমপ্লয়িং দ্য আনএমপ্লয়েড প্রোগ্রাম'-এর সিনিয়র অফিসার কাজল নন্দী জানালেন, বিশেষ বিশেষ ক্ষেত্রে চাকরি থাকলেও কাজ জানা লোক পাওয়া যায় না। তিনি বলেন, রিটেল সেক্টরের বিভিন্ন স্তরে এখনও কয়েক লক্ষ লোকের দরকার রয়েছে। এইসব ক্ষেত্রে চাকরির জন্য নিজের দক্ষতা বৃদ্ধিও একটি জরুরি বিষয়। যদিও সাম্প্রতিক ছবিটা বলছে বাঙালি এখনও সরকারি চাকরির ঘেরাটোপেই খুঁজে চলেছে জীবনযাপনের নিরাপত্তা। তাতে যদি বহু কষ্টে অর্জিত শিক্ষাগত যোগ্যতার সঙ্গেও আপস করতে হয়, তবে তাই সই।

# রামকৃষ্ণ মিশনে কারিগরি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ দেবে রামকৃষ্ণ মিশন শিল্পবিদ্যালয়। শুধু ছেলেরা ভর্তির জন্য আবেদন করবেন। বয়স হতে হবে ২২ বছরের মধ্যে।

অন্তত মাধ্যমিক পাশ তরুণরা ইলেক্ট্রনিক্স মেকানিক এবং অটোক্যাড-সহ ড্রাফটসম্যান (সিভিল বা মেকানিক্যাল) ট্রেডে প্রশিক্ষণ নিতে পারেন। কোর্সের মেয়াদ ২ বছর। প্রশিক্ষণ শেষে এন সি ভি টি সার্টিফিকেট পাওয়া যাবে। সুযোগমতো অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নেওয়া যেতে পারে।


অন্তত দশম শ্রেণি পর্যন্ত পড়াশোনা করে থাকলে ইলেক্ট্রিক্যাল ট্রেডে ১ বছরের প্রশিক্ষণ নেওয়া যাবে। এক্ষেত্রে সার্টিফিকেট দেবে রামকৃষ্ণ মিশন।

হস্টেলের ব্যবস্থা নেই। তবে প্রতিষ্ঠানের আশপাশে থাকার জন্য অনেক মেস আছে।

আবেদনের ফর্ম সংগ্রহ করতে হবে ৮ মে থেকে ৮ জুন বেলা ১১টা থেকে ৪টের মধ্যে (রবিবার বেলা ১টার মধ্যে। সোমবার প্রতিষ্ঠানের অফিস বন্ধ থাকে)।

পূরণ করা আবেদনপত্র ২২ মে থেকে ৯ জুনের মধ্যে প্রতিষ্ঠানের অফিসে জমা দিতে হবে। ঠিকানা: রামকৃষ্ণ মিশন শিল্পবিদ্যালয় (প্রাইভেট আই টি আই), পোঃ বেলুড় মঠ, হাওড়া-৭১১ ২০২। ওয়েবসাইট: www.rkmshilpavidyalaya.ac.in

ফুরোবার আগেই সংগ্রহ করুন




MENTOR THE MILLENNIUM ENGINEERS

SRM INSTITUTE OF SCIENCE & TECHNOLOGY

SRM Institute of Science and Technology is looking for dedicated faculty members to train the next generation engineers



Faculty of Engineering & Technology

**Positions:** • Professors • Associate Professors • Assistant Professors

- Aerospace
- Architecture
- Automobile
- Biomedical
- Biotechnology
- Chemical
- Electrical and Electronics
- Mechanical
- Mechatronics
- Nanotechnology
- Software
- Electronics and Instrumentation
- Electronics and Communication
- Computer Science
- Information Technology
- Civil
- Interior Design
- Food Process
- Genetic

Salary: As per 7th pay commission / SRMIST norms

This is a rolling advertisement. For more details with regard to salary, minimum qualifications, eligibility criteria, experience and other information, please refer to the link **Careers**, on our website **www.srmuniv.ac.in**. Interested candidates may apply online / submit the duly filled downloaded application by post on or before **05th May 2018** for first round of selection.

*For more details, please contact HR Department*
*044 – 27417124 / 27417123 or write to recruitment@srmuniv.ac.in*

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্টা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in